a) ৩ ঘন্টা b) ৩ ঘন্টা ২০ মিনিট
c) ৪ ঘন্টা ২০ মিনিট d) ৪ ঘন্টা ৪০ মিনিট
e) কোনটিই নয় ***ans.* D**

**Solution:** ধরি, দুটি মেশিনের প্রথমটি আগে কাজ শুরু করে

১ম মেশিন ৪ ঘন্টায় তৈরি করে = ৪,০০০ পিস

∴ ১ম মেশিন ১ ঘন্টায় তৈরি করে = $\frac{৪০০০}{৪}$ = ১,০০০ পিস

২য় মেশিন ১ ঘন্টায় তৈরি করে = $\frac{৪০০০}{৬} = \frac{২০০০}{৩}$ পিস

১ম ও ২য় মেশিন ২ ঘন্টায় তৈরি করে

= ১,০০০ + $\frac{২০০০}{৩} = \frac{৫০০০}{৩}$ পিস

আবার, ১ম ও ২য় মেশিন ৪ ঘন্টায় তৈরি করে

= $\frac{৫০০০}{৩} \times ২ = \frac{১০০০০}{৩}$ পিস

বাকি থাকে = ৪,০০০ - $\frac{১০০০০}{৩} = \frac{২০০০}{৩}$ পিস

পঞ্চম ঘন্টা ১ম মেশিন কাজ করবে

১ম মেশিন ১,০০০ পিস তৈরি করে = ১ ঘন্টা বা ৬০ মি

∴ ১ম মেশিন $\frac{২০০০}{৩}$ পিস তৈরি করে = $\frac{২০০০ \times ৬০}{১০০০ \times ৩}$ মিনিট

= ৪০ মিনিট

∴ মোট সময় লাগবে ৪ ঘন্টা ৪০ মিনিট।

**33.** ৩ সেন্টিমিটার, ৪ সেন্টিমিটার এবং ৫ সেন্টিমিটার বাহু বিশিষ্ট তিনটি একক ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরি করা হল। নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য কত হবে?

a) ৬ সেমি b) ৭ সেমি c) ৮ সেমি
d) ৯ সেমি e) কোনটিই নয় ***ans.* A**

**Solution:** ঘনকের আয়তন = (এক বাহুর দৈর্ঘ্য)$^৩$

∴ প্রথম ঘনকের আয়তন = ৩$^৩$ = ২৭ ঘন সেন্টিমিটার

∴ দ্বিতীয় ঘনকের আয়তন = ৪$^৩$ = ৬৪ ঘন সেন্টিমিটার

∴ তৃতীয় ঘনকের আয়তন = ৫$^৩$ = ১২৫ ঘন সেন্টিমিটার

নতুন ঘনকের আয়তন = ২৭ + ৬৪ + ১২৫

= ২১৬ ঘন সেন্টিমিটার

∴ নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য $a$ হলে, ক্ষেত্রফল = $a^৩$

প্রশ্নমতে, $a^৩$ = ২১৬

∴ $a = \sqrt[৩]{২১৬}$ = ৬ সেন্টিমিটার

**34.** Schengen চুক্তি হচ্ছে

a) বাণিজ্য চুক্তি b) অবাধ চলাচল সংক্রান্ত চুক্তি
c) করহাস করা চুক্তি d) অস্ত্রবিরতি চুক্তি
e) কোনটিই নয় ***ans.* B**

**Solution:** Schengen চুক্তিভুক্ত দেশগুলো হলোঃ বেলজিয়াম, ফ্রান্স, জার্মানি, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড। চুক্তিটি ১৯৮৫ সালে স্বাক্ষরিত হয়।

**35.** রাঙ্গামাটি পূর্বনাম কি ছিল?

a) ভুলুয়া b) হরিকেল c) খলিফাবাদ
d) সমতট e) কোনটিই নয় ***ans.* E**

**Solution:** রাঙ্গামাটির পূর্বনাম ছিলো কার্পাস মহল।

| প্রাচীন জনপদ | চন্দ্রদ্বীপ | হরিকেল | খলিফাবাদ | সমতট |
|---|---|---|---|---|
| বর্তমান অঞ্চল | বরিশাল | সিলেট ও চট্টগ্রামের অংশ বিশেষ | বাগেরহাট | কুমিল্লা ও নোয়াখালী |

**36.** কত তারিখে বাংলাদেশে 'কৃষি দিবস' উদযাপিত হয়?

a) পহেলা ফাল্গুন b) পহেলা চৈত্র
c) পহলো জৈষ্ঠ্য d) পহেলা অগ্রাহায়ণ
e) কোনটিই নয় ***ans.* D**

**Solution:** বাংলাদেশে প্রতি বছর ১ অগ্রহায়ণ জাতীয় কৃষি দিবস পালিত হয়। তাছাড়া বাংলাদেশের মানুষ বাংলা নববর্ষের প্রথম দিন পহেলা বৈশাখ উদযাপন করা।

**37.** ২০১৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন

a) William D. Nordhaus b) Paul M. Romer
c) Denis Mukwege d) A & C
e) কোনটিই নয় ***ans.* A & B**

**Solution:** ২০১৮ সালে দুই মার্কিন অর্থনীতিবিদ উইলিয়াম ডি. নরডাস এবং পল এম. রোমার অর্থনীতিতে পুরস্কার লাভ করেন। উল্লেখ্য, ২০২২ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন আলেস বিলিয়াতস্কি (বেলারুশের আইনজীবী) ও ২টি সংগঠন। সংগঠন দুটির নাম হলো: রাশিয়ার 'মেমোরিয়াল' এবং ইউক্রেনের 'সেন্টার ফর সিভিল লিবার্টিস (সিসিএল)। এরা শান্তি প্রতিষ্ঠায় ভূমিকা রাখায় শান্তিতে নোবেল পুরস্কার অর্জন করে।

Recent Publication



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**38. সুইজারল্যান্ড এর কেন্দ্রীয় ব্যাংকের নাম কি?**
a) ব্যাংক অব সুইজারল্যান্ড
b) সেন্ট্রাল ব্যাংক অব সুইজারল্যান্ড
c) রিজার্ভ ব্যাংক অব সুইজাল্যান্ড
d) সুইস ন্যাশনাল ব্যাংক
e) কোনটিই নয় **ans. D**

**39. বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ কোন অর্থবছরে শেষ হবে?**
a) ২০১৮-১৯ b) ২০১৯-২০ c) ২০২০-২১
d) ২০২১-২২ e) কোনটিই নয় **ans. B**

**Solution:** বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ২০১৬-২০ পর্যন্ত। উল্লেখ্য, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ২০২১ - ২০২৫ সাল। এই সময়ে দেশের প্রকৃত জিডিপি প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা ৮.৫১%।

**40. কম্পিউটারে ড্যাটাবেজ তৈরি করার জন্য নিচের কোন সফটওয়্যারটি সর্বাধিক উপযোগী?**
a) এম এস এক্সেল b) পাওয়ার পয়েন্ট
c) নোটপ্যাড d) এম এস এক্সেল
e) কোনটিই নয় **ans. E**

**41. 'ধর্মীয় স্বাধীনতা' বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত হয়েছে?**
a) ৩৮ নং b) ৩৯ নং c) ৪১ নং
d) ৪৩ নং e) কোনটিই নয় **ans. C**

**Solution:** উল্লেখ্য, বাংলাদেশ সংবিধানের ১৫৩ অনুচ্ছেদের দ্বিতীয় ভাগঃ রাষ্ট্র পরিচালনার মূলনীতির ১২ নং এ বলা আছে 'ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা'। কিন্তু তৃতীয় ভাগঃ মৌলিক অধিকারের ৪১ নং অনুচ্ছেদে আছে 'ধর্মীয় স্বাধীনতা'। কিন্তু সংবিধানের ২(ক) অনুচ্ছেদে রাষ্ট্র ধর্ম ইসলামের কথা বলা হয়েছে।

| অনুচ্ছেদ | বর্ণিত হয়েছে |
|---|---|
| ৩৮ নং | সংগঠনের স্বাধীনতা |
| ৩৯ নং | চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতা |
| ৪৩ নং | গৃহ ও যোগাযোগের রক্ষণ |

**42. বাংলাদেশের সংবিধান নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব দিয়েছে কাকে?**
a) হাইকোর্টকে b) সুপ্রীম কোর্টকে
c) জাতীয় সংসদকে d) আইন মন্ত্রণালয়কে
e) কোনটিই নয় **ans. A**

**Solution:** সংবিধানের চতুর্থ পরিচ্ছেদের ১০২ অনুচ্ছেদ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগকে মৌলিক অধিকার বলবৎ করার এখতিয়ার দিয়েছে। বাংলাদেশের সংবিধান অনুসারে প্রত্যেক বাংলাদেশীর মৌলিক অধিকার ১৮টি।

**43. আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?**
a) ১০ এপ্রিল ১৯৭১ b) ১৭ এপ্রিল ১৯৭১
c) ৭ মার্চ ১৯৭১ d) ২৬ মার্চ ১৯৭১
e) কোনটিই নয় **ans. A**

**44. 'দ্যা লিবারেশন অব বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা কে?**
a) মেজর জেনারেল রফিকুল ইসলাম
b) কর্ণেল রশিদ কবির
c) মেজর জেনারেল সুখওয়ান্ত সিং
d) কর্ণেল সিদ্দিক মালিক
e) কোনটিই নয় **ans. C**

**Solution:** মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ 'দ্যা লিবারেশন অব বাংলাদেশ' গ্রন্থের রচিয়তা মেজর জেনারেল সুখওয়ান্ত সিং। মেজর রফিকুল ইসলামের মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ গুলো হলো 'একাত্তর এর বিজয় গাথা, শেখ মুজিব ও স্বাধীনতা সংগ্রাম, লক্ষ প্রাণের বিনিময়ে, মুক্তিযুদ্ধ ও বুদ্ধীজীবি, মুক্তিযুদ্ধের ইতিহাস ও প্রতিরোধের প্রথম প্রহর'।

**45. মুক্তিযুদ্ধকালে ওয়াশিংটনে বাংলাদেশ মিশন খোলা হয় কার অধীনে?**
a) বিচারপতি আবু সাইদ চৌধুরী
b) বিচারপতি এ এস এম সায়েম
c) এম আর সিদ্দিকী
d) রবিশংকর ঘোষ
e) কোনটিই নয় **ans. C**

**Solution:**

| মিশন | যার অধীনে |
|---|---|
| যুক্তরাজ্য | বিচারপতি আবু সাইদ চৌধুরী |
| যুক্তরাষ্ট্র ও কানাডা | এম আর সিদ্দিকী |
| কলকাতা | এম হোসন আলী |
| দিল্লী | হুমায়ন রশিদ চৌধুরী |

**46. বাংলাদেশের জাতীয় সঙ্গীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে?**
a) বাংলার প্রকৃতির কথা b) বাংলার মানুষের কথা
c) বাংলার ইতিহাসের কথা d) বাংলার সংস্কৃতির কথা
e) কোনটিই নয় **ans. A**

**47. বাংলাদেশের বৃহত্তম রেল জংশন কোনটি?**
a) কমলাপুর রেল জংশন b) পার্বতীপুর রেল জংশন
c) আখাউড়া রেল জংশন d) ঈশ্বরদী রেল জংশন
e) কোনটিই নয় **ans. B**

**Solution:** বাংলাদেশের বৃহত্তম রেলওয়ে জংশন পার্বতীপুর। পার্বতীপুর চার লাইনের রেলওয়ে জংশন, অন্যদিকে ঈশ্বরদী তিন লাইনের রেলওয়ে জংশন।

**48. বেসরকারি খাতে দেশে স্থাপিত প্রথম বার্জমাউন্টেড বিদ্যুৎ কেন্দ্র কোনটি?**
a) ঢাকা বার্জমাউন্টেড b) খুলনা বার্জমাউন্টেড
c) পাবনা বার্জমাউন্টেড d) বরিশাল বার্জমাউন্টেড
e) কোনটিই নয় **ans. B**



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি**
**Assistant Complain Supervisor**
Total Marks: 100; Time: 60 Minutes;
Examination Held On: 22.03.2019

***Q. 01 – 05:** Find the best word to make the sentence correct.*

**01. Working under pressure and stress always bring the best in him.**
a) up b) in c) on
d) out e) No word is missing **ans. D**

**Solution:** Bring out best in him অর্থ যে কোন Situation এ সবচেয়ে বেশি ভালো করতে পারা। তাই উত্তর অপশন *d*). কিন্তু Bring up অর্থ লালন-পালন করা; বমন বা উদ্‌গিরণ করা। Bring in অর্থ উৎপন্ন করা; মুনাফা করা। Bring on অর্থ নিজের উপর অপ্রীতিকর কোনো কিছু ঘটানো। আর Bring out অর্থ বের করা; উৎপাদন করা; প্রকাশ করা।
বাক্যের অর্থঃ চাপ ও কষ্টকর পরিস্থিতির মধ্যে সে কাজে সবচেয়ে বেশি ভালো করে।

**02. The man exclaimed with sorrow that it was shameful he was such a coward.**
a) as b) that c) so
d) of e) No word is missing **ans. B**

**Solution:** Shameful এরপর 'that' বসালে বাক্যটি শুদ্ধ হবে।
বাক্যের অর্থঃ লোকটি অবাক হয়ে দুঃখের সাথে বলল যে এটা তার জন্য লজ্জাজনক ছিল যে সে ছিল একজন ভীতু।

**03. The second anniversary celebration of our school comes on December 16.**
a) of b) off c) that
d) at e) No word is missing **ans. B**

**Solution:** অনুষ্ঠিত হওয়া বা সংঘটিত হওয়া অর্থে Come এর পরে off বসে।
বাক্যের অর্থঃ আমাদের স্কুল প্রতিষ্ঠার দ্বিতীয় বার্ষিকী আসছে ১৬ ডিসেম্বর।

**04. He left no stone to achieve his objective.**
a) thrown b) hit c) broken
d) unturned e) No word is missing **ans. D**

**Solution:** Leave no stone unturned একটি Phrase যার অর্থ চেষ্টার কোনো ত্রুটি না করা।
বাক্যের অর্থঃ তার উদ্দেশ্য অর্জনে সে চেষ্টার কোন ত্রুটি করল না।

**05. You should never look down the poor.**
a) to b) at c) upon
d) on e) No word is missing **ans. C**

**Solution:** Look down এরপর upon/ on দুটোর যেকোন একটি বসতে পারে। তবে Formal use এর ক্ষেত্রে Upon বসানো উচিত।

***Q. (06 – 10):** Identify the correct spelling.*

**06.** a) Kindargarten b) Kindergerten
c) Kindergarden d) Kindergarten
e) No word is missing **ans. D**

**Solution:** Kindergarten অর্থ প্রাতিষ্ঠানিক শিক্ষালাভের বয়স হয়নি এমন শিশুদের জন্য স্কুল।

**07.** a) Evenescence b) Evanescence
c) Evanescense d) Evanecence
e) No word is missing **ans. B**

**Solution:** Evanescence অর্থ বিস্মৃতি; বিলুপ্তি।

**08.** a) Dilapedated b) Dellapidated
c) Dilapidated d) Delapidated
e) No word is missing **ans. C**

**Solution:** Dilapidated অর্থ (দালানকোঠা, আসবাব ইত্যাদি সম্পর্কিত) ধ্বংসপ্রাপ্ত, মেরামতহীন; ক্ষয়িত।

**09.** a) Conspicuous b) Conspecious
c) Conspicious d) Conspeqous
e) No word is missing **ans. A**

**Solution:** Conspicuous অর্থ দৃষ্টি আকর্ষক; দর্শনীয়।

**10.** a) Voluptuos b) Voleptious
c) Volaptous d) Voluptuous
e) No word is missing **ans. D**

**Solution:** Voluptuous অর্থ ইন্দ্রিয়সুখাবহ; ইন্দ্রিয়পরিতৃপ্তিকর।

***Q. (11 – 15):** Find the odd word from each list.*

**11.** a) Simple b) Labyrinth
c) Enigma d) Maze
e) No word is missing **ans. A**

**Solution:** Labyrinth = Enigma = Maze অর্থ জটিল রেখা বা পথের জাল; গোলকধাঁধা। কিন্তু Simple অর্থ সরল; সাদাসিধে; অনাড়ম্বর।

**12.** a) Scoff b) Jeer
c) Suave d) Fleer
e) No word is missing **ans. C**

**Solution:** Scoff = Jeer অর্থ উপহাস/ বিদ্রুপ/ অবজ্ঞা করা।
কিন্তু Suave অর্থ বিনয়ী।

**13.** a) Privation b) Penury
c) Pauperism d) Opulence
e) No word is missing **ans. D**

**Solution:** Privation, Penury এবং Pauperism এগুলো প্রায় সমার্থক যার অর্থ নিঃস্ব; দীনতা; দারিদ্র্য।
কিন্তু Opulence অর্থ বিত্ত; প্রাচুর্য।

**14.** a) Hasten b) Accelerate
c) Rush d) Impede
e) No word is missing **ans. D**



Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** Hasten = Accelerate = Rush অর্থ দ্রুত চলা করা; ত্বরা করা। কিন্তু Impede অর্থ ব্যাহত/ বাধাগ্রস্থ করা।

*15.* a) Mollify b) Exacerbate
c) Appease d) Placate
e) No word is missing **ans. B**

**Solution:** Mollify = Appease = Placate অর্থ শান্ত/ আশ্বস্ত; প্রশমিত করা। কিন্তু Exacerbate অর্থ (ব্যক্তির ক্ষেত্রে) উত্তেজিত করা; আরো খারাপের দিকে যাওয়া।

*16.* **'Trigger' is to 'Pistol' as 'Button' is to**
a) Cylinder b) Elevator c) Shutter
d) Revolver e) None of these **ans. B**

**Solution:** Pistol এর Trigger এর চাপলে গুলি বের হয়। আর Elevator এর Button চাপলে উপরে বা নিচে যাওয়া যায়।

*17.* **'Painter' is to 'Canvas' as 'Carpenter' is to**
a) Saw b) Wood c) Brick
d) Chisel e) None of these **ans. B**

**Solution:** Painter কাজ করে Canvas নিয়ে। আর Carpenter কাজ করে Wood নিয়ে।

*18.* **What is the adjective form of the word 'Obligate'?**
a) Obligato b) Obligation c) Obligatory
d) Obligate e) None of these **ans. C**

**Solution:** Obligatory হলো Adjective যার অর্থ বাধ্যতামূলক; অবশ্যই করণীয়। Obligation হলো Noun যার অর্থ বাধ্যবাধকতা। আর Obligate হলো Verb যার অর্থ কাউকে কোনো কিছু করতে বাধ্য করা।

*19.* **What kind of noun is 'Boy'?**
a) Material b) Collective c) Common
d) Proper e) None of these **ans. C**

*20.* **Shihab <u>always</u> runs quite fast. Here 'always' is a/an**
a) Adjective b) Preposition c) Adverb
d) Verb e) None of these **ans. C**

**Solution:** Verb কে কখন, কোথায়, কিভাবে দ্বারা প্রশ্ন করলে উত্তর হিসেবে যা আসবে তাই Adverb.

*21.* **অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক এর পর ষ এর প্রয়োগ হলে তা কি হয়?**
a) 'স' হয় b) অবিকৃত থাকে c) বিকৃত হয়
d) 'শ' হয় e) কোনোটিই নয় **ans. B**

*22.* **ভাষার মৌলিক রীতি কোনটি?**
a) কথা বলার রীতি b) লেখার রীতি
c) বলার ও লেখার রীতি d) আঞ্চলিক রীতি
e) কোনোটিই নয় **ans. B**

*23.* **নিচের কোনটি গুরুচণ্ডালী দোষমুক্ত?**
a) শবপোরা b) মড়াদাহ c) শবমড়া
d) শবদাহ e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়। 'গরুর গাড়ি', 'শবদাহ', 'মড়াপোড়া', ইত্যাদির স্থলে যথাক্রমে 'গরুর শকট', 'শবপোড়া', 'মড়াদাহ' ইত্যাদি ব্যবহার গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে।

*24.* **বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ কি কি?**
a) ই এবং উ b) অ এবং এ c) ঐ এবং ঔ
d) আ এবং ও e) কোনোটিই নয় **ans. C**

*25.* **বাংলা ভাষায় ব্যবহৃত অর্ধমাত্রার বর্ণগুলোর মধ্যে কয়টি স্বরবর্ণের?**
a) একটি b) দুটি c) তিনটি
d) চারটি e) কোনোটিই নয় **ans. A**

**Solution:**

| বর্ণের নাম | সংখ্যা | স্বরবর্ণ | ব্যঞ্জন বর্ণ |
|---|---|---|---|
| মাত্রাহীন | ১০ | ৪ | ৬ |
| অর্ধমাত্রা | ৮ | ১ | ৭ |
| পূর্ণমাত্রা | ৩২ | ৬ | ২৬ |

*26.* **ক্লেশ > কিলেশ, প্রীতি > পিরীতি, গ্লাস > গেলাস এগুলো কিসের উদাহরণ?**
a) অপিনিহিতি b) আদি স্বরাগম c) মধ্য স্বরাগম
d) অন্ত্য স্বরাগম e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** অপিনিহিতি হলো পরের ই-কার আগে উচ্চারিত হওয়া। যেমনঃ আজি > আইজ, মারি > মাইর ইত্যাদি। আদি স্বরাগম হলো শব্দের আদিতে স্বরধ্বনি আসা। যেমনঃ স্কুল > ইস্কুল; স্টেশন > ইস্টিশন ইত্যাদি। এবং অন্তস্বরাগম হলো শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসা। যেমনঃ দিশ্ > দিশা; বেঞ্চ > বেঞ্চি ইত্যাদি।

*27.* **শরৎচন্দ্র সৃষ্ট 'অভয়া' চরিত্রটি কোন উপন্যাসের?**
a) গৃহদাহ b) শ্রীকান্ত c) শেষ প্রশ্ন
d) বড়দিদি e) কোনোটিই নয় **ans. B**

**Solution:** 'শ্রীকান্ত' উপন্যাসের দ্বিতীয় খণ্ডের উল্লেখযোগ্য চরিত্র হলো অভয়া, রোহিনী, গুরুদেব, রাজলক্ষ্মী।

*28.* **'দারিদ্র্য' কবিতাটি নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?**
a) সাম্যবাদী b) বিষের বাঁশি c) সিন্ধুহিন্দোল
d) নতুন চাঁদ e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** কাজী নজরুল ইসলামের বিখ্যাত কাব্যগ্রন্থ 'সিন্ধু হিন্দোল' (১৯২৭)। এ কাব্যের বিখ্যাত কবিতা 'দারিদ্র্য'। এটি উৎসর্গ করেন হাবীবুল্লাহ বাহার ও শামসুন্নাহার মাহমুদকে।

*29.* **নিচের কোনটি একটি নাটক?**
a) গড্ডালিকা b) কর্তার ইচ্ছায় কর্ম c) পল্লীসমাজ
d) শাজাহান e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** সম্রাট শাজাহানকে নিয়ে অনেকেই নাটক লিখেছেন। এদের মধ্যে প্রথম লিখেছেন দ্বিজেন্দ্রলাল রায়। 'শাজাহান' (১৯০৯) নাটকটি মোগল সম্রাট শাজাহানের জীবন অবলম্বনে রচিত ঐতিহাসিক নাটক।

Recent Publication



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

30. ড. মুহাম্মদ এনামুল হক রচিত ব্যাকরণের নাম কি?
a) ব্যাকরণ মঞ্জুরী b) আধুনিক বাংলা ব্যাকরণ
c) সহজ বাংলা ব্যাকরণ d) ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ
e) কোনোটিই নয় **ans. A**

31. বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ কোনটি?
a) বঙ্গভাষা ও সাহিত্য b) বাংলা সাহিত্যের ইতিহাস
c) বাংলা সাহিত্যের রূপরেখা d) বাংলা সাহিত্যের কথা
e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** দীনেশচন্দ্র সেন 'বঙ্গভাষা ও সাহিত্য' (১৮৯৬) এবং 'বৃহৎ বঙ্গ' (১৯৩৫) শুধু এই দুটি গ্রন্থের প্রণেতা তাঁর রচিত 'বঙ্গভাষা ও সাহিত্য' বাংলা সাহিত্যের পূর্ণাঙ্গ ইতিহাস রচনার ভিত্তি স্থাপন করেছে, আর 'বৃহৎ বঙ্গ' বাংলার ইতিহাস ও সংস্কৃতির অনেক বিস্মৃত অধ্যায়কে স্মৃতির আলোতে নিয়ে এসেছে।

32. নিচের কোন গুচ্ছে সব শব্দ শুদ্ধ?
a) ঔষধ, বীণা, ত্রিনয়ন b) হরিণ, বন্ধন, সোনা
c) প্রান, খ্রিস্টান, পোসা d) কন্ঠ, স্তেশন, জিনিস
e) কোনোটিই নয় **ans. A & B**

33. নিচের কোনটি তদ্ভব শব্দ নয়?
a) লুঙ্গি b) হাত c) চাঁদ
d) দাঁত e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** লুঙ্গি হলো বর্মি শব্দ।

34. পারিভাষিক শব্দ কোনটি?
a) মেঘালয় b) বিচারালয় c) সচিবালয়
d) হিমালয় e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** Secretariat এর পারিভাষিক শব্দ হলো সচিবালয়।

35. 'অজপুকুর' শব্দে 'অজ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
a) সম্পূর্ণ b) খাঁটি c) নিন্দিত
d) অস্পষ্ট e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** 'অজ' হলো বাংলা উপসর্গ। অজ পুকুর, অজ পাড়া গাঁ, অজ মূর্খ এই শব্দগুলোতে 'অজ' উপসর্গটি নিতান্ত মন্দ অর্থে ব্যবহৃত হয়েছে।

36. 'নিষিদ্ধ লোবান' গ্রন্থের রচয়িতা কে?
a) শামসুর রাহমান b) সৈয়দ শামসুল হক
c) আলাউদ্দিন আল আজাদ d) হুমায়ুন আজাদ
e) কোনোটিই নয় **ans. B**

**Solution:** সৈয়দ শামসুল হক এর বিখ্যাত উপন্যাস হলোঃ নিষিদ্ধ লোবান (মুক্তিযুদ্ধ ভিত্তিক), নীলদংশন, সীমানা ছাড়িয়ে, খেলারাম খেলে যা এবং বিখ্যাত নাটক হলোঃ পায়ের আওয়াজ পাওয়া যায়, নুরুলদিনের সারাজীবন।

37. 'তন্বী' শব্দের কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?
a) তন + ঈ b) তন + ই c) তনু + ই
d) তনু + ঈ e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** 'উ' কার কিংবা 'ঊ' কারের পর 'উ' কার ও 'ঊ' কার ভিন্ন অন্য স্বর থাকলে 'উ' বা 'ঊ' স্থানে 'ব' ফলা হয় এবং লেখার সময় 'ব' ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমনঃ উ + অ = ব + অ; সু + অল্প = স্বল্প। উ + এ = বা + এ; অনু + এষণ = অন্বেষণ। এরূপ পশ্বধম, পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি।

38. ফরাসি ভাষার উপসর্গ কোনটি?
a) কম্ b) উৎ c) উন
d) কু e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** 'কম্' হলো ফারসি উপসর্গ। কমজোর, কমবখ্ত শব্দগুলোতে এটি স্বল্প অর্থে ব্যবহৃত হয়েছে। 'উৎ' হলো তৎসম উপসর্গ এবং 'কু' এবং 'উন' হলো বাংলা উপসর্গ।

39. 'সংস্কৃতির ভাঙা সেতু' গ্রন্থের রচয়িতা কে?
a) কাজী মোতাহার হোসেন b) আখতারুজ্জামান ইলিয়াস
c) বিনয় ঘোষ d) রাধারমন মিত্র
e) কোনোটিই নয় **ans. B**

40. কোন সাহিত্যাদর্শের মর্মে নৈরাশ্যবাদ আছে?
a) রোমান্টিসিজম b) উত্তরাধুনিকতাবাদ c) আধুনিকতাবাদ
d) বাস্তববাদ e) কোনোটিই নয় **ans. B**

41. ইংরেজী বর্ণমালার বাম দিক থেকে ১২তম বর্ণ যেটি, তার ডানে অষ্টম বর্ণ কোনটি?
a) V b) T c) W
d) Y e) কোনোটিই নয় **ans. B**

**Solution:** ১২ + ৮ = ২০, আর ২০তম বর্ণ হলো T.

42. ইংরেজী বর্ণমালার ক্রমধারা যদি উল্টানো হয় তাহলে কোনটি আপনার বাম থেকে ১৪তম অক্ষর হবে?
a) N b) L c) O
d) M e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** ইংরেজি বর্ণমালার ক্রমধারা উল্টালে অর্থাৎ Z, Y, X, W ..... করলে বামদিক থেকে ১৪তম অক্ষর হবে M. তাই সঠিক উত্তর অপশন *d*).

43. নিচের কোন সংখ্যাটি অন্যগুলোর চেয়ে আলাদা?
a) ৪৪১ b) ১৩৭ c) ২৫৮
d) ৩৭২ e) কোনোটিই নয় **ans. B**

**Solution:** ১৩৭ মৌলিক সংখ্যা, কিন্তু ৪৪১ ও ৩৭২ সংখ্যাদ্বয় ৩ দ্বারা ও ২৫৮ সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য।

44. A, B এর ছবি দেখিয়ে বলল, সে আমার দাদার একমাত্র ছেলের বউয়ের মেয়ে। B এর মা A এর কি হয়?
a) খালা b) ফুপু c) মা
d) চাচী e) কোনোটিই নয় **ans. C**

45. নিচের দেশগুলির মধ্যে কোনটি ভিন্ন?
a) নেপাল b) ব্রুনাই c) জাপান
d) ইতালি e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** নেপাল, ব্রুনাই, জাপান এগুলো এশিয়া মহাদেশের দেশ। আর ইতালি ইউরোপের দেশ।



Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**46.** নিচের কোনটি ভিন্ন ধরনের?

a) টায়ার b) ভেসলিন c) সাবান

d) কাগজ e) কোনোটিই নয় ***ans.* A**

**Solution:** ভেসলিন, সাবান, কাগজ এগুলো মানুষের ব্যবহারের জন্য কিন্তু টায়ার গাড়ির জন্য।

**47.** নিচের সংখ্যাগুলোর মধ্যে ক্ষুদ্রতম কোনটি?

a) ১ ÷ ০.৩ b) ০.৩ c) .৩৩

d) $(০.৩)^2$ e) কোনোটিই নয় ***ans.* D**

**Solution:** ১ ÷ ০.৩ = ৩.৩৩; $(০.৩)^2$ = ০.০৯

সুতরাং দেখা যাচ্ছে, অপশনে উল্লিখিত সংখ্যাগুলোর মধ্যে $(০.৩)^2$ ই ক্ষুদ্রতম।

**48.** শূন্যস্থানে কোন সংখ্যা বসবে? ৬ ১২ ২০ ৩০ ......

a) ২৪ b) ৪২ c) ৩৪

d) ২৬ e) কোনোটিই নয় ***ans.* B**

**Solution:** ৬ + ৬ = ১২; ১২ + ৮ = ২০

২০ + ১০ = ৩০; ৩০ + ১২ = ৪২

অর্থাৎ ৬, ৮, ১০, ১২ এভাবে বেড়েছে।

**49.** একটি দ্রব্য ১৫% কমিশনে বিক্রয় করা হয়। বইটির প্রকৃত বিক্রয়মূল্য ১২০ টাকা হলে বইটি কত টাকায় ক্রয় করা যাবে?

a) ১০০ টাকা b) ১০৫ টাকা c) ৯৫ টাকা

d) ১০২ টাকা e) কোনোটিই নয় ***ans.* D**

**Solution:** ১৫% কমিশনে

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১০০ - ১৫

= ৮৫ টাকা

১০০ টাকার দ্রব্য ক্রয় করা যাবে = ৮৫ টাকায়

∴ ১২০ টাকার দ্রব্য ক্রয় করা যাবে = $\frac{৮৫ \times ১২০}{১০০}$ = ১০২ টাকায়

**50.** একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য *y* একক। এর কর্ণের দৈর্ঘ্য কত?

a) $\sqrt{y}$ একক b) $\sqrt{(y+২)}$ একক c) $২\sqrt{y}$ একক

d) $\sqrt{২}y$ একক e) কোনোটিই নয় ***ans.* D**

**Solution:** বর্গের একবাহুর দৈর্ঘ্য *y* হলে কর্ণ হবে $y\sqrt{২}$.

**51.** কোন স্কুলের ছাত্রসংখ্যাকে ৫, ৮, ২০ দ্বারা ভাগ করলে প্রত্যেক বারই ৪ জন ছাত্র অবশিষ্ট থাকে। ঐ স্কুলের ছাত্রসংখ্যা কত?

a) ৪০ জন b) ৪৪ জন c) ৬০ জন

d) ৮০ জন e) কোনোটিই নয় ***ans.* B**

**Solution:** এখানে ৫, ৮, ২০ এর ল.সা.গু. = ৪০

∴ ঐ স্কুলের ছাত্রসংখ্যা হবে = ৪০ + ৪ = ৪৪ জন

**52.** করিম সাহেব তার মাসিক বেতন ৫,০০০ টাকা হতে প্রতি মাসে ২৪% সঞ্চয় করেন। তিনি এক বছরে কত টাকা সঞ্চয় করেন?

a) ১০,০০০ b) ১২,০০০ c) ১৫,০০০

d) ১৪,৪০০ e) কোনোটিই নয় ***ans.* D**

**Solution:** করিম সাহেব ১ মাসে সঞ্চয় করেন = ৫,০০০ এর ২৪%

= ১,২০০ টাকা

∴ করিম সাহেব ১২ মাসে সঞ্চয় করেন = ১,২০০ × ১২

= ১৪,৪০০ টাকা

**53.** কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৩৬৫ এবং ৪৬৩ কে ভাগ করলে ভাগশেষ যথাক্রমে ৫ এবং ৭ থাকে। বৃহত্তম সংখ্যাটির মান কত?

a) ২৪ b) ৫২ c) ৪৫

d) ৩৪ e) কোনোটিই নয় ***ans.* A**

**Solution:** এখানে ৩৬৫ - ৫ = ৩৬০ এবং ৪৬৩ - ৭ = ৪৫৬

এখন, ৩৬০ এবং ৪৫৬ এর গ.সা.গু.-ই হবে নির্ণেয় বৃহত্তম সংখ্যা।

```
৩৬০)৪৫৬(১
     ৩৬০
    ----------
      ৯৬)৩৬০(৩
          ২৮৮
        ----------
          ৭২)৯৬(১
              ৭২
            --------
             ২৪)৭২(৩
                ৭২
             --------
                 ০
```

অতএব, বৃহত্তম সংখ্যাটি হলো ২৪.

**54.** দুইটি সংখ্যার গ.সা.গু. এবং ল.সা.গু. যথাক্রমে ১৪ ও ১৬৮। সংখ্যাদ্বয়ের গুণফল কত?

a) ৩,৯০০ b) ১,৩৫২ c) ৪৫৭

d) ৩,৪১৭ e) কোনোটিই নয় ***ans.* E**

**Solution:** আমরা জানি, দুটি সংখ্যার গুণফল = সংখ্যা দুটির ল.সা.গু. × গ.সা.গু. = ১৬৮ × ১৪ = ২,৩৫২

**55.** একটি বাঁশের ০.১৫ অংশ কাদায় ও ০.৬৫ অংশ পানিতে আছে। যদি পানির উপরে বাঁশটির দৈর্ঘ্য ৪ মিটার হয়, তাহলে সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য কত?

a) ২০ মিটার b) ২২ মিটার c) ১৮ মিটার

d) ২৬ মিটার e) কোনোটিই নয় ***ans.* A**

**Solution:** পানির উপরে আছে = ১ - (০.১৫ + ০.৬৫) অংশ

= ১ - ০.৮০ = ০.২০ অংশ

প্রশ্নমতে, বাঁশটির ০.২০ অংশ = ৪ মিটার

∴ বাঁশটির সম্পূর্ণ অংশ = $\frac{৪}{০.২}$ = ২০ মিটার

**56.** নিচের কোন ভগ্নাংশটি $\frac{৩}{৫}$ থেকে বড় এবং $\frac{৬}{৭}$ থেকে ছোট?

a) $\frac{১}{৮}$ b) $\frac{১}{৩}$ c) $\frac{২}{৩}$

d) $\frac{১}{২}$ e) কোনোটিই নয় ***ans.* C**

**Solution:** এখানে $\frac{৩}{৫}$ = ০.৬ এবং $\frac{৬}{৭}$ = ০.৮৫৭

এখন, $\frac{১}{৮}$ = ০.১২৫ যা $\frac{৩}{৫}$ হতে ছোট, তাই এটি বাদ।

$\frac{১}{৩}$ = ০.৩৩ যা $\frac{৩}{৫}$ হতে ছোট, তাই এটিও বাদ।

$\frac{২}{৩}$ = ০.৬৬৭ যা $\frac{৩}{৫}$ হতে বড় কিন্তু $\frac{৬}{৭}$ হতে ছোট।

তাই এই অপশনটিই উত্তর হবে।

Recent Publication



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**57. ১৩, ১৭, ২৫, ৪১ ...... ধারাটির পরবর্তী সংখ্যা কত?**

a) ৭৩ b) ৮৯ c) ১০১
d) ১৪৫ e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** সংখ্যাগুলো ৪, ৮, ১৬, ৩২ ...... এভাবে বেড়েছে।

অর্থাৎ ১৩ + ৪ = ১৭; ১৭ + ৮ = ২৫;
২৫ + ১৬ = ৪১; ৪১ + ৩২ = ৭৩

**58. রানার আয় ও ব্যয়ের অনুপাত ২০ : ১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত ভাগ?**

a) ২৫% b) ৩০% c) ৪০%
d) ৮০% e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** রানার সঞ্চয় = ২০ - ১৫ = ৫ টাকা
২০ টাকায় সঞ্চয় করে = ৫ টাকা

$\therefore$ ১০০ টাকায় সঞ্চয় করে = $\frac{৫ \times ১০০}{২০}$ = ২৫%

**59. আজ সোমবার। ৬১ দিন পরের দিনটি হবে ........।**

a) বৃহস্পতিবার b) রবিবার c) সোমবার
d) শনিবার e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** ৬৩তম দিন হবে সোমবার।
এভাবে ৬২তম দিন হবে রবিবার।
$\therefore$ ৬১তম দিন হবে শনিবার।

**60. 'y' সপ্তাহ 'y' দিনে মোট কত দিন আছে?**

a) ১৪$y$ b) ৮$y$ c) ৭$y$
d) ৯$y$ e) কোনোটিই নয় **ans. B**

**Solution:** $y$ সপ্তাহে দিন আছে = ৭$y$ দিন
$\therefore$ $y$ সপ্তাহ $y$ দিনে মোট = ৭$y$ + $y$ = ৮$y$ দিন

**61. বিশ্বের কোন শহরটি 'নিষিদ্ধ শহর' নামে পরিচিত?**

a) লাসা b) উলানবাটোর c) পিয়ং ইয়াং
d) কাবুল e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** তীব্বতের রাজধানী লাসা। তীব্বতে দীর্ঘদিন মানুষের প্রবেশাধিকার না থাকা, দুর্গম পরিবেশ, লামাদের কঠোরতা ও পর্যটক নিষিদ্ধের কারণে বাইরের পৃথিবীতে তিব্বত পুরোপুরি এক বিচ্ছিন্ন জগৎ। ১৯১২ সালে ত্রয়োদশ দালাইলামা কর্তৃক প্রতিষ্ঠিত গণচীনের একটি স্বশাসিত অঞ্চল তিব্বত।

**62. Green Peace এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

a) আমস্টারডাম b) প্যারিস c) জেনেভা
d) রোম e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** Green Peace হলো একটি বেসরকারি আন্তর্জাতিক পরিবেশবাদী সংস্থা। বিশ্বের ৪০টি দেশে এর শাখা রয়েছে যা নেদারল্যান্ডের আমস্টারডাম থেকে পরিচালিত হয়। এই সংস্থাটির মূল উদ্দেশ্য পৃথিবীর সব ধরনের জীব বৈচিত্র্যের প্রতি পালনের জন্য প্রাকৃতিক পরিবেশ নিশ্চিত করা।

**63. বিশ্ব ডাক সংস্থার সদর দপ্তর কোন দেশে অবস্থিত?**

a) আমেরিকা b) ইংল্যান্ড c) সুইজারল্যান্ড
d) ফ্রান্স e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** উল্লেখ্য, বাংলাদেশ ১৯৭৩ সালে ৭ ফেব্রুয়ারি বিশ্ব ডাক সংস্থার সদস্যপদ লাভ করে।

**64. রাশিয়া কত সালে স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?**

a) ১৯৭২ b) ১৯৭৩ c) ১৯৭৪
d) ১৯৭৬ e) কোনোটিই নয় **ans. A**

**Solution:** সাবেক সোভিয়েত ইউনিয়ন তথা রাশিয়া বাংলাদেশকে ১৯৭২ সালের ২৬ জানুয়ারি স্বীকৃতি দেয়।

**65. বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি?**

a) ২টি b) ৩টি c) ৪টি
d) ৫টি e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** জাতীয়তাবাদ, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সমাজতন্ত্র এই চারটি মূলনীতি।

**66. কোন জেলাকে হিমালয়ের কন্যা বলা হয়?**

a) কুয়াকাটা b) চাঁপাইনবাবগঞ্জ c) পঞ্চগড়
d) ভোলা e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** ভৌগলিক অবস্থানের কারণে পঞ্চগড়কে 'হিমালয়ের কন্যা' বলা হয়। উল্লেখ্য, কুয়াকাটা হলো 'সাগরকন্যা' বা 'সূর্যকন্যা', আর বান্দরবান হলো 'পাহাড়ী কন্যা'।

**67. নিচের কোন সালটি অধিবর্ষ?**

a) ২১০০ সাল b) ১৯৯৫ সাল c) ২০২০ সাল
d) a ও c উভয়ই e) কোনোটিই নয় **ans. C**

**68. নিচের কোন দেশটি জি-৭ (G-7) এর সদস্য নয়?**

a) ইতালি b) জার্মানি c) রাশিয়া
d) ফ্রান্স e) কোনোটিই নয় **ans. C**

**Solution:** কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র এই ৭টি দেশ হলো (G-7) এর সদস্য।

**69. International Maritime Organization (IMO) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

a) মুম্বাই b) প্যারিস c) ভিয়েনা
d) লন্ডন e) কোনোটিই নয় **ans. D**

**Solution:** বিশ্বব্যাপী নিরাপদে সমুদ্রে চলাচল এবং নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ১৯৪৮ সালের ১৭ মার্চ IMO গঠন করা হয়।

**70. ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বন্দ্ব নিরসনে কোন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?**

a) ক্যাম্প ডেভিড চুক্তি b) সল্ট-২
c) প্যারিস শান্তি চুক্তি d) ডেটন চুক্তি
e) কোনোটিই নয় **ans. C**

**71. সংসদ কর্তৃক প্রেরিত বিলে রাষ্ট্রপতি কতদিনের মধ্যে সম্মতি দিবেন অথবা সংসদের বিবেচনার জন্য পাঠাবেন?**

a) ১৫ b) ২০ c) ২৫
d) ১০ e) কোনোটিই নয় **ans. A**



Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**72.** কোন উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়?
a) আয়কর b) আমদানি ও রপ্তানি শুল্ক
c) ভূমি রাজস্ব d) মূল্য সংযোজন শুল্ক
e) কোনোটিই নয় ***ans. D***

**Solution:** উল্লেখ্য, বাংলাদেশে মূসক বা VAT চালু হয় ১৯৯১ সালের ১ জুলাই।

**73.** কোন দ্বীপটি পলিনেশিয়ার অন্তর্ভুক্ত?
a) পালাউ b) সামোয়া c) কিরিবাতি
d) নাউরু e) কোনোটিই নয় ***ans. B***

**74.** বাংলাদেশের প্রথম বাণিজ্য জাহাজের নাম কি?
a) জীবনতরী b) পদ্মার দূত c) বাংলার দূত
d) বাংলার বাণী e) কোনোটিই নয় ***ans. C***

**75.** কোন ধারণা থেকে বাইনারী সংখ্যা পদ্ধতি গড়ে উঠেছে?
a) Plus-Minus b) Positive-Negative
c) Left-Right d) On-Off
e) কোনোটিই নয় ***ans. D***

**76.** দেশে প্রথম গ্যাস চালিত বিদ্যুৎ কেন্দ্র কোনটি?
a) সুরমা বিদ্যুৎ কেন্দ্র
b) সিলেটের হরিপুর বিদ্যুৎ কেন্দ্র
c) দিনাজপুরের বড় পুকুরিয়া বিদ্যুৎ কেন্দ্র
d) মেঘনাঘাট বিদ্যুৎ কেন্দ্র
e) কোনোটিই নয় ***ans. B***

**77.** কোন নারী মুক্তিযোদ্ধা সর্বপ্রথম বীর প্রতীক খেতাব পান?
a) মোছাম্মৎ তারামন বিবি b) ক্যাপ্টেন সেতারা বেগম
c) পাইলট ফারিয়া রারা d) জাহানারা ইমাম
e) কোনোটিই নয় ***ans. B***

**Solution:** বীর প্রতীক খেতাব প্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা দুই জন। এরা হলেন ক্যাপ্টেন সেতারা বেগম এবং তারামন বিবি। এই দুইজনের মধ্যে ক্যাপ্টেন সেতারা বেগমকে আগে খেতাব প্রদান করা হয়। উল্লেখ্য, সেতারা বেগম ৪নং সেক্টর এবং তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন।

**78.** ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?
a) বাবর b) আকবর c) সেলিম
d) শেরশাহ e) কোনোটিই নয় ***ans. A***

**Solution:** ১৫২৬ সালে পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহীম লোদীকে পরাজিত করে জহিরুদ্দিন মুহাম্মদ বাবর ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন।

**79.** নিচের কোন দেশটির স্থায়ী সেনাবাহিনী নেই?
a) নিকারাগুয়া b) এল সালভাদর c) কোস্টারিকা
d) কলম্বিয়া e) কোনোটিই নয় ***ans. B & C***

**Solution:** এনডোরা, কোস্টারিকা, এল সালভাদর, ডোমানিকা, গ্রানাডা, নাউরু, পালাউ ইত্যাদি দেশে কোনো স্থায়ী সেনাবাহিনী নেই।

**80.** কোন ওয়েবসাইটের ঠিকানায় ব্যবহৃত https এর ‘s’ দিয়ে কি বোঝায়?
a) Security b) Special c) Secured
d) System e) কোনোটিই নয় ***ans. C***

## ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি

**পদের নামঃ এ্যাসিস্টেন্ট এ্যাকাউন্টেন্ট**

তারিখঃ ০৬.০১.২০২৩; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

**01. Write correct answers (A-J)**

**a) The price at which quantity supplied and the quantity demand are equal is called ___.** → Equilibrium price. (ভারসাম্য দামঃ যে কোন দ্রব্য বা সেবাসামগ্রীর জন্য একটি নির্দিষ্ট সময়ে যে দামে চাহিদা ও জোগানের পরিমাণ সমান হয়, তাকে ভারসাম্য দাম বলা হয়। ভারসাম্য পরিমাণঃ একটি নির্দিষ্ট সময়ে যে পরিমাণ দ্রব্যের ক্ষেত্রেও চাহিদা দাম ও জোগান দাম সমান হয় তাকে ভারসাম্য পরিমাণ বলা হয়।)

**b) An index that measures prices at the wholesale level is known as ___.** → Consumer price Index (CPI). (ভোক্তা মূল্য সূচক (Consumer Price index)- নির্দিষ্ট সময়ের জন্য পণ্য ও সেবার গড় মূল্যের পরিবর্তনকে পরিমাপ করার সূচক হচ্ছে ভোক্তা মূল্য সূচক। ভোক্তা মূল্য সূচক বা সিপিআই খুবই গুরুত্বপূর্ণ মুদ্রার মূল্য বোঝার জন্য। যদি ভোক্তা মূল্য সূচক বৃদ্ধি পায় তবে এর অর্থ দাড়ায় যে জাতীয় মুদ্রা এর ক্রয় ক্ষমতা হারাচ্ছে। আর এর মূল্য সূচক যদি হ্রাস পায় তবে এর অর্থ দাড়ায় যে, জাতীয় মুদ্রা এর ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে।)

**c) Government's efforts to keep an economy stable by increasing or decreasing taxes or government spending is called ___.** → Fiscal Policy. (রাজস্ব নীতি একটি দেশের সামগ্রিক অর্থনৈতিক কার্যাবলি পরিচালনার লক্ষ্যে রাজস্ব এবং সরকারি ব্যয়সমূহের যথাযথ ব্যবহারপ্রণালী। দেশের জনগণকে কাম্য সেবা প্রদানার্থে সম্পদ সংগ্রহ এবং সেসব সম্পদের দক্ষ অর্থনৈতিক ব্যবহার নিশ্চিত করার জন্য রাজস্ব নীতি প্রস্তুত করা হয়। সরকারি অর্থের মাধ্যমে রাজস্ব নীতি অর্থনৈতিক শক্তি সমূহের গতিপ্রকৃতিকে প্রভাবিত করে। বাংলাদেশের রাজস্ব নীতির মূল উদ্দেশ্যগুলির মধ্যে দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা, অর্থনৈতিক প্রবৃদ্ধির হার উন্নয়ন এবং জাতীয় আয়ের সমবন্টনের উপায় বা কৌশলসমূহ চিহ্নিত ও উন্নতকরন উল্লেখযোগ্য।)

**d) If the value of a country's exports exceeds that of its imports is called ____.** → Trade Surplus (যখন আমদানি থেকে রপ্তানি বেশি হয় তখন তাকে বাণিজ্য উদ্বৃত্ত বলে। রপ্তানি থেকে আমদানি বেশি হলে হলে বাণিজ্য ঘাটতি হয়।)

Recent Publication



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

e) **Selling products in foreign country at lower prices than those charged in the producing country is known as ___.** → Dumping. (উৎপাদনকারী দেশ যখন স্বাভাবিক দামের চেয়ে কম দামে অন্য দেশে পণ্য রপ্তানি করে, তখন সেটাকে বলা হয় ডাম্পিং। তখন আমদানিকারক দেশ ওই পণ্যের ওপর অ্যান্টি-ডাম্পিং শুল্ক আরোপ করে।)

f) **Lowering the value of a nation's currency relative to the other currencies is called ___.** → Depreciation. (অবমূল্যায়ন হল অন্যান্য মুদ্রার সাথে একটি মুদ্রার মূল্য হ্রাস করা। এটি অন্য মুদ্রা, মুদ্রার গ্রুপ বা স্ট্যান্ডার্ডের সাপেক্ষে একটি দেশের মুদ্রার মূল্যের একটি ইচ্ছাকৃত নিম্নগামী সমন্বয়। অবমূল্যায়ন একটি দেশে আমদানির জন্য অভ্যন্তরীণ চাহিদা হ্রাস করার প্রবণতা অবমূল্যায়িত মুদ্রার পরিপ্রেক্ষিতে দাম বৃদ্ধি করে এবং বিদেশী মুদ্রার পরিপ্রেক্ষিতে তাদের দাম কমিয়ে দেশের রপ্তানির জন্য বৈদেশিক চাহিদা বাড়ায়।)

g) **Creative people who work as entrepreneurs within corporations are known as ___.** → Intrapreneur.

h) **Reduction of production costs by purchasing raw materials in bulk is an example of ___.** → Economy of scale. (In microeconomics, economies of scale are the cost advantages that enterprises obtain due to their scale of operation, and are typically measured by the amount of output produced per unit of time. A decrease in cost per unit of output enables an increase in scale.)

i) **In a company, assistant managers report to the general manager. In this case general manager is what type of manager?** → Chief Expectative Officer.

j) **The document that lists the rules of internal management of a company is called___.** → Articles of Association.

***02.* Write the correct answers (A-J)**

a) **Adjective form of "misery" is ___.** → Miserable (কৃপণ)।

b) **'The sun soon went <u>down</u> and it was dark everywhere.' Which parts of speech the underlined word is?** → Adverb **বাক্যের অর্থঃ** সূর্য দ্রুতই ডুবে গেল এবং সর্বত্র অন্ধকারে ছেয়ে গেল।

c) **What is the masculine gender of 'bee'?** → Drone.

d) **Fill in the blank with correct preposition: He gave me a cheque ___ Tk. 45000.** → of. **বাক্যের অর্থ:** সে আমাকে ৪৫,০০০ টাকার চেক দিয়েছিল।

e) **Change the sentence without changing the meaning: "Man is mortal".** → Man is not immortal. (মানুষ অমর নয়)।

f) **What is the singular form of the word "Agenda"** (আলোচ্যসূচি)? → Agendum.

g) **Write the correct spelling of the word "Buraucrate".** → Bureaucrat (আমলা)।

h) **Make a tag question: He doesn't know how to swim.** → does he?

i) **Translate into English:** 'এক হাতে তালি বাজে না'। → It takes two to make a quarrel.

j) **Past participle of "wear" is ___.** Worn.

***03.* The cost of 5 oranges and 4 lemons is 23 Taka. The cost of 3 oranges and 5 lemons is 19 taka. Find the cost of an orange. You must show calculations.**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, ৫টি কমলালেবু এবং ৪টি লেবুর ক্রয়মূল্য ২৩ টাকা। ৩টি কমলালেবু ও ৫টি লেবুর ক্রয়মূল্য ১৯ টাকা। ১টি কমলা লেবুর দাম কত?

Let, cost of an orange is $x$ Tk.

And cost of an lemon is $y$ Tk.

According to the question

$5x + 4y = 23$ ........ $(i)$

$3x + 5y = 19$ ........ $(ii)$

Now, $(i) \times 3 - (ii) \times 5$

$15x + 12y = 69$

$15x + 25y = 95$

(-) $\quad -13y = -26$

$\Rightarrow 13y = 26$

$\therefore y = \frac{26}{13} = 2$



Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

Putting the value of y in equation (*i*)

$5x + 4y = 23$

$\Rightarrow$ $5x + (4 \times 2) = 23$

$\Rightarrow$ $5x = 23 - 8$

$\Rightarrow$ $5x = 15$

$\therefore$ $x = \frac{15}{5} = 3$

So the cost of an orange 3 Tk.

***04.* A producer marks the market price and cost price as 120 and BDT 100 respectively. He allows a 5% discount for cast. Find his percentage gain on a cash transaction. You must show calculations.**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, একজন উৎপাদনকারী যথাক্রমে ১২০ টাকা এবং ১০০ মূল্যে বাজারমূল্য ও ক্রয়মূল্য নির্ধারণ করে এবং ৫% বাট্টা অনুমোদন করে। তার নগদ লেনদেন লাভের হার কত?

Given, market price 120 Tk.; Cost price 100 Tk.; Discount price 5%

$\therefore$ Sale price $= 120 - (120 \times 5\%)$

$= 120 - \left(120 \times \frac{5}{100}\right) = 120 - 6 = 114$

$\therefore$ Profit/ gain = Sale price – Cost price

$= 114 - 100 = 14$ Tk.

$\therefore$ Percentage of gain $= \frac{14}{100} \times 100 = 14\%$

***05.* A factory machine is purchased on January 1, 2016 for BDT 25,000. The machine had an expected 9-year useful life and a BDT 7,000 estimated savage value. On January 1, 2022, the asset is sold for cash of BDT 3,500. Determine if the asset is sold at a gain or a loss. Assume depreciation is up- to date at the time of the sale using straight line method. You must show calculations.**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, ২০১৬ সালের ১ জানুয়ারিতে ২৫,০০০ টাকার একটি মেশিন ক্রয় হয়। মেশিনটির প্রত্যাশিত আয়ুষ্কাল ৯ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৭,০০০ টাকা। ২০২২ সালের জানুয়ারিতে ৩,৫০০ টাকা বিক্রয় করা যায়। যদি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয় তাহলে মেশিনটি বিক্রয় করলে লাভ বা ক্ষতির পরিমাণ কত?

Given, cost price of machine = 25,000

Salvage value = 7,000

Life time = 9 years

So, depreciation $= \frac{\text{Cost price - Salvage value}}{\text{Life time}}$

$= \frac{25000 - 7000}{9} = \frac{18000}{9} = 2,000$ Tk.

$\therefore$ Accumulated depreciation

$= 2,000 \times 6 = 12,000$ Tk.

On January 1, 2022 the cost price of machine will be depreciable value = 18,000

(-) Accumulated depreciable = 12,000

= 6,000

Depreciable value = 25,000 – 7,000 = 18,000

Sale price (given) 3,500

So, loss = Cost price – Sale price

= 6,000 – 3,500 = 2,500 Tk.

***06.* The sum of three numbers is 175. The third number is 6 times of the sum of first two numbers. The second numbers is 1.5 times of the first number. Find the three numbers. You must show calculations.**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, তিনটি সংখ্যার যোগফল ১৭৫। তৃতীয় সংখ্যাটি ১ম ও ২য় সংখ্যার সমষ্টির ৬ গুণ। ২য় সংখ্যাটি ১ম সংখ্যার ১.৫ গুণ হলে সংখ্যা তিনটি নির্ণয় করুন।

Let, the first number is $x$

$\therefore$ The second number $= x \times 1.5 = 1.5x$

$\therefore$ The third number $= (x + 1.5x) \times 6$

$= 6x + 9x = 15x$

According to the question

$x + 1.5x + 15x = 175$

$\Rightarrow$ $17.5x = 175$

$\therefore$ $x = \frac{175}{17.5} = 10$

So, the first number $x = 10$

The second number $= 1.5x = 1.5 \times 10 = 15$

The third number $= 15x = 15 \times 10 = 150$

***07.* Calculate the payback Period from the information given below:**

| Years | Cash flow (BDT) |
|---|---|
| 0 | – 1000 |
| 1 | 500 |
| 2 | 400 |
| 3 | 300 |
| 4 | 100 |

***Solution:*** Table for cumulative cash flow:

| Year | Cash flow | Cumulative cash flow |
|---|---|---|
| 1 | 500 | 500 |
| 2 (A) | 400 | 900 (C) |
| 3 | 300 (D) | 1,200 |
| 4 | 100 | 1,300 |

Calculation of Pay Back Period (PBP)

$PBP = A + \frac{NCO - C}{D}$

$= 2 + \frac{1000 - 900}{300} = 2 + \frac{100}{300}$

$= 2 + 0.33 = 2.33$ years.

Here, A = The year in which cumulative cash flow nearer to NCO.

C = Cumulative Cash flow of the year A.

D = Cash flow of the year following the year A.



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**08.** রচনা লিখুন: বিদ্যুতের সঠিক ব্যবহারে নাগরিকের ভূমিকা।

**Solution:** রাষ্ট্রীয় সম্পদ বলতে আমরা সচরাচর যেটা বুঝি, তা হলো সরকার কর্তৃক সরাসরি নিয়ন্ত্রিত এবং মালিকানাধীন সম্পদ; যেমন বিভিন্ন সরকারি অফিস, কালভার্ট, রাস্তাঘাট, ব্রিজ, নদী, খাল, জলাশয়, সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান, প্রতিরক্ষাবাহিনী, আইনশৃঙ্খলা বাহিনী, কোর্ট-কাচারিসহ এ ধরনের প্রতিষ্ঠান ও তাদের স্থাপনা। আসলে একটি দেশের সব নাগরিকের ব্যক্তিগত সম্পদ ও সমষ্টিগত সম্পদের সবই একত্রে রাষ্ট্রীয় সম্পদ বা জাতীয় সম্পদ। দরিদ্রের জীর্ণ কুটির থেকে শুরু করে গ্যাস, বিদ্যুৎ, পানিসহ সব প্রাকৃতিক সম্পদই রাষ্ট্রীয় সম্পদ। সব রাষ্ট্রীয় সম্পদ ব্যবহার করার অধিকার রাষ্ট্রের সব মানুষের রয়েছে। রাষ্ট্র সমাজ ও মানুষের কল্যাণে তার সব সম্পদ ব্যবহার করে বলে রাষ্ট্রীয় সব সম্পদকে জনসম্পদও বলা হয়। বিদ্যুৎ উৎপাদনে তেল, কয়লা এবং প্রাকৃতিক গ্যাস ব্যবহার করা হয়, যা একটি দেশের সামগ্রিক অর্থনৈতিক সাফল্যের গুরুত্বপূর্ণ সূচক। কয়েক বছর আগেও 'লোডশেডিং' শব্দটি আমাদের কাছে অতি পরিচিত ছিল। কারণ, উৎপাদিত বিদ্যুতের সঠিক সরবরাহ করা হতো না। যা হোক, বর্তমান সরকারের সাফল্যের কারণে এ লোডশেডিং শব্দটি এখন বিলুপ্তির পথে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে আমাদের দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতে প্রভাব পড়েছে।

বিদ্যুৎ কারো ব্যক্তিগত সম্পত্তি নয়, বরং এটি জাতীয় ও আন্তর্জাতিক সম্পদ। তাই এ অবস্থার সমাধানে সঠিক ব্যবহার নিশ্চিত করা দেশের প্রতিটি নাগরিকের দায়িত্ব। সবার সমন্বিত প্রচেষ্টা ছাড়া এ সম্মিলিত সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করা যাবে না।

তাই এ গুরুত্বপূর্ণ ব্যাপারে সরকারি বিভিন্ন পদক্ষেপের কথা মাথায় রেখে আমাদের সবার সচেতন হওয়া উচিত। এ অবস্থায় বিদ্যুতের অপচয় বন্ধের বিকল্প নেই। যদি বিদ্যুতের ব্যবহারের অর্থনৈতিক দিক বিবেচনা করা হয়, তাহলে বিদ্যুতের মোট চাহিদা তুলনামূলক হ্রাস পেতে পারে। এ অবস্থায় প্রথম পদক্ষেপটি হলো কোনো এলাকায় বিদ্যুতের অপব্যবহার হচ্ছে কিনা বা ব্যবহার সীমিত এবং বিদ্যুতের বিকল্প উৎস খোঁজা হচ্ছে কিনা। প্রযুক্তির ওপর আমাদের অত্যাধিক নির্ভরতা কমিয়ে নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদের ব্যবহার বাড়াতে হবে।

এছাড়া নিম্নলিখিত কাজগুলোর মাধ্যমে বিদ্যুতের অপচয় হওয়ার পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করা সম্ভব। এ রকম একটি উদাহরণ হলোঃ

১. মাইক্রোওয়েভ, রাইস কুকার এবং কারি কুকার যথাসম্ভব কম ব্যবহার এবং একেবারে প্রয়োজন না হলে ফ্যান, লাইট, পিসি, ওভেন ইত্যাদি চালু না করা।
২. প্রয়োজন না হলে দেয়ালের বিভিন্ন জায়গায় চার্জার লাগানো এড়িয়ে চলা।
৩. নষ্ট বৈদ্যুতিক সংযোগ মেরামত করা।
৪. বৈদ্যুতিক পাখা এবং আলো ব্যবহারে ইলেকট্রনিকস নিয়ন্ত্রক ব্যবহার করা।
৫. শক্তিসাশ্রয়ী বাল্ব ব্যবহার করা।
৬. যেহেতু এসির তুলনায় ফ্যানে বিদ্যুৎ কম লাগে, তাই অদূর ভবিষ্যতে ফ্যান ব্যবহার করার কথা মাথায় রাখা।
৭. ঘরের দরজা-জানালা খোলা রেখে দিনের আলোর সর্বোচ্চ সদ্ব্যবহার এবং দিনের বেলা আলোর ব্যবহার এড়িয়ে চলা।

তাছাড়া যখন-তখন পোশাক শুকানোর জন্য ওয়াশিং মেশিন, হেয়ার ড্রায়ার বা ফ্যানের ব্যবহার করা থেকে বিরত থাকা গুরুত্বপূর্ণ। এ পরিস্থিতিতে সূর্যালোক এবং সৌরশক্তির ব্যবহার সবচেয়ে বেশি জরুরি। পানি গরম করার জন্য হিটার বা গিজারের ওপর নির্ভরতা হ্রাস, দিনের আলোর সঙ্গে মানিয়ে নেয়া, উৎসবের আলো হ্রাস এবং শপিং সেন্টার, মার্কেট, রেস্তোরাঁ ইত্যাদিতে বিদ্যুতের অপব্যয় রোধ করা।

কীভাবে বিদ্যুৎ ব্যবহার করতে হয় সে বিষয়ে সরকারের অসংখ্য সুপারিশ থাকা সত্ত্বেও আমরা নিষ্ক্রিয় হয়েই আছি। এ উদাসীনতার প্রাথমিক কারণগুলো হলো আমাদের মানসিকতা এবং ক্ষমতার অপব্যবহার। যা হোক, অপ্রত্যাশিত পরিস্থিতি মোকাবেলায় এ মুহূর্তে অনেক সুরক্ষা ব্যবস্থা নেই। এ অবস্থায় আমাদের বিচক্ষণতা কী হওয়া উচিত!

আমাদের এ ধারণা ত্যাগ করতে হবে। যদি সম্ভব হয়, পরিচিত, প্রতিবেশী এবং পরিবারের সদস্যদের জাতীয় অর্থনীতিতে বিদ্যুৎ অপচয়ের নেতিবাচক প্রভাব সম্পর্কে সচেতন করা উচিত। প্রয়োজনে বিজ্ঞাপন, লিফলেট বিতরণ বা সোশ্যাল মিডিয়ায় উদ্যোগের মাধ্যমে জনসচেতনতা বাড়াতে হবে। যেহেতু একটি জাতি তার সব নাগরিক নিয়ে গঠিত, তাই আমাদের প্রতিটি অনন্য উদ্যোগ দেশের সংকট নিরসনে মুখ্য ভূমিকা পালন করতে পারে। এ কারণে এটা অত্যাবশ্যক, আমরা কীভাবে আমাদের দৈনন্দিন গৃহস্থালি কাজে শক্তি ব্যবহার করি, সে সম্পর্কে সচেতন হওয়া অত্যাবশ্যক।

উপরন্তু বিদ্যুৎ পরিস্থিতির দীর্ঘমেয়াদি সমাধান খুঁজতে বিকল্প শক্তির উৎস অনুসন্ধানের কোনো বিকল্প নেই। সৌরশক্তি বর্তমান এবং জলবিদ্যুৎ, বায়ু খামার, গার্হস্থ্য বায়ু শক্তি, ভূ-তাপীয় শক্তি এবং সমুদ্রের তাপ শক্তি-এ উৎসগুলোর কয়েকটি উদাহরণ। এসব বিকল্প উৎসের সঠিক ব্যবহার নিশ্চিতের মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধের পাশাপাশি বর্তমান ও ভবিষ্যৎ-উভয় প্রজন্মের বিদ্যুৎ সংকট দূর করা সম্ভব।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## বাংলাদেশ গ্যাস ফিল্ড লিমিটেড
**পদের নামঃ সহকারী ব্যবস্থাপক (সাধারণ)**
**তারিখঃ ০৩.১২.২০২১; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৬০**

**01. Some people ____ themselves into believing that they are the only honest and dedicated employees in the company.**
a) keep b) fool c) delude
d) force e) none ***ans.* C**

**Solution:** বাক্যে 'Delude somebody into doing something' এই Phrase টির অর্থ হলো উদ্দেশ্য মূলকভাবে কাউকে বিভ্রান্ত বা প্রতারিত করা। উল্লেখ্য, Keep অর্থ রাখা। Fool অর্থ বোকা; মূঢ়। Force অর্থ বল; শক্তি।
বাক্যের অর্থঃ কিছু কিছু কর্মী এটা মনে মনে ভেবে প্রতারিত হচ্ছে যে, তারাই কেবল এই প্রতিষ্ঠানের সৎ ও নিবেদিত কর্মী।

**02. The truck met with an accident and was ____ the truck in Dhanmondi, so he had a hard time driving through the area.**
a) Eliminating b) Obstructing
c) Obviating d) Hiding
e) None ***ans.* B**

**Solution:** বাক্যে পথরোধ করা অর্থে Obstructing বসবে। যেমনঃ Roods obstructed by striking workers. উল্লেখ্য, Eliminating অর্থ উচ্ছেদ করা। Obviating অর্থ দূর করা; পরিত্রাণ পাওয়া। Hiding অর্থ লুকানো।
বাক্যের অর্থঃ ট্রাকটি দুর্ঘটনার কবলে পড়ে ধানমন্ডিতে পথরোধ করেছিল। এজন্য ঐ এলাকায় তার গাড়ি চালাতে সমস্যা হয়েছিল।

**03. Plastic bags are ____ symbols of consumer society; they are found wherever you travel.**
a) Rare b) Ephemeral
c) Ubiquitous d) Fleeting
e) None ***ans.* C**

**Solution:** এখানে, Ubiquitous symbols of consumer society দ্বারা ভোক্তা সমাজের সর্বব্যাপী চিত্র বুঝাচ্ছে।
বাক্যের অর্থঃ প্লাস্টিক ব্যাগগুলো সর্বব্যাপী ভোক্তা সমাজের চিত্র যা আপনি যত্রতত্র ভ্রমণ করতে গেলেই পাবেন।

**04. When their body size is considered, mammals and birds have much larger brain than ____.**
a) Other vertebrates do.
b) That other vertebrates have.
c) Are other vertebrates
d) Other are vertebrates
e) None of these ***ans.* A**

**Solution:** সাধারণত Comparative degree এর ক্ষেত্রে Conjunction 'than' এরপরে দ্বিতীয় Subject + verb বসে। তাই অপশন *a)* এর উত্তর হিসেবে যথোপযুক্ত। কিন্তু, অপশন *b)* এর উত্তর হিসেবে গ্রহণযোগ্য নয় কারণ 'than' এবং 'that' দুটি Conjunction একসাথে ব্যবহার অযৌক্তিক।
বাক্যের অর্থঃ শারীরিক আকার বিবেচনায় অন্যান্য মেরুদণ্ডী প্রাণির তুলনায় স্তন্যপায়ী প্রাণি ও পাখির মস্তিষ্ক তুলনামূলকভাবে বড়ো।

**05. The use of preservatives in food manufacturing ____ steadily over the past few decades and ____ no signs of abating.**
a) had risen, would show.
b) would rise, will show.
c) has risen, shows
d) rose, will show
e) None of these ***ans.* C**

**Solution:** খাদ্যে Preservative নিয়মিতভাবে বাড়ছে অর্থে 'has risen' বসবে। আর 'কমার কোনো লক্ষণ' দেখা যাচ্ছে না অর্থে Shows no sings of ability বসবে।
বাক্যের অর্থঃ প্রকৃতপক্ষে খাদ্যে প্রিজারভেটিভ এর ব্যবহার দিন দিন বাড়ছেই এবং এটা কমার কোনো লক্ষণ নেই।

**06. The performance of our football players was rather <u>worst than I had expected</u>?**
a) worst than what I had expected
b) worse than that I had expected
c) worst than expectation
d) worst than what was expected
e) bad as I had expected ***ans.* B**

**Solution:** বাক্যে 'than' থাকায় 'bad' এর Comparative form হিসেবে 'worse' বসবে।
বাক্যের অর্থঃ আমার প্রত্যাশার চেয়ে দলের পারফরম্যান্স বাজে হয়েছিল।

**07. Rizwan admired the speed with which he completed the work and <u>appreciating the method adopted by him</u>.**
a) appreciating the method adopted by him
b) appreciate the method being adopted
c) appreciated the method adopted
d) appreciated the method adopting method
e) appreciate the method of adoption ***ans.* C**

**Solution:** বাক্যের প্রথমে Completed এর সাথে মিল রেখে Appreciated বসাতে হবে। অর্থাৎ বাক্যের Parallelism ঠিক রাখার জন্য Appreciated বসবে। আর Adopting by him না হয়ে Adopted by him বসবে।
বাক্যের অর্থঃ যে গতিবেগে সে কাজটি করেছিল তাতে রিজওয়ান মুগ্ধ এবং তার অবলম্বনকৃত পদ্ধতিটিও প্রশংসা কুড়িয়েছিল।

**08. The pharmacist <u>hadn't hardly any of those kind</u> of medicines.**
a) hadn't hardly any of those kind
b) had hardly any of those kinds
c) had hardly not any of those kinds.
d) had scarcely any of those kind
e) had hardly any of those kind ***ans.* B**



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** ঐ প্রকারের কোনো ঔষধ ছিল না বললেই চলে অর্থে Had hardly any of those kinds এর ব্যবহারই যুক্তিযুক্ত।
বাক্যের অর্থঃ ঔষধ বিক্রেতার নিকট ঐ প্রকারের কোনো ঔষধ ছিল না বললেই চলে।

***09.*** **No sooner <u>do the bells ring</u> than the curtain rose.**
a) did the bell ring
b) did the bells ring
c) had the bell rang
d) had the bell rung
e) no correction required **ans. D**

**Solution:** বাক্যে No sooner এরপর এবং 'than' এর পূর্বে Past perfect tense বসে। আর পরে Past indefinite tense বসে।
বাক্যের অর্থঃ ঘন্টা বাজতে না বাজেতেই পর্দা উঠে গিয়েছিল।

***10.*** **They <u>were all shocked</u> at his failure in the competition.**
a) were shocked at all
b) had all shocked at
c) had all shocked by
d) had been all shocked on
e) no correction required **ans. E**

**Solution:** বাক্যের অর্থঃ প্রতিযোগিতায় তার ব্যর্থতায় সকলেই আশাহত।

***11.*** **Choose the correctly spelled word from the given options:**
a) Flamboyance b) Flumboyance
c) Flamboyanse d) Flamboyanc
e) Flamboyans **ans. A**

**Solution:** Flamboyance অর্থ বর্ণাঢ্যতা।

***12.*** **Choose the correctly spelled word from the given options:**
a) Endorcement b) Endorsement
c) Endoursement d) Endorseement
e) Endorceement **ans. B**

**Solution:** Endorsement অর্থ সত্যায়ন।

***13.*** **Choose the correctly spelled word from the given options:**
a) Synchronization b) Synchronizasion
c) Synchonization d) Synchonizasion
e) Synchonizaton **ans. A**

**Solution:** Synchronization অর্থ এককালবর্তীকরণ।

***14.*** **Choose the correctly spelled word from the given options:**
a) Missle b) Missile c) Misile
d) Messile e) Missille **ans. B**

**Solution:** Missile অর্থ নিক্ষিপ্ত বা অবিক্ষিপ্ত বস্তু।

***15.*** **Choose the correctly spelled word from the given options:**
a) Inapropriate b) Inaproopriate
c) Inaproopriat d) Inappropriate
e) Inaproprate **ans. D**

**Solution:** Inappropriate অর্থ অনুপযোগী; অযোগ্য।

***16.*** **সন্ধি বিচ্ছেদ করুনঃ 'নিরবধি'।**
a) নির + অবধি b) নিরঃ + অবধি c) নিঃ + অবধি
d) নির + বধি e) কোনটিই নয় **ans. C**

**Solution:** 'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ 'নিঃ + অবধি'। এটি একটি বিসর্গ সন্ধি। এরূপঃ নিঃ + আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ, দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।

***17.*** **'গাজী মিয়াঁর বস্তানী' কি ধরনের রচনা?**
a) প্রবন্ধ b) নাটক c) উপন্যাস
d) কবিতা e) কোনটিই নয় **ans. C**

**Solution:** মীর মশাররফ হোসেনের কর্মজীবননির্ভর আত্মজীবনীমূলক ব্যঙ্গ-রসাত্মক উপন্যাস হলো 'গাজী মিয়াঁর বস্তানী' (১৮৯৯)। এই গ্রন্থে লেখক নিজেকে ভেড়াকান্ত হিসেবে গাজী মিয়ার ছদ্মনামে ক্রটিবিচ্যুত সমাজকে উপস্থাপন করেছেন। তাঁর রচিত অন্যান্য উপন্যাস হলোঃ 'রত্নবতী' (১৮৬৯), 'উদাসীন পথিকের মনের কথা' (১৮৯০), 'রাজিয়া খাতুন' (১৮৯৯)।

***18.*** **'অনাবৃষ্টি' শব্দটিতে 'অনা' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
a) অভাব b) অশুভ c) নিকৃষ্ট
d) পুরনো e) কোনটিই নয় **ans. A**

**Solution:** 'অনা' হলো বাংলা উপসর্গ। এর ব্যবহার হলোঃ

| | | |
|---|---|---|
| অনা | অভাব | অনাবৃষ্টি, অনাদর, অনাদায় |
| | ছাড়া | অনাসৃষ্টি, অনাচার |
| | অশুভ | অনামুখো |

***19.*** **নিচের কোনটি বিশেষ্য পদ?**
a) পঞ্চায়েত b) চিরন্তন c) সে
d) এবং e) কোনটিই নয় **ans. A**

**Solution:** যে পদে বেশ কিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণির সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টিবাচক বিশেষ্য পদ। যেমনঃ পঞ্চায়েত, মাহফিল, মিছিল, ঝাঁক, জনতা, সভা, সংঘ, দল, সমিতি, বহর, পাল, পরিবার, বাহিনী, গুচ্ছ, শ্রেণি, সংসদ, সমাজ ইত্যাদি।

***20.*** **এক কথায় প্রকাশ করুনঃ 'ইন্দ্রিয়কে জয় করেছে যে'**
a) ইন্দ্রজিত b) ইন্দ্রিয়জিত c) জিতেন্দ
d) জিতেন্দ্রিয় e) কোনটিই নয় **ans. D**

***21.*** **বাগধারার অর্থ নির্ণয় করুনঃ 'বকধার্মিক'**
a) কপট b) ভণ্ড ধার্মিক c) স্বার্থপর
d) চাটুকার e) কোনটিই নয় **ans. B**



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**22.** **'কাঁদো নদী কাঁদো' উপন্যাসটির রচয়িতা কে?**
a) মীর মশাররফ হোসেন b) হুমায়ুন আজাদ
c) সৈয়দ ওয়ালীউল্লাহ d) রশিদ করিম
e) কোনটিই নয় ***ans.* C**

**Solution:** সৈয়দ ওয়ালীউল্লাহর কিছু বিখ্যাত উপন্যাসঃ কাঁদো নদী কাঁদো (১৯৬৮), চাঁদের অমাবস্যা (১৯৬৪), দি আগলি এশিয়ান (ইংরেজি ভাষায়, ১৯৬৩)।

**23.** **এক কথায় প্রকাশ করুনঃ 'সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা'**
a) সংবর্ধনা b) সম্মুখগমন c) অগ্রগামী
d) প্রত্যুদগমন e) কোনটিই নয় ***ans.* D**

**24.** **নিচের কোন শব্দে স্বভাবতই 'ষ' হয়?**
a) ষড়ঋতু b) কোষ c) ভাষা
d) তিনটিই সঠিক e) কোনটিই নয় ***ans.* D**

**Solution:** কতগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয়। যেমনঃ আষাঢ়, রোষ, ষড়ঋতু, কোষ, ভাষণ, ভাষা, উষা, পৌষ, কলুষ, পাষাণ, মানুষ, ঔষধ, ষড়যন্ত্র, ভূষণ, দ্বেষ ইত্যাদি।

**25.** **'দত্তকুলোদ্ভব' কবি কে?**
a) অজিত দত্ত b) মাইকেল মধুসূদন দত্ত
c) জীবনানন্দ দাশ d) হুমায়ুন কবির
e) কোনটিই নয় ***ans.* B**

**26.** **If $m$ and $n$ are whole numbers such that $m^n = 121$, what is the value of $(m-1)^{n+1}$?**
a) 1000 b) 676 c) 121
d) 10 e) None of these ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $m$ এবং $n$ যদি Whole numbers বা পূর্ণ সংখ্যা হয় যেখানে $m^n = 121$ তবে, আপনাকে $(m-1)^{n+1}$ এর মান বের করতে হবে।
$m^n = 121$ তখনই হবে যখন $m = 11$ এবং $n = 2$ হবে, কারণ $11^2 = 121$
ফলে $(m-1)^{n+1} = (11-1)^{2+1} = 10^3 = 1000$

**Shortcut:** $m^n = 121$ বলে চেষ্টা করুন 121 কে বর্গ আকারে প্রকাশ করতে,
সেক্ষেত্রে $m^n = 11^2$ তাই $m = 11$ এবং $n = 2$
$\therefore$ $(m-1)^{n+1} = (11-1)^{2+1} = 10^3 = 1000$

**27.** **If 65% of $x$ = 13% of $y$, then find the value of $x$ if $y = 2{,}000$.**
a) 200 b) 300 c) 400
d) 500 e) None of these ***ans.* C**

**Solution:** দেয়া আছে, 65% of $x$ = 13% of $y$

$\Rightarrow \frac{65x}{100} = \frac{13y}{100}$

$\Rightarrow 65x = 13y$

$\Rightarrow 65x = 13 \times 2{,}000$

$\therefore x = \frac{13 \times 2000}{65} = 400$

**28.** **Which of the following numbers is divisible by 3?**
a) 177 b) 200 c) 331
d) 457 e) None of these ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, নিচের কোন সংখ্যাটি 3 দ্বারা বিভাজ্য?
অপশনের অঙ্কগুলির যোগফল 3 দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটিও 3 দ্বারা বিভাজ্য হবে।
এখানে, অপশন $a)$ এর সংখ্যাটির সমষ্টি হলোঃ
$1 + 7 + 7 = 15$ যা 3 দ্বারা বিভাজ্য।
তাই 177 সংখ্যাটি 3 দ্বারা বিভাজ্য হবে।

**29.** **By selling a book at 600 taka, Salim makes a profit of 25%. What was the cost of the book in taka?**
a) 480 b) 500 c) 520
d) 540 e) None of these ***ans.* A**

a) By whom am I called?
b) By whom I am called,
c) Whom am I called by?
d) By whom am I being called? **ans. D**

**Solution:** Active voice এ Who থাকলে Passive voice এ By whom হয়ে যায়। আর বাকি অংশটুকু নিচের মতো করে পরিবর্তন হয়। Subject + am/is/are + being + verb (p.p) + by + subject.
বাক্যের অর্থঃ কে আমাকে ডাকছে?

**33. Under which Sector Dhaka was during our Liberation War in 1971?**

a) 3 b) 2
c) 4 d) 1 **ans. B**

**Solution:** ২নং সেক্টরের অধিনে ছিলোঃ নোয়াখালী, কুমিল্লা, আখাউড়া, ভৈরব, ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ। আগরতলার ২০ মাইল দক্ষিণে ছিল এ সেক্টরের সদরদপ্তর।

**34. Function of distribution sub-stations is to:**

a) step down voltage
b) step-up voltage
c) increase power
d) increase energy **ans. A**

**35. 'অরণ্যে রোদন' কি?**

a) বচন কান্না b) বনের কান্না
c) পাগলের প্রলাপ d) নিষ্ফল আবেদন **ans. D**

**36. What is 3% of 0.07?**

a) 21 b) 0.21
c) 0.021 d) 0.0021 **ans. D**

**Solution:** ধরি, $x$ হচ্ছে 0.07 এর 3%
প্রশ্নমতে, $x = 3\%$ of 0.07

$\therefore\ x = \frac{3}{100} \times 0.07 = 0.0021$

**37. Who appoints the Chief Justice in Bangladesh?**

a) Prime Minister b) Parliament
c) President d) None **ans. C**

**Solution:** বাংলাদেশের সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদে বলা হয়েছেঃ 'প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগ দান করিবেন'।

**38. Who was F. R Khan?**

a) Cancer Specialist b) Nuclear Scientist
c) Computer engineer d) Architect **ans. D**

**Solution:** ফজলুর রহমান খান বিশ্বখ্যাত বাংলাদেশী স্থপতি ও পুরকৌশলী। তিনি পৃথিবীর অন্যতম উচ্চ ভবন শিকাগোর সিয়ার্স টাওয়ার-এর নকশা প্রণয়ন করেন। তাকে বিংশ শতকের শ্রেষ্ঠ প্রকৌশলীদের মধ্যে অন্যতম বলা হয়।

**39. "Once in a blue moon" means:**

a) Always b) Rarely
c) Very rarely d) Hourly **ans. C**

**Solution:** Once in a blue moon এটি একটি Phrase যার অর্থ হলো কদাচিৎ; কালেভদ্রে। যেমনঃ He comes here once in a blue moon.

**40. Ping Pong means:**

a) Volleyball b) Table Tennis
c) Basketball d) Lane Tennis **ans. B**

**41. 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে আগত?**

a) সংস্কৃত b) হিন্দি
c) আরবি d) তুর্কি **ans. D**

**Solution:** কিছু তুর্কি ভাষাঃ বাবা, উজবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, বেগম, সওগাত, তোপ, কাবু, তক্মা, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, মুচলেকা, আলখেলা, চাকু, লাশ, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুরনিশ, খোকা, বাবুর্চি।

**42. What is the perimeter (পরিসীমা) of a square, if its area is 400 sq. m.**

a) 40m b) 80m
c) 20m d) 20 sq. m. **ans. B**



Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি বর্গের ক্ষেত্রফল 400 বর্গমিটার হলে এর পরিসীমা কত?
ধরি, বর্গের এক বাহু $x$ মিটার
$\therefore$ বর্গের ক্ষেত্রফল $= x^2$ বর্গমিটার
প্রশ্নমতে, $x^2 = 400$
$\therefore$ $x = \sqrt{400} = \sqrt{20^2} = 20$
অতএব, নির্ণেয় পরিসীমা $= 4x = 4 \times 20 = 80$ মিটার।

**43. Country participated as 'Observer' in "Victory Day Parade 2021":**
a) USA b) Russia
c) India d) Bhutan **ans. A**

**Solution:** Military contingents from three foreign countries – India, Russia, and Bhutan – joined the parade, the first ever participation of foreign troops in the Victory Day ceremony since Bangladesh's independence alongside the country's forces. The United States and Mexico sent military observer groups which too took part in the parade.

**44. What is synonym of 'Incite'?**
a) Urge b) Permit
c) Instigate d) Deceive **ans. C**

**Solution:** Incite অর্থ উদ্দীপ্ত করা/প্ররোচিত/ উত্তেজিত করা। Urge অর্থ তাড়া করা/ দেওয়া। Permit অর্থ অনুমতি দান করা। Instigate অর্থ প্ররোচিত/ উৎসাহিত করা। Deceive অর্থ প্রতারণা করা।

**45. The urgency of rural electrification is described in which Article of Constitution?**
a) 8 b) 10
c) 15 d) 16 **ans. D**

**Solution:** সংবিধানের ১৬নং অনুচ্ছেদে আছে যে, নগর ও গ্রামাঞ্চলের জীবন যাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদ্দেশ্যে কৃষিবিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতীকরণের ব্যবস্থা, কুটিরশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তরসাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

**46. 'RAPIS' শব্দটি সাজালে হয়:**
a) মহাসাগর b) শহর
c) দেশ d) কোনটি নয় **ans. B**

**Solution:** 'RAPIS' শব্দটি সাজালে হয়ঃ PARIS. এটি হলো একটি শহর।

**47. Architect of National Monument (স্মৃতিসৌধ) of Bangladesh is:**
a) Hamidur Rahman b) Quamrul Hasan
c) Syed Mainul Hosain d) F. R. Khan **ans. C**

**Solution:** এক নজরে জাতীয় স্মৃতিসৌধঃ

| | | | |
|---|---|---|---|
| স্থপতি | সৈয়দ মঈনুল হোসেন | স্থাপিত হয় | ১০৯ একর জমির উপর |
| অবস্থিত | ঢাকার সাভারে | উচ্চতা | ৪৬.৫ মিটার বা ১৫০ ফুট |
| ভিত্তি প্রস্তর স্থাপন | ১৬ ডিসেম্বর, ১৯৭২ | ফলক | ৭ টি |
| ভিত্তি প্রস্তর স্থাপন করেন | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | উদ্বোধন | ১৬ ডিসেম্বর, ১৯৮২ সালে |

**48. Which one is not correct?**
a) A + 0 = A b) A.1 = A
c) A + A′ = 1 d) A.A′ = 1 **ans. D**

**Solution:** বুলিয়ান উপপাদ্য অনুসারে A + O = A, A.1 = A, A + A′ = 1 এ তিনটি সত্য। এরা বুলিয়ান উপপাদ্যের মৌলিক (Basic) অংশ। তবে A.A′ = 1 সমীকরণটি কোনো বুলিয়ান উপপাদ্য বা স্বতঃসিদ্ধ নয়।

**49. What type of noun is "Kindness"?**
a) Abstract b) Proper
c) Common d) Material **ans. A**

**Solution:** Abstract noun হলো সেই Noun যা কোন অবস্থাগত ধারণা বা গুণকে নির্দেশ করে; যার কোন বাহ্যিক অস্তিত্ব নেই এবং যা ছোঁয়া যায় না; গন্ধ দ্বারা বা শ্রবণ দ্বারা বুঝা যায় না; কিন্তু শুধু কল্পনা দ্বারা বুঝা যায়। যেমনঃ Honesty, boyhood, justice, heroism ইত্যাদি।

**50. Data are entered into a computer through:**
a) Software b) Output device
c) Input Device d) Memory **ans. C**

**51. How many freedom fighters received gallantry awards for contributions in our Liberation War – 1971?**
a) 712 b) 512
c) 175 d) 676 **ans. Note**

**Solution:** ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর মুক্তিযুদ্ধে অবদানের জন্য খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ছিলেন ৬৭৬ জন কিন্তু, ৬ জুন, ২০২১ সালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যা মামলায় দণ্ডিত ৪ খুনির বীরত্বসূচক রাষ্ট্রীয় খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করে। সেই অনুযায়ী বর্তমানে মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত যোদ্ধার সংখ্যা মোট ৬৭২ জন। তাদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৭ জন, বীর বিক্রম ১৭৪ জন এবং বীর প্রতীক ৪২৪ জন।

**52. BREB has about ____ consumers of the country in its load.**
a) 70% b) 80%
c) 85% d) 90% **ans. B**

Recent Publication



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

***53.*** **শব্দের মূলকে কি বলে?**

a) বিভক্তি b) প্রত্যয়
c) অব্যয় d) প্রকৃতি ***ans.*** **D**

***Solution:*** শব্দের মূলকে প্রকৃতি আর ক্রিয়ার মূলকে ধাতু বলে।

***54.*** **If each of the six members of a family gives money as per their membership number, then what will be the total amount:**

a) 216 b) 125
c) 100 d) 64 ***ans.*** **A**

***55.*** **'Alumni' is the plural of:**

a) Aluminus b) Alumnous
c) Alumnus d) Aluminise ***ans.*** **C**

***Solution:*** Alumnus অর্থ স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র।

***56.*** **Who is the 'Head of the State' of Bangladesh?**

a) President b) Prime Minister
c) Speaker d) none ***ans.*** **A**

***57.*** **What is the per capita income ($ US) of Bangladesh in 2021?**

a) 2254 b) 2454
c) 2554 d) 3054 ***ans.*** **C**

***58.*** **Which one is the smallest?**

a) 0.02 b) 1 ÷ 100
c) $10^{-3}$ d) None ***ans.*** **C**

***Solution:*** এখানে, $10^{-3} = \frac{1}{10^3} = \frac{1}{1000} = 0.001$

আর, $\frac{1}{100} = 0.01$ । তাই ক্ষুদ্রতম সংখ্যা $10^{-3}$

***59.*** **The Nobel Laureate Abdulrazak Gurnah is from:**

a) Turkey b) Malaysia
c) Indonesia d) Tanzania ***ans.*** **D**

***Solution:*** আব্দুল রাজ্জাক গুরনাহ (জন্ম ২০ ডিসেম্বর ১৯৪৮) একজন তাঞ্জানীয় ঔপন্যাসিক যিনি যুক্তরাজ্যে বসবাস করেন। তিনি ২০২১ সালের সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করবেন।

***60.*** **SDG-30 এর কত নম্বর Goal এ বিদ্যুতের বর্ণনা রয়েছে?**

a) 7 b) 8
c) 5 d) 6 ***ans.*** **A**

***Solution:*** টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) এর লক্ষ্যগুলোঃ ১. দারিদ্র্য নির্মূল; ২. ক্ষুধামুক্তি; ৩. সুস্বাস্থ্য; ৪. মানসম্পন্ন শিক্ষা; ৫. লিঙ্গ সমতা; ৬. বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশন; ৭. সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি; ৮. উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি; ৯. শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো; ১০. বৈষম্য হ্রাস; ১১. টেকসই শহর ও জনগণ; ১২. পরিমিত ভোগ; ১৩. জলবায়ুবিষয়ক পদক্ষেপ; ১৪. পানির নিচে প্রাণ; ১৫. স্থলভাগের জীবন; ১৬. শান্তি ও ন্যায়বিচার এবং ১৭. লক্ষ্য অর্জনে অংশীদারত্ব।

## খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

**পদের নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর**

**তারিখঃ ২৫.০২.২০২২; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৭০**

***01.*** **সন্ধি বিচ্ছেদ করুনঃ**

a) প্রত্যেক = প্রতি + এক।
b) মহৌষধ = মহা + ঔষধ।
c) বধূৎসব = বধূ + উৎসব।
d) সংযম = সম্ + যম।
e) নাবিক = নৌ + ইক।

***02.*** **অর্থসহ বাক্য রচনা করুনঃ**

a) উনপঞ্চাশ বায়ু (পাগলামী)ঃ পরীক্ষা ঘনিয়ে আসছে, আর তার মাথায় উনপঞ্চাশ বায়ু দেখা দিয়েছে।

b) টীকা ভাষ্য (ব্যাখ্যা বিশ্লেষণ/ দীর্ঘ আলোচনা)ঃ বিষয়ের উপর টীকা ভাষ্য থাকলে পরীক্ষার্থীরা উপকৃত হয়।

c) জগাখিচুড়ি (বিভিন্ন রকম জিনিসের অবাঞ্ছিত মিশ্রণ)ঃ তোমার ওই হিসেব আমি বুঝি না, যা জগাখিচুড়ি করে রেখেছ!

d) শাঁখের করাত (উভয় সংকট)ঃ কি যে করব ভেবে পাইনা, বড় সাহেবের কাছে হ্যাঁ বললেও বিপদ না বললেও বিপদ, যেন শাঁখের করাতের অবস্থায় পড়েছি।

e) ঢাকের কাঠি (মোসাহেব)ঃ তুমি তো বড় সাহেবের ঢাকের কাঠি, তিনি যা বলেন তুমি তাই বল।

***03.*** **এক কথায় প্রকাশ করুনঃ**

a) ফল পাকলে যে গাছ মরে যায় = ওষধি।
b) যা বলা হয়নি = অনুক্ত।
c) লাভ করার ইচ্ছা = লিপ্সা।
d) যে মেয়ের বিয়ে হয়নি = কুমারী।
e) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন।

***04.*** **"আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন।**

***Solution:*** একুশে ফেব্রুয়ারি বাঙালি জাতির চির প্রেরণা ও অবিস্মরণীয় একটি দিন। এটি শুধু বাংলাদেশের নয়, এখন এটি সারা বিশ্বের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে। জাতির জীবনে শোকাবহ, গৌরবোজ্জ্বল, অহংকারে মহিমান্বিত চিরভাস্বর এই দিনটি। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি ছিল ঔপনিবেশিক প্রভুত্ব ও শাসন-শোষণের বিরুদ্ধে বাঙালির প্রথম প্রতিরোধ এবং জাতীয় চেতনার প্রথম উন্মেষ। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি মাতৃভাষা বাংলার মর্যাদা রাখতে গিয়ে বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছিল রফিক, জব্বার, সালাম, বরকত ও সফিউর। পৃথিবীর ইতিহাসে মাতৃভাষার জন্য

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

রাজপথে বুকের রক্ত ঢেলে দেয়ার প্রথম নজির এটি। সেদিন তাদের রক্তের বিনিময়ে শৃঙ্খলযুক্ত হয়েছিল দুঃখিনী বর্ণমালা ও মায়ের ভাষা। আর এর মাধ্যমে বাঙালি জাতিসত্তা বিকাশের যে সংগ্রামের সূচনা হয়েছিল তা মুক্তিযুদ্ধের গৌরবময় পথ বেয়ে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের মধ্য দিয়ে চূড়ান্ত পরিণতি লাভ করে। ১৯৯৯ সালের ১৭ নভেম্বর আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে UNESCO কর্তৃক বাংলা ভাষাকে স্বীকৃতি বিশ্ব দরবারে এনে দিয়েছে এক বিশাল খ্যাতি। 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে বিশ্বজুড়ে অমর একুশের উদযাপন নিঃসন্দেহে এক বিশাল জাতীয় গৌরব ও সম্মানের। ২০০০ সাল থেকে UNESCO এর সদস্য রাষ্ট্রগুলো এ দিবসটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করে। ২০০১ সালের ১৫ মার্চ বিশ্বের সব মাতৃভাষার গবেষণা, উন্নয়ন ও সংরক্ষণে কাজ করার উদ্যোগে জাতিসংঘের মহাসচিব বান কি মুনের উপস্থিতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ঢাকার সেগুনবাগিচায়। বর্তমানে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভাষাসংক্রান্ত গবেষণা, ভাষা সংরক্ষণ ও প্রশিক্ষণের পাশাপাশি এটি ভাষার ক্ষেত্র আন্তর্জাতিক সেতুবন্ধন হিসেবে কাজ করছে যা বাংলা ভাষাকে বিশ্বমর্যাদায় আসীন করতে ভূমিকা রাখছে। ২০১০ সালের ৩ নভেম্বর জাতিসংঘের ৬৫তম সাধারণ অধিবেশনের ৪র্থ কমিটিতে বাংলাদেশ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের প্রস্তাবটি উত্থাপন করে এবং প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ফলে এটি বাঙালি জাতি, বাংলা ভাষার প্রতি বিশ্ববাসীর অকুণ্ঠ সমর্থন এবং সম্মান প্রদর্শনের এক উজ্জ্বল দৃষ্টান্ত সৃষ্টি করে। বাংলাদেশের সীমানা ছাড়িয়ে বাংলা ভাষা ও সংস্কৃতিক চর্চা বিশ্বজুড়ে বেড়ে চলেছে। মাতৃভাষার সংখ্যার বিচারে বাংলা ভাষা পৃথিবীর একটি শক্তিশালী ভাষা। একমাত্র আফ্রিকার সিয়েরালিওনে বাংলা ভাষাকে সরকারি ভাষার মর্যাদা দেয়া হয়েছে। ২০১৬ সালে অস্ট্রেলিয়ার সংসদ বাংলাকে স্বীকৃতির বিল পাস করে। ফলে বাংলা ভাষা লাভ করে এক অনন্য মর্যাদা। এই মুহূর্তে বহির্বিশ্বে ৩০টি দেশের ১০০টি বিশ্ববিদ্যালয়ে চালু রয়েছে বাংলা বিভাগ, সেখানে প্রতি বছর হাজার হাজার অবাঙালি পড়ুয়া বাংলাভাষা শিক্ষা ও গবেষণার কাজ করছে। এছাড়া চীনা ভাষায় রবীন্দ্র রচনাবলির ৩৩ খণ্ডের অনুবাদ এবং লালনের গান ও দর্শন ইংরেজি ও জাপানি ভাষায় অনুবাদ হয়েছে। একুশে ফেব্রুয়ারি উদযাপিত হয় সারা পৃথিবীতে একুশে আমাদের মননের বাতিঘর হিসেবে। একুশ এখন সারা বিশ্বের ভাষা ও অধিকারজনিত সংগ্রাম ও মর্যাদার প্রতীক। সারা বিশ্বের বিভিন্ন দেশে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে আমাদের অহংকার 'শহিদ মিনার'।

***05.*** **Fill in the blanks:**

a) I saw ____ one eyed man when I was walking on the road.
(a) **বাক্যের অর্থঃ** আমি রাস্তা দিয়ে হাঁটার সময় একজন একচোখা মানুষ দেখেছিলাম।

b) ____ mother rose in her. (the) **বাক্যের অর্থঃ** তার মধ্যে মাতৃত্ব জেগে উঠলো।

c) The man died ____ over eating. (from) **বাক্যের অর্থঃ** লোকটি অতিরিক্ত খেয়ে মারা গেল।

d) He is good ____ Bangla. (at) **বাক্যের অর্থঃ** তিনি বাংলায় ভালো।

e) I caught him ____ the ear. (by) **বাক্যের অর্থঃ** আমি তার কান ধরে টান দিলাম।

***06.*** **Make Sentences with meaning:**

a) Come into force (কার্যকারী হওয়া)ঃ The law will come into force very soon.

b) A man of letter (জ্ঞানী ব্যক্তি/ শিক্ষিত ব্যক্তি)ঃ Mr. Tutul is *a man of letter*.

c) At home (দক্ষ; খুব ভালো জ্ঞানসম্পন্ন)ঃ He is quite at home in English.

d) In a body (দলবদ্ধ হয়ে)ঃ All the students came out *In a body*.

e) Word for word (কোন রকম রূপান্তর, পরিবর্তন বা বর্জন না করে কোনো বিষয় লিখন বা কথায় বর্ণনা করা)ঃ The play has been translated word for word.

***07.*** **Translation into English.**

a) গরিবের প্রতি দয়া করো। → Show mercy on the poor.

b) গানের প্রতি আমার কোন রুচি নাই। → I have no interest in music.

c) লন্ডন শহর যেমন বড়, তেমনই সুন্দর। → The city of London is as big as it is beautiful.



Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

d) আমি যদি সক্রেটিসের মত একজন দার্শনিক হতে পারতাম। → I wish I were a philosopher like Socrates .

e) এক হাতে তালি বাজে না। → It takes two to make a quarrel.

***08.* Write a paragraph on 'COVID-19'.**

**Solution:** Corona virus disease (COVID-19) is an infectious disease caused by a newly discovered corona virus. Most people infected with the COVID-19 virus will experience mild to moderate respiratory illness and recover without requiring special treatment. Older people, and those with underlying medical problems like cardiovascular disease, diabetes, chronic respiratory disease, and cancer are more likely to develop serious illness. The best way to prevent and slow down transmission is to be well informed about the COVID-19 virus, the disease it causes and how it spreads. Protect yourself and others from infection by washing your hands or using an alcohol based rub frequently and not touching your face. The COVID-19 pandemic has led to a dramatic loss of human life worldwide and presents an unprecedented challenge to public health, food systems and the world of work. The economic and social disruption caused by the pandemic is devastating: tens of millions of people are at risk of falling into extreme poverty, while the number of undernourished people, currently estimated at nearly 690 million, could increase by up to 132 million by the end of the year. In the COVID-19 crisis food security, public health, and employment and labour issues, in particular workers' health and safety, converge. Adhering to workplace safety and health practices and ensuring access to decent work and the protection of labour rights in all industries will be crucial in addressing the human dimension of the crisis. Immediate and purposeful action to save lives and livelihoods should include extending social protection towards universal health coverage and income support for those most affected. These include workers in the informal economy and in poorly protected and low-paid jobs, including youth, older workers, and migrants. Particular attention must be paid to the situation of women, who are over-represented in low-paid jobs and care roles. Different forms of support are key, including cash transfers, child allowances and healthy school meals, shelter and food relief initiatives, support for employment retention and recovery, and financial relief for businesses, including micro, small and medium-sized enterprises. In designing and implementing such measures it is essential that governments work closely with employers and workers.

***09.* যদি $a^4 + a^2b^2 + b^4 = 3$ এবং $a^2 + ab + b^2 = 3$ হয়, তবে $a^2 + b^2$ এর মান কত?**

**Solution:** দেয়া আছে, $a^4 + a^2b^2 + b^4 = 3$ ............ $(i)$

এবং $a^2 + ab + b^2 = 3$ ................................ $(ii)$

$(i)$ নং হতে পাই, $a^4 + a^2b^2 + b^4 = 3$

$\Rightarrow (a^2)^2 + 2 \times a^2 \times b^2 + (a^2)^2 - a^2b^2 = 3$

$\Rightarrow (a^2 + b^2)^2 - (ab)^2 = 3$

$\Rightarrow (a^2 + ab + b^2)(a^2 - ab + b^2) = 3$

$\Rightarrow 3(a^2 - ab + b^2) = 3$ [মান বসিয়ে]

$\therefore a^2 - ab + b^2 = 1$................ $(iii)$

এখন $(ii)$ এবং $(iii)$ নং সমীকরণ যোগ করে পাই

$a^2 + ab + b^2 + a^2 - ab + b^2 = 3 + 1$

$\Rightarrow 2(a^2 + b^2) = 4$

$\therefore (a^2 + b^2) = \frac{4}{2} = 2$

***10.* $a^2 - \sqrt{3}\,a + 1 = 0$ হলে, $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?**

**Solution:** দেয়া আছে, $a^2 - \sqrt{3}\,a + 1 = 0$

$\Rightarrow a^2 + 1 = \sqrt{3}\,a$

$\Rightarrow \frac{a^2 + 1}{a} = \frac{\sqrt{3}\,a}{a}$

$\therefore a + \frac{1}{a} = \sqrt{3}$

এখন, $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3 \times a \times \frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (\sqrt{3})^3 - 3\sqrt{3} = 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

***11.* একটি জিনিস ৬১২ টাকায় বিক্রি করলে ১৫% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হয়?**

**Solution:** মনে করি, ক্রয়মূল্য = ১০০ টাকা

১৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ − ১৫ = ৮৫ টাকা

বিক্রয়মূল্য ৮৫ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

বিক্রয়মূল্য ৬১২ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১০০ \times ৬১২}{৮৫}$

= ৭২০ টাকা

Recent Publication



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## *Android Application "Job Circular"*

নিয়োগ বিজ্ঞপ্তি, পরীক্ষার সময়সূচী, ফলাফল, প্রবেশপত্র ও অন্যান্য নোটিশ এবং নিয়োগ পরীক্ষার প্রস্তুতি সহ নিয়োগ সংক্রান্ত সকল তথ্য নিয়ে এই অ্যাপ।

### সংক্ষিপ্ত বৈশিষ্ট্য

দৈনিক পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত প্রতিদিনের চাকরির বিজ্ঞপ্তি
পরীক্ষা সময়সূচী এবং ফলাফল সহ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ
সাপ্তাহিক চাকরির পত্রিকা (HD Picture এবং PDF আকারে)
আবেদনের ফরম ডাউনলোড এবং চালান/ব্যাংক ড্রাফট ফরম পূরণ ও আবেদনের নিয়ম এবং অনলাইনে আবেদনের ঠিকানা
নিয়োগ পরীক্ষার প্রস্তুতি, মডেল টেস্ট সহ পরীক্ষা প্রস্তুতি সহায়ক সকল তথ্য
Favorite (Bookmark) system: এর মাধ্যমে আপনি আপনার পছন্দের বিজ্ঞপ্তি, নোটিশ, চাকরির প্রস্তুতি সহায়ক বিভিন্ন বিষয় Save করে রাখতে পারবেন।
আবেদনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে গুরুত্বপূর্ণ চাকরির বিজ্ঞপ্তি ও প্রবেশ পত্র ডাউনলোড এবং অন্যান্য নোটিশ এর Reminder




### বিস্তারিত বৈশিষ্ট্য

**নতুন/গুরুত্বপূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি ও পরীক্ষার নোটিশের "Notification"**

এর মাধ্যমে আপনি আপনার মোবাইলের Notification বার এ জানতে পারবেন গুরুত্বপূর্ণ চাকরির খবর এবং পরীক্ষার নোটিশ।

**Notification Category**

কোন ধরণের নোটিফিকেশন পেতে চান সেটি বাছাই করতে পারবেন এবং আপনার অপছন্দের ক্যাটাগরি/নোটিফিকেশন বন্ধ রাখতে পারবেন।

**≡ জব ক্যাটাগরি**

বিজ্ঞপ্তিগুলো সহজে খুজে পাবার জন্য আছে বিভিন্ন ক্যাটাগরি। যেমন -

*General Job Category:*

| | | |
|---|---|---|
| ➲ সরকারি চাকরি | ➲ ব্যাংক জব | ➲ এনজিও জবস |
| ➲ শিক্ষক নিয়োগ | ➲ মার্কেটিং / সেলস | ➲ রেলওয়ে জব |
| ➲ ডিফেন্স এ চাকরি | ➲ সাপ্তাহিক চাকরির পত্রিকা | ➲ অন্যান্য বেসরকারি চাকরি |

*Special Job Category:*

| | |
|---|---|
| ➲ Hot Jobs | ➲ Date Wise Jobs |
| ➲ Part Time Jobs | ➲ Under Graduate Jobs |
| ➲ Graduates Jobs | ➲ Post Graduate Jobs |
| ➲ Deadline Today Jobs | ➲ Deadline Tomorrow Jobs |
| ➲ Any Other Deadline Jobs | ➲ Archive / Expired Job |

**≡ জব এক্সাম নোটিশ ক্যাটাগরি**

নিয়োগ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ পাবেন এই ক্যাটাগরিতে।

| | | | |
|---|---|---|---|
| পরীক্ষার সময়সূচী | পরীক্ষার ফলাফল | প্রবেশপত্র | অন্যান্য নোটিশ |

**Reminder**

আবেদনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে গুরুত্বপূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি ও প্রবেশ পত্র ডাউনলোড এবং অন্যান্য নোটিশ এর Reminder

**ক্যারিয়ার গাইড**

চাকরির পরীক্ষা সহায়ক বিভিন্ন তথ্য এবং Article ও পরামর্শ। বিষয়ভিত্তিক চাকরির প্রস্তুতি, শর্টকাট টেকনিক, মোটিভেশন সহ আরো অনেক কিছু।

**প্রতিদিনের তথ্য**

বিভিন্ন দৈনিক পত্রিকা ও অনলাইনে থেকে গুরুত্বপূর্ণ সাধারণ জ্ঞানমূলক তথ্য।

**অনুবাদ চর্চা**

দৈনিক ইংরেজি ও বাংলা পত্রিকার গুরুত্বপূর্ণ Article এর Vocabulary ও অনুবাদ। এবং এই Vocabulary গুলোর আলোকে মডেল টেস্ট/কুইজ।

www.prebd.com

**সাম্প্রতিক তথ্য**

বিভিন্ন পত্রিকা ও অন্যান্য উৎস থেকে বাংলাদেশ এবং বিশ্বের সাম্প্রতিক তথ্য।

**ডাউনলোড জোন**

চাকরির প্রস্তুতির জন্য বিভিন্ন বই এবং অনলাইনে প্রকাশিত সকল বিষয়ের তথ্যের PDF।

**ইন্টারভিউ টিপস**

ইন্টারভিউ এর জন্য কিভাবে নিজেকে প্রস্তুত করবেন সেই সকল বিষয়ে অভিজ্ঞদের পরামর্শ।

**ভাইভা অভিজ্ঞতা**

চাকরির ভাইভাতে কিধরণের প্রশ্নের সম্মুখীন হতে হয় সেই সকল তথ্য নিয়ে এই ক্যাটাগরি। বিসিএস, ব্যাংক সহ অন্যান্য নিয়োগ ভাইভা অভিজ্ঞতা এখানে পাবেন।

**প্রশ্ন ব্যাংক এবং সাম্প্রতিক পরীক্ষার প্রশ্ন - উত্তর**

বিভিন্ন নিয়োগ পরীক্ষা- BCS, NTRCA, Primary সহ অন্যান্য নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্ন এবং সমাধান। এবং প্রতিনিয়ত যে সকল নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয় তার প্রশ্ন-সমাধান।

**মডেল টেস্ট**

এই ক্যাটাগরিতে "ব্যাখ্যা সহ/ছাড়া" মডেল টেস্ট পাবেন। (With timer /Without timer আপনার পছন্দ মত মডেল টেস্ট দিতে পারবেন)। বিষয়ভিত্তিক সহ আরো অনেক ক্যাটাগরির মডেল টেস্ট।

**National University News**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল খবরাখবর নিয়ে আছে আলাদা ক্যাটাগরি।

**Job Age Calculator**

চাকরির বয়স বের করার ক্যালকুলেটর। এই Job Age Calculator এর মাধ্যমে আপনি আপনার কাঙ্ক্ষিত বয়স বের করতে পারবেন।

**Search Option**

নিয়োগ বিজ্ঞপ্তি বা পরীক্ষার নোটিশ খুজে পাওয়ার জন্য আছে সার্চ অপশন।

**Day-Night Mode**

সহজে এবং দীর্ঘক্ষণ অ্যাপ ব্যবহার উপযোগী ডে/নাইট মুড অপশন।

**এছাড়াও Notification Sound and Vibration Control, Keep Screen On, Dim Light mode Option, National University News সহ আরো অনেক ফিচার।**

**এক কথায় চাকরির প্রস্তুতি/খোঁজা থেকে শুরু করে চাকরি পাওয়া পর্যন্ত সকল তথ্য পাবেন এই অ্যাপটিতে।**

এই আপস এর বৈশিষ্ট্য গুলো যদি আপনার ভাল লাগে তাহলে আজই ডাউনলোড করুন।

App Download Link: https://play.goo... tails?id=com.careerguidebd.jobcircular

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## বাংলাদেশ গ্যাস ফিল্ড'স কোম্পানি লিমিটেড

**পদের নামঃ সহকারী ব্যবস্থাপক**

তারিখঃ ১০.০৩.২০১৭; সময়ঃ ৫০ মিনিট; পূর্ণমাণঃ ৫০

***Q. 01 – 06:*** *Select the word/ phrase you think is closest in meaning to the phrase underlined.*

***01.*** **Raj and Riaz have never seen <u>eye to eye</u> on politics.**

a) Sharing the same view
b) Disagreement partly
c) Intimacy
d) Enmity
e) None ***ans.* A**

***Solution:*** Eye to eye একটি Phrase যার অর্থ সম্পূর্ণরূপে একমত হওয়া; অভিন্ন মত পোষণ করা। Intimacy অর্থ সদ্ভাব। Enmity অর্থ শত্রুতা। Sharing the same view অর্থ একই মত পোষণ করা।

**বাক্যের অর্থঃ** রাজনীতির ব্যাপারে রাজ ও রিয়াজ কখনো একমত হয়নি।

***02.*** **The man did the work <u>in the nick of time</u>.**

a) Right on time b) After deadline
c) Long before deadline
d) Very last minute e) None ***ans.* D**

***Solution:*** এখানে In the nick of time একটি Phrase যার অর্থ ঠিক সময়মতো; সন্ধিক্ষণে। In the nick অর্থ কয়েদখানায়; শ্রীঘরে।

**বাক্যের অর্থঃ** লোকটি একেবারে শেষ মুহূর্তে কাজটি করেছিল।

***03.*** **Why do you <u>toot your own horn</u>?**

a) Self destruction b) Boast
c) Possessive d) Talks a lot
e) None ***ans.* B**

***Solution:*** Toot your own horn অর্থ গর্ব; অহংকার। Self destruction অর্থ ধ্বংস। Possessive অর্থ করায়ত্ব করা। Toot one's own horn = to boast about one's own skills, achievements etc = নিজের দক্ষতা, সফলতা/কৃতিত্ব নিয়ে গর্ব করা।

**বাক্যের অর্থঃ** নিজের কৃতিত্ব নিয়ে কেন গর্ব করো?

***04.*** **The watch costs a <u>pretty penny</u>.**

a) Expensive b) Cheap
c) Very expensive d) Very cheap
e) None ***ans.* C**

***Solution:*** Pretty penny অর্থ এক গাদা/ কাড়ি। অর্থৎ খরচের ব্যাপারে খুবই ব্যয়বহুল বা Very expensive. যেমনঃ It lost me a pretty penny. কিন্তু Cheap অর্থ সুলভ; সস্তা। Very Cheap অর্থ খুব সস্তা।

**বাক্যের অর্থঃ** ঘড়িটির দাম অনেক বেশি।

***05.*** **He <u>went back on</u> his promise to vote for me.**

a) Withdrew b) Admitted c) Reinforced
d) Supported e) None ***ans.* A**

***Solution:*** Go back on অর্থ প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হওয়া। Go with অর্থ কারো কোনো প্রস্তাবে সম্মতি দান করা। Go away with অর্থ দল ত্যাগ করে কারো সাথে কোথাও যাওয়া।

Go back on one's promise / word / pledge মানে প্রতিশ্রুতি বা শপথ ভঙ্গ করা।

**বাক্যের অর্থঃ** আমার পক্ষে ভোট দেয়ার প্রতিশ্রুতি সে ভেঙ্গেছিল।

***06.*** **I requested him <u>to put in a word</u> for me.**

a) Introduce b) Oppose c) Support
d) Reconcile e) None ***ans.* C**

***Solution:*** Put in a word বা Put in a good word এই Phrase টির অর্থ হলো কারো সম্পর্কে ভালো কিছু বলা। কাউকে Recommend করা ইত্যাদি। আর কাউকে Recommend করা মানে কিন্তু আসলে কাউকে Support করাই বোঝায়।

**বাক্যের অর্থঃ** আমার পক্ষে ভাল কিছু বলতে আমি তাকে অনুরোধ করেছিলাম।

***Q. 07 to 12:*** *For each question, select the word that best matches the definite provided.*

***07.*** **Very confident behaviour, or intended to be noticed, especially by being brightly coloured =**

a) Exhibitionist b) Flamboyant
c) Conversationalist d) Charlatan
e) None ***ans.* B**

***Solution:*** এখানে, Flamboyant অর্থ আচরণে খুবই আত্মবিশ্বাসী বা জৌলুসপূর্ণ। কিন্তু, Exhibitionist অর্থ নিজেকে জাহির করতে ব্যগ্র ব্যক্তি। Charlatan অর্থ হাতুড়ে বৈদ্য বা ডাক্তার। Conversationalist অর্থ বাক্তত্ত্ববিদ।

***08.*** **A state of mind with reference to confidence and courage =**

a) Morale b) Moral c) Morality
d) Mural e) None ***ans.* A**

***Solution:*** A state of mind = আত্মবিশ্বাস ও সাহসিকতাপূর্ণ মনের অবস্থা = Morale (মর‍্যাল্) = মনোবল।

***09.*** **A public declaration, making announcement or explanation =**

a) Manifesto b) Memorandum
c) Pamphlet d) Brochure
e) None ***ans.* A**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** Manifesto অর্থ (শাসক, রাজনৈতিক দল প্রভৃতি কতৃক উদ্দেশ্য, কর্মসূচী প্রভৃতি সম্বন্ধে) প্রকাশ্য লিখিত ঘোষণা যাকে ইংরেজিতে A public declaration, making announcement or explanation বলা যায়।

**10. An earnest request =**

a) Pledge b) Inquisition c) Entreaty
d) Invitation e) None **ans. C**

**Solution:** A earnest request = Entreaty = সনির্বন্ধ অনুরোধ। কিন্তু, Pledge অর্থ জামানত। Inquisition অর্থ তল্লাশি বা অনুসন্ধান। Invitation অর্থ দাওয়াত।

**11. Forms of speech that are peculiar to people based in a particular region =**

a) Dialogue b) Dialect c) Linguistics
d) Discourse e) None **ans. B**

**Solution:** Dialect হচ্ছে এক ধরনের আঞ্চলিক ভাষা যাকে ইংরেজিতে Forms of speech that are peculiar to people based in a particular region বলা যায়। কিন্তু, Dialogue অর্থ সংলাপ। Linguistics অর্থ ভাষাবিজ্ঞান। Discourse অর্থ ধর্ম উপদেশ।

**12. Someone who attempts to be united with God through prayer =**

a) Pious b) Saint c) Honorary
d) Mystic e) None **ans. D**

**Solution:** Mystic বলতে আসলে এমন ব্যক্তিকে বুঝানো হয় এক আল্লাহর সাথে প্রার্থনার মাধ্যমে নৈকট্য লাভ করতে চান। একে এক কথায় মরমী বলা যায়। কিন্তু, Pious দ্বারা ধার্মিক ব্যক্তিকে বুঝানো হয়। Saint দ্বারা সিদ্ধ পুরুষ বা নারীকে বুঝানো হয়।

**13. বাংলা লিপির গঠনকার্য কোন আমলে শুরু হয়?**

a) সেন আমলে b) গুপ্ত আমলে c) পাল আমলে
d) পাঠান আমলে e) কোনটিই নয় **ans. A**

**Solution:** বাংলা লিপির গঠন কার্য সেন যুগে শুরু হলেও পাঠান যুগে তা স্থায়ী রূপ লাভ করে। বাংলা লিপির ব্যবহার প্রায়ই মধ্যযুগীয় ভারতের পূর্বাঞ্চলে এবং তারপর পাল সাম্রাজ্যের মধ্যে ব্যবহার ছিল। পরে বিশেষভাবে বাংলার অঞ্চলে ব্যবহার করা অব্যাহত ছিল। এই বাংলা লিপিটিকে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির রাজত্বের অধীনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর দ্বারা আধুনিক বাংলা লিপিতে প্রমিত করা হয়েছিল।

**14. 'প্রভাবতী সম্ভাষণ' কার রচনা?**

a) দেবেন্দ্রনাথ ঠাকুর b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) রামমোহন রায় d) দীনবন্ধু মিত্র
e) কোনটিই নয় **ans. B**

**Solution:** বাংলা ভাষায় রচিত প্রথম মৌলিক গদ্য রচনা হলো 'প্রভাবতী সম্ভাষণ' (১৮৯২)।

**15. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?**

a) অজ্ঞান b) অনুমান c) অনুগমন
d) অকৃতজ্ঞ e) কোনটিই নয় **ans. C**

**Solution:** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্যটি রচিত হয়। যেমনঃ পশ্চাৎ (অনু) পশ্চাৎ গমন = অনুগমন; পশ্চাৎ ধাবন = অনুধাবন; জানু পর্যন্ত লম্বিত (পর্যন্ত শব্দের অব্যয় 'আ') = আজানুলম্বিত (বাহু), মরণ পর্যন্ত = আমরণ।

**16. 'ডালে ডালে কুসুম ভার' এখানে 'ভার' কোন অর্থে প্রকাশ করেছে?**

a) সমূহ b) বোঝা c) গুরুত্ব
d) বিষাদ e) কোনটিই নয় **ans. A**

**17. বচন আলোচিত হয়**

a) বাক্যতত্ত্বে b) বর্ণতত্ত্বে c) ধ্বনিতত্ত্বে
d) রূপতত্ত্বে e) কোনটিই নয় **ans. D**

**Solution:** রূপতত্ত্বের আলোচ্য বিষয়গুলো হলোঃ বচন, সমাস, কারক, ধাতু, উপসর্গ, অনুসর্গ, পদ প্রকরণ ইত্যাদি।

**18. 'ডেকে ডেকে হয়রান হয়েছি' এখানে 'ডেকে ডেকে' দ্বিরুক্তিটি কোন অর্থ নির্দেশ করে?**

a) স্বল্পকাল অর্থে b) দীর্ঘকাল স্থায়ী
c) অস্থিরতা d) পৌনঃপুনিকতা
e) কোনটিই নয় **ans. D**

**Solution:** ক্রিয়াবাচক শব্দঃ
স্বল্পকাল স্থায়ী বোঝাতেঃ দেখতে দেখতে আকাশ কালো হয়ে এলো।
পৌনঃপুনিকতা বোঝাতেঃ ডেকে ডেকে হয়রান হয়েছি।

**19. এক কথায় প্রকাশ করুনঃ 'যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না'।**

a) দুর্গম b) দুস্তর c) দুর্জয়
d) দুর্লভ e) কোনটিই নয় **ans. B**

**Solution:** যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না = দুস্তর।
যেখানে যাওয়া কষ্টকর = দুর্গম।
যা কষ্টে জয় করা যায় = দুর্জয়।
যা কষ্টে লাভ করা যায় = দুর্লভ।

**20. 'তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি' রবীন্দ্রনাথের কোন কাব্যের অন্তর্গত?**

a) পূরবী b) আকাশ প্রদীপ c) শেষলেখা
d) সেঁজুতি e) কোনটিই নয় **ans. C**

**Solution:** কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৫৬টি কাব্যগ্রন্থের মধ্যে 'শেষলেখা' কাব্যগ্রন্থের একটি উল্লেখযোগ্য চরণ।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

*21.* **সন্ধি বিচ্ছেদ করুনঃ 'নিরবধি'।**
a) নির + অবধি b) নির + বধি
c) নিরঃ + অবধি d) নিরঃ + বধি
e) কোনটিই নয় ***ans.* A**

*22.* **'Civil' শব্দের পারিভাষিক শব্দ কোনটি?**
a) কেরানি b) দেশীয় c) নাগরিক
d) দেওয়ানি e) কোনটিই নয় ***ans.* D**

*23.* **কবি ভারতচন্দ্রকে 'রায়গুণাকর' উপাধি দিয়েছিলেন কে?**
a) রঘুনাথ মজুমদার b) রাজা কৃষ্ণচন্দ্র
c) দ্বিজ বংশীয়দাস d) ময়ূর ভট্ট
e) কোনটিই নয় ***ans.* B**

**Solution:** রাজা কৃষ্ণচন্দ্র তাঁর কবিত্ব শক্তিতে মুগ্ধ হয়ে তাঁকে 'রায়গুণাকর' উপাধি দিয়েছিলেন।

*24.* **বাগধারা নির্ণয় করুনঃ 'ছুঁচোর কেত্তন'।**
a) অবিরাম কলহ b) নিষ্ঠুর বাক্য
c) আজগুবি আলাপ d) অনুরোধ করা
e) কোনটিই নয় ***ans.* A**

*25.* **A barge, when empty, travels twice as fast as when it is full. If it travels 20 miles north with a cargo, spends 30 minutes for unloading, and returns to its original port empty to complete the entire trip taking 8 hours, what is the speed of the barge when it is empty ?**
a) 8 mph b) 10 mph c) 12 mph
d) 15 mph e) None ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে একটি নৌকা মালভর্তি থাকা অবস্থায় যে গতিতে চলে, খালি থাকলে তার দ্বিগুণ গতিতে চলে। মালভর্তি নৌকাটি ২০ কিলোমিটার উত্তরে যেয়ে ৩০ মিনিটে মাল খালাস করে পুনরায় পূর্বের স্থানে ফিরে আসে। যাওয়া-আসা করতে মোট ৮ ঘণ্টা সময় নিলে খালি অবস্থায় যাওয়ার সময় নৌকাটির বেগ কত ছিল?

আমরা জানি, $\text{Time} = \frac{\text{Distance}}{\text{Speed}}$

প্রশ্নানুসারে, $\frac{20}{x} + \frac{20}{2x} = 7\frac{1}{2}$ [∵ 30 মিনিট সময় ধরে Unloading করতে হয়েছে, তাই 30 মিনিট বাস দেওয়া হয়েছে]

$\Rightarrow \frac{40+20}{2x} = \frac{15}{2}$

$\Rightarrow 30x = 80 + 40$

$\therefore x = 4$

∴ Empty Barge- এর গতি $= 2 \times 4 = 8$ মাইল ঘণ্টায়।

*26.* **The price of commodity X increases by 40 paisa every year, while the price of commodity Y increases by 15 paisa every year. If in 2001, the price of commodity X was Tk 4.20 and that of Y was Tk 6.30, in which year commodity X will cost 40 poisa more than the commodity Y?**
a) 2010 b) 2011 c) 2012
d) 2013 e) None ***ans.* B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, X দ্রব্যের দাম প্রতিবছর ৪০ পয়সা করে বাড়ে আর Y এর দাম ১৫ পয়সা করে বাড়ে। যদি ২০০১ সালে X দ্রব্যের দাম ৪.২০ টাকা এবং Y এর দাম ৬.৩০ টাকা হলে কত সালে X এর দাম Y এর চেয়ে ৪০ পয়সা বেশি ছিল?

ধরি, Z বছর পর X পণ্যের মূল্য Y পণ্যের চেয়ে 40 পয়সা বেশি হবে।

প্রশ্নানুসারে,

$(4.20 + 0.40Z) - (6.30 + 0.15Z) = 0.40$

$\Rightarrow 4.20 + 0.40Z - 6.30 - 0.15Z = 0.40$

$\Rightarrow 0.25Z = 0.40 + 2.1$

$\Rightarrow 0.25Z = 2.5$

$\therefore Z = 10$

∴ 2001 সাল থেকে 10 বছর পর অর্থাৎ 2011 সালে X পণ্যের মূল্য Y পণ্যের চেয়ে 40 পয়সা বেশি হবে।

*27.* **At an animal shelter, the ratio of tigers to Zebras is 4 to 7. If there are 27 more zebras than tigers, how many tigers are there in the shelter?**
a) 75 b) 36 c) 45
d) 52 e) None ***ans.* B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি চিড়িয়াখানায় বাঘ ও জেব্রার অনুপাত ৪ ঃ ৭। ঐ চিড়িয়াখানায় বাঘের চেয়ে জেব্রার সংখ্যা ২৭টি বেশি হলে বাঘের সংখ্যা কত?

ধরি, বাঘ এবং জেব্রার সংখ্যা যথাক্রমে $4x$ ও $7x$

প্রশ্নানুসারে, $7x - 4x = 27$

$\Rightarrow 3x = 27$

$\therefore x = 9$

∴ বাঘের সংখ্যা $= 4x = 4 \times 9 = 36$ টি।

*28.* **A 3-digit number 4*a*3 is added to another 3-digit number 984 to give a 4-digit number 13*b*7, which is divisible by 11. Then, (*a* + *b*) =?**
a) 10 b) 11 c) 12
d) 15 e) None ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $4a3$ এর সাথে 984 যোগ করলে যোগফল হয় $13b7$ যা আবার 11 দ্বারা বিভাজ্য। প্রশ্ন হলো $(a + b) =$ কত?

দেয়া আছে, $4a3$

$$\begin{array}{r} 984 \\ \hline 13b7 \end{array}$$

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

যেহেতু, $13b7$ সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য
তাই $a + 8 = b$ হবে।
এখানে, $a = 0$ অথবা, $a = 1$ হবে। $a = 0$ হলে $b = 8$.
কিংবা $a = 1$ হলে $b = 9$ হবে।
তাই সংখ্যাটি হয় 1387 বা 1397 হবে।
কিন্তু 1387 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য নয়
এবং 1397 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য।

$\therefore$ $a + b = 1 + 9 = 10$ হবে।

***29.*** **A Salesman usually makes 45% profit on every TV he sells. During a sale, he reduces his margin of profit to 40%, while his sales increase by 10%. What is the ratio of his new profit his usual profit?**

a) 9 : 8 b) 9 : 10 c) 11 : 10
d) 44 : 45 e) None **ans. D**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, এক দোকানদার একটি TV বিক্রয় করে 45% মুনাফা করে। ছাড়ে বিক্রয়ের সময়, তার মুনাফা কমিয়ে 40% করলো। এর ফলে তার বিক্রয় 10% বেড়ে গেল। নতুন মুনাফা ও আগের মুনাফার অনুপাত কত?

মনেকরি, 45% profit- এ TV sell করে = $x$ টি।

$\therefore$ $x$ টি TV- তে Profit = $x \times 45\% = 0.45x$

আবার, 10% sales বৃদ্ধিতে New sales
$(x + x \times 10\%) = 1.10x$

$\therefore$ Profit $(1.10x \times 40\%) = \frac{110x}{100} \times \frac{40}{100} = 0.44x$

$\therefore$ New profit : Usual profit
$= 0.44x : 0.45x = \frac{0.44x}{0.45x} = \frac{44}{45} = 44 : 45$

***30.*** **Shama earns Tk. 11 for each ticket she sells, and a bonus of Tk. 2 per ticket she sells over 100. If Shama was paid a total of Tk. 2400, how many tickets did she sell?**

a) 120 b) 180 c) 200
d) 250 e) None **ans. C**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, শ্যামা প্রতিটি টিকেট বিক্রয় করে ১১ টাকা করে লাভ করে। কিন্তু ১০০টি টিকিট বিক্রির পর সে প্রতি টিকিটে আরো ২ টাকা করে বেশি লাভ করে। শ্যামা মোট ২,৪০০ টাকার টিকিট বিক্রয় করলে সে কতটি টিকিট বিক্রয় করেছিল?

ধরি, Shama টিকেট sell করেছে = $x$ টি

$\therefore$ Bonus ছাড়া all টিকেটের মূল্য = $11x$ টাকা

$\therefore$ Bonus টিকেটের সংখ্যা = $(x - 100)$ টি

প্রশ্নানুসারে, $11x + 2(x - 100) = 2{,}400$

$\Rightarrow$ $11x + 2x - 200 = 2{,}400$

$\Rightarrow$ $13x = 2{,}600$

$\therefore$ $x = 200$

$\therefore$ Shama মোট টিকেট sell করেছিল 200 টি।

***31.*** **'Monpura-70' is a painting by**

a) Kamrul Hasan b) Murtoza Basir
c) Zainul Abedin d) S M Sultan
e) None **ans. C**

***Solution:*** 'মনপুরা-৭০' শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা বিখ্যাত চিত্রকর্ম। তিনি এই চিত্রকর্মটি ১০ নভেম্বর ১৯৭০ সালে মনপুরা দ্বীপে সংঘটিত ভয়াবহ ঘূর্ণিঝড় নিয়ে এঁকেছিলেন। তাঁর আরো কিছু বিখ্যাত চিত্রকর্ম হলোঃ ম্যাডোনা-৪৩, সংগ্রাম, পাইন্যার মা, গায়ের বধূ, নবান্ন, মইটানা ইত্যাদি।

***32.*** **Which institute is the regulator of the Capital Market of Bangladesh?**

a) Bangladesh Bank
b) Ministry of Finance
c) Ministry of Commerce
d) Securities and Exchange Commission
e) None **ans. D**

***Solution:*** বাংলাদেশের পুঁজি নিয়ন্ত্রক সংস্থা হলো Bangladesh Securities and Exchange Commission সংক্ষেপে BSEC. BSEC এর অঙ্গ সংগঠন দুইটি। যথাঃ DSE (Dhaka Stock Exchange) এবং CSE (Chittagang Stock Exchange).

***33.*** **In which of the following countries did the 'Orange Revolution' take place?**

a) Ukraine b) France c) England
d) Russia e) None **ans. A**

***Solution:*** কিছু আলোচিত বিপ্লবঃ

| বিপ্লবের নাম | সময়কাল | দেশ |
|---|---|---|
| অরেঞ্জ বিপ্লব | ২০০৪ | ইউক্রেন |
| রুশ/অক্টোবর/বলশেভিক বিপ্লব | ১৯১৭ | রাশিয়া |
| ফরাসি বিপ্লব | ১৭৮৯-১৭৯৯ | ফ্রান্স |
| শিল্প বিপ্লব | ১৭৮০-১৮৫০ | ইংল্যান্ড |
| টিউলিপ বিপ্লব | ২০০৫ | কিরগিজস্তান |
| ভেলভেট বিপ্লব | ১৯৮৯ | চেকোস্লোভিয়া |

***34.*** **Which of the following countries is the most densely populated country in the world?**

a) Bangladesh b) China c) Singapore
d) Monaco e) None **ans. D**

***Solution:*** European city-state of Monaco is the most densely populated country with a population density of 25,105 people per sq. km (67,612/sq mile). Chinese territory of Macau has the world's 2nd highest population density at 21,151/km².

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

***35.*** **On which date the Ministry of Railways was established in Bangladesh?**

a) January 31, 2011 b) December 4, 2011
c) January 14, 2012 d) February 01, 2012
e) None ***ans.*** **B**

***Solution:*** রেলপথ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি স্বতন্ত্র মন্ত্রণালয়। এই মন্ত্রণালয়ের কাজ হচ্ছে রেলপথ ও রেলগাড়ির উন্নয়নে পরিকল্পনা গ্রহণ, অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা। পূর্বে এই মন্ত্রণালয় যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক পরিবহন বিভাগের অধীনে ছিল। ২৮ এপ্রিল ২০১১ সালে এক বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার যোগাযোগ মন্ত্রণালয়ের আওতায় রেলপথ বিভাগ সৃষ্টি করে এবং মন্ত্রীপরিষদ বিভাগের ৪ ডিসেম্বর ২০১১ সালে এস আরও নং ৩৬১ আইন/২০১১ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয় গঠিত হয়।

***36.*** **Which one of the following is the first community radio of Bangladesh?**

a) Radio foorti b) ABC Radio
c) Radio Padma d) Radio Amar
e) None ***ans.*** **C**

***Solution:*** বাংলাদেশের প্রথম কমিউনিটি রেডিও 'রেডিও পদ্মা' (যাত্রা শুরু ৭ অক্টোবর ২০১১)। উল্লেখ্য, বাংলাদেশের একমাত্র সরকারি কমিউনিটি রেডিও 'কৃষি রেডিও'। Radio foorti যাত্রা শুরু করে ২২ সেপ্টেম্বর ২০০৬ সালে; ABC Radio যাত্রা শুরু করে ৭ জানুয়ারি ২০০৯ সালে; Radio Amar যাত্রা শুরু করে ১১ ডিসেম্বর ২০০৭ সালে।

***37.*** **Where is the Headquarter of 'UN Women' located?**

a) Paris b) New York c) Geneva
d) Rome e) None ***ans.*** **B**

***Solution:*** জাতিসংঘের নারী বিষয়ক সংস্থা UN Women প্রতিষ্ঠিত হয় ২ জুলাই ২০১০ সালে। এই সংস্থাটির অফিসিয়াল নাম হলো United Nations Entiti for Gender Equality and the Empowerment of Women. এর সদর দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত।

***38.*** **The first Bangladeshi to receive the "Knight Award" from the Queen of Britain**

a) Dr. Md. Yunus b) Abdullah Abu Syed
c) Fazle Hasan Abed d) F. R. Khan
e) None ***ans.*** **C**

***Solution:*** স্যার ফজলে হাসান আবেদ একজন বাংলাদেশী সমাজকর্মী এবং বিশ্বের বৃহত্তম বেসরকারি সংগঠন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান। সামাজিক উন্নয়নে তার অসামান্য ভূমিকার জন্য তিনি রামোন ম্যাগসেসে পুরস্কার (১৯৮০), ইউনেস্কো নোমা পুরস্কার (১৯৮৫), ইউনিসেফ মরিস পেট পুরস্কার (১৯৯২) এবং গেট ফাউন্ডেশনের বিশ্ব স্বাস্থ্য পুরস্কার (২০০৪) লাভ করেছেন। দারিদ্র বিমোচন এবং দরিদ্রের ক্ষমতায়নে বিশেষ ভূমিকার স্বীকৃতিস্বরূপ ব্রিটিশ সরকার তাকে নাইটহুডে ভূষিত করে।

***39.*** **In which country is 'Benaghazi' located?**

a) Tunisia b) Egypt c) Libya
d) Afghanistan e) None ***ans.*** **C**

***Solution:*** বেনগাজি লিবিয়ার একটি শহর। ভূমধ্যসাগরের সিড্রা উপসাগরে অবস্থিত, বেনগাজি একটি প্রধান সমুদ্রবন্দর এবং দেশের দ্বিতীয় সর্বাধিক জনবহুল শহর।

***40.*** **Which organization publishes the 'Banglapedia'?**

a) Bangla Academy b) University of Dhaka
c) Sishu Academy d) Shilpakala Academ
e) None ***ans.*** **E**

***Solution:*** বাংলাদেশের জাতীয় এনসাইক্লোপিডিয়া প্রথম বাংলাদেশী বিশ্বকোষ। এটি প্রিন্ট, সিডি-রম ফর্ম্যাট এবং অনলাইনে, বাংলা ও ইংরেজি উভয় ক্ষেত্রেই উপলব্ধ। মুদ্রণ সংস্করণে ৫০০ পৃষ্ঠার দশটি ভলিউম রয়েছে। প্রথম সংস্করণ ২০০৩ সালের জানুয়ারিতে 'এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ' (Asiatic Society of Bangladesh) দ্বারা প্রকাশিত হয়েছিল। প্রতি দুই বছর অন্তর এটি আপডেট করার পরিকল্পনা নিয়েছে।

***41.*** **What is Micronesia?**

a) Small islands situated in the Oceania area
b) Process to suck minerals from porous rock
c) A category of porous rock that contains petroleum
d) A motherboard used in smart phones
e) None ***ans.*** **A**

***Solution:*** মাইক্রোনেশিয়া ওশেনিয়া মহাদেশের স্বাধীন দেশ। প্রশান্ত মহাসাগরের ৫টি দ্বীপের সমন্বয়ে গঠিত একটি দ্বীপ রাষ্ট্র। এগুলো হলোঃ মাইক্রোনেশিয়া, কিরিবাতি, নাউরু, মার্শাল দ্বীপপুঞ্জ ও পালাউ।

***42.*** **From which year has the 'International Mother Language Day' been observed?**

a) 1998 b) 1999 c) 2000
d) 2001 e) None ***ans.*** **C**

***Solution:*** কানাডার ভ্যাঙ্কুভার শহরে বসবাসরত দুই বাঙালি রফিকুল ইসলাম এবং আব্দুস সালাম প্রাথমিক উদ্যোক্তা হিসেবে একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

দিবস' হিসেবে ঘোষণার আবেদন জানিয়েছিলেন জাতিসংঘের মহাসচিব কফি আনানারে কাছে ১৯৯৮ সালে। ১৯৯৯ সালের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসংঘের সদস্যদেশসমূহে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

***43.* Who was awarded the Nobel Peace Prize 2016?**

a) Oliver Hart  b) J. Michael Kosterlitz
c) Bob Dylan  d) Juan Manuel Santos
e) None  ***ans.* D**

***Repeat:*** বাখারাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (সহকারী ব্যবস্থাপক-জেনারেল) ৩১.০৩.২০১৭ এবং প্রশ্ন নং ৪৩.

***44.* How many goals are there under Sustainable Development Goals (SDG)?**

a) 15  b) 17  c) 19
d) 20  e) None  ***ans.* B**

***Solution:*** টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) এর লক্ষ্যগুলো হলোঃ ১. দারিদ্র্য নির্মূল; ২. ক্ষুধামুক্তি; ৩. সুস্বাস্থ্য; ৪. মানসম্পন্ন শিক্ষা; ৫. লিঙ্গ সমতা; ৬. বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশন; ৭. সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি; ৮. উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি; ৯. শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো; ১০. বৈষম্য হ্রাস; ১১. টেকসই শহর ও জনগণ; ১২. পরিমিত ভোগ; ১৩. জলবায়ুবিষয়ক পদক্ষেপ; ১৪. পানির নিচে প্রাণ; ১৫. স্থলভাগের জীবন; ১৬. শান্তি ও ন্যায়বিচার এবং ১৭. লক্ষ্য অর্জনে অংশীদারত্ব।

***45.* When was the flag of Bangladesh first raised?**

a) March 2, 1971  b) March 7, 1971
c) March 25, 1971  d) March 26, 1971
e) None  ***ans.* A**

***Solution:*** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের পশ্চিম দিকের গেটে শিবনারায়ণ দাসের ডিজাইনকৃত বাংলাদেশের জাতীয় পতাকা ২ মার্চ ১৯৭১ সালে প্রথমবারের মতো উত্তোলন করেন ছাত্রনেতা আ.স.ম. আব্দুর রব।

***46.* As per the Global Livability Survey, which city has been ranked as the most livable city of the world?**

a) Oslo  b) Melbourne  c) Amsterdam
d) Copenhagen  e) None  ***ans.* Note**

***Solution:*** The Economist Intelligence Unit ২০১৯ সালের Global Livability Index প্রকাশ করেছে। এতে বিশ্বের ১৪০টি শহরকে তালিকাভূক্ত করা হয়েছে। এ সময় শহরগুলির Stability, Healthcare, Culture and environment, Education, Infrastructure ইত্যাদি বিবেচনায় আনা হয়েছে ছিলো। এতে ১ নম্বর অবস্থানে আছে অস্ট্রিয়ার ভিয়েনা।

***47.* 'G-15' is an economic grouping of which of the following?**

a) First World Nations
b) Second World Nations
c) Third World Nations
d) Fourth World Nations
e) None  ***ans.* C**

***Solution:*** তৃতীয় বিশ্বের অনুন্নত দেশগুলো নিয়ে G-15 গঠিত হয়। এটি ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয় আর এর সদরদপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়।

***48.* The average salinity of sea of water is**

a) 1%  b) 2.5%  c) 3.5%
d) 5%  e) None  ***ans.* C**

***Solution:*** সমুদ্রের পানি হলো লবণাক্ত। বৈশ্বিক সমুদ্রের জলের গড় লবণাক্ততা প্রায় ৩.৫% (৩৫ গ্রাম/লিটার), এর অর্থ ১ কিলোগ্রামে ৩৫ গ্রাম দ্রবীভূত লবণ রয়েছে। সমুদ্রপৃষ্ঠের গড় ঘনত্ব ১.০২৫ গ্রাম/লিটার (৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায়)। সমুদ্রের জল স্বাদু পানি ও বিশুদ্ধ জলের চেয়ে ঘন, কারণ সমুদ্রের পানিতে নানান পদার্থ দ্রবীভূত থাকে। সমুদ্রের জলের যত লবণাক্ততা বাড়ে, এর হিমাঙ্ক তত কমে যায়। সমুদ্রের পানির হিমাঙ্ক প্রায় - ২ ডিগ্রি সেলসিয়াস। সমুদ্রের পানি খানিকটা ক্ষারীয় (পিএইচ ৭.৫ থেকে ৮.৫৪)।

***49.* On which date, the World Human Rights Day is observed?**

a) 24 February b) 17 March c) 10 December
d) 12 May  e) None  ***ans.* C**

***Solution:*** মানবাধিকার দিবস জাতিসংঘের নির্দেশনায় বিশ্বের সকল দেশে প্রতি বছর ১০ ডিসেম্বর পালিত হয়। জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক ১০ ডিসেম্বর, ১৯৪৮ সাল থেকে দিবসটি উদযাপন করা হয়। এছাড়াও 'সর্বজনীন মানব অধিকার সংক্রান্ত ঘোষণাক' বাস্তবায়নের লক্ষ্যে এ তারিখকে নির্ধারণ করা হয়। সার্বজনীন মানব অধিকার ঘোষণা ছিল ২য় বিশ্বযুদ্ধ পরবর্তী নবরূপে সৃষ্ট জাতিসংঘের অন্যতম বৃহৎ অর্জন।

***50.* On which year, 26 March was first declared as the independence or National Day of Bangladesh?**

a) 1972  b) 1974  c) 1980
d) 1988  e) None  ***ans.* C**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## বাখারাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ

**পদের নামঃ সহকারী ব্যবস্থাপক (জেনারেল)**

তারিখঃ ৩১.০৩.২০১৭; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমাণঃ ১০০

***Q. 01 – 10:*** *Fill in the blanks.*

***01.*** **My uncle considered ____ his business, when it was running really low.**
a) sell b) selling
c) to sell d) to be selling ***ans.* B**

**Solution:** Admit, avoid, carry on, deny, enjoy, fancy, feel, like, finish, postpone, practise, suggest এই Verb গুলোর সাথে 'ing' যুক্ত হয়।
**বাক্যের অর্থঃ** আমার চাচা তার ব্যবসায়িক প্রতিষ্ঠানটি বিক্রয়ের কথা ভেবেছিলেন যখন ব্যবসাটি প্রকৃতপক্ষে খারাপ চলছিল।

***02.*** **I would have lent you my laptop if you _____ me.**
a) could ask b) would have asked
c) could of asked d) had asked ***ans.* D**

**Solution:** Conditional sentence এ would have/could have/might have ইত্যাদি থাকলে, if যুক্ত অংশটি Past perfect হয়।
**বাক্যের অর্থঃ** তুমি চাইলে আমার ল্যাপটপটি তোমাকে ধার দিতাম।

***03.*** **The low calorie version of the Coca Cola was developed at the ____ of weight conscious individuals.**
a) awareness b) opinion
c) caprice d) behest ***ans.* D**

**Solution:** At someone's/ somebody's behest অর্থ কারো নির্দেশে বা আদেশে। যেমনঃ The murder was beheaded at the king's behest. কিন্তু Awareness অর্থ সতর্কতা। Opinion অর্থ মতামত। Caprice Somebody's behest অর্থ খেয়ালখুশি, কারো আদেশ বা অনুরোধ।
**বাক্যের অর্থঃ** স্বাস্থ্য সচেতন ব্যক্তিদের কথায় কোকাকোলার অল্প ক্যালরি ভার্সন প্রস্তুত করা হয়।

***04.*** **Although Asif is not a/an ____, he cannot keep a regular job and relocates quite often.**
a) vagrant b) stupid
c) imbecile d) arrogant ***ans.* A**

**Solution:** Vagrant অর্থ যে ব্যক্তির স্থায়ী আবাস নেই বা চাকরি যার নিয়মিত বা স্থায়ী নয়। Stupid অর্থ বোকা। Imbecile অর্থ নির্বোধ; Arrogant অর্থ উদ্ধত।
**বাক্যের অর্থঃ** যদিও আসিফ যাযাবর নয়, সে নির্দিষ্ট কোনো চাকরি করে না এবং প্রায়ই তার অবস্থান পরিবর্তন করে।

***05.*** **If you don't know what the word means, look it ____ ; ____ a dictionary.**
a) up; from b) in; from
c) up; in d) for; in ***ans.* C**

**Solution:** Look up অর্থ খুঁজে বের করা। Put in for something অর্থ দরখাস্ত করা।
**বাক্যের অর্থঃ** শব্দটির অর্থ না জানলে ডিকশনারিতে খুঁজে দেখ।

***06.*** **The speaker failed to ____ the crowd.**
a) collaborate b) stimulate
c) speculate d) articulate ***ans.* B**

**Solution:** Fail to stimulate অর্থ উদ্দীপিত করতে ব্যর্থ হওয়া; জাগিয়ে তুলতে ব্যর্থ হওয়া। কিন্তু Collaborate অর্থ সহযোগীরূপে কাজ করা; Stimulate অর্থ উত্তেজিত করা; Speculate অর্থ অনুমান করা; Articulate অর্থ (কথা সম্বন্ধে) স্বতন্ত্র ধ্বনি ও শব্দসমূহের স্পষ্টতাসম্পন্ন; স্পষ্টভাবে (শব্দ) উচ্চারণ করা।
**বাক্যের অর্থঃ** বক্তা জনসাধারণকে উদ্দীপিত করতে ব্যর্থ হয়েছিল।

***07.*** **There were ____ guests than I expected.**
a) less b) lesser
c) fewer d) few ***ans.* C**

**Solution:** Guests শব্দটিকে গণনা করা যায়, তাই এর পূর্বে Few বা Fewer এর যেকোনোটি হবে। শেষে Than দ্বারা তুলনা করা বুঝাচ্ছে বলে Fewer হবে। অন্যভাবে Fewer এরপরে Countable noun বসে, তাই উত্তর হবে অপশন *c*).
**বাক্যের অর্থঃ** আমরা প্রত্যাশার চাইতে সেখানে কম সংখ্যক অতিথি ছিল।

***08.*** **Even though she appeared ____, my teacher was a very kind woman.**
a) livid b) lucid
c) austere d) allure ***ans.* C**

**Solution:** Appear someone austere অর্থ কাউকে কঠোর মনোভাবসম্পন্ন মনে হওয়া। কিন্তু, Lucid অর্থ স্পষ্ট/সহজবোধ্য। Austere অর্থ নৈতিকতায় কঠোর। Allure অর্থ প্রলুব্ধ করা; মুগ্ধ করা।
**বাক্যের অর্থঃ** যদিও আমার শিক্ষিকাকে কঠোর মনে হয়েছিল, তিনি আসলে একজন দয়ালু শিক্ষিকা।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**09. The missile launch is sure to ____ the relationship between the two countries.**
a) end b) rupture
c) rift d) subjugate **ans. B**

**Solution:** Rupture অর্থ ছেদন করা বা ছিন্ন হওয়া, Rift অর্থ ফাটল, Subjugate অর্থ দমন করা।
**বাক্যের অর্থঃ** মিসাইল নিক্ষেপন দুই দেশের মধ্যে চিড় ধরাবে।

**10. He ____ so hard that there is no way he can fail.**
a) pleaded b) toiled
c) swayed d) persuaded **ans. B**

**Solution:** Toil = কঠোর পরিশ্রম করা; কিন্তু Plead = অনুনয়-বিনয় করা। Sway = আন্দোলিত হওয়া। Persuade = প্ররোচিত করা।
**বাক্যের অর্থঃ** সে এত কঠোর পরিশ্রম করেছিল যে তার ব্যর্থ হওয়ার কোন সুযোগ নেই।

**Q. 11 – 20:** *Choose the word that is closest in meaning with the word underlined.*

**11. Burgeon**
a) Concise b) Flourish
c) Unanimous d) Beautiful **ans. B**

**Solution:** Burgeon অর্থ দ্রুত বিকশিত হওয়া। Concise অর্থ সংক্ষিপ্ত। Flourish অর্থ বিকশিত হওয়া। Unanimous অর্থ ঐক্যমত। Beautiful অর্থ সুন্দর।

**12. Semblance**
a) Impression b) Dismantle
c) Concise d) Disparate **ans. A**

**Solution:** Semblance অর্থ সাদৃশ্য/মিল; আভাস। Impression অর্থ প্রভাব। Dismantle অর্থ সংক্ষিপ্ত। Concise অর্থ সংক্ষিপ্ত। Disparate অর্থ অমিল।

**13. Inundate**
a) Inconsistent b) Unpleasant
c) Submerge d) Obtrusive **ans. C**

**Solution:** Inundate অর্থ প্লাবিত করা। Inconsistent অর্থ সামঞ্জস্যহীন। Unpleasant অর্থ অপ্রীতিকর। Submerge অর্থ প্লাবিত হওয়া। Obtrusive অর্থ অনধিকার চর্চাপ্রবণ।

**14. Inexplicable**
a) Massive b) Conducing
c) Excess d) Perplexing **ans. D**

**Solution:** Inexplicable অর্থ ব্যাখ্যার অতীত; ব্যাখ্যা করা যায় না এমন। Massive অর্থ বিশাল। Conduce অর্থ সংঘটনে সাহায্য করা। Excess অর্থ অতিরিক্ত। Perplexing অর্থ হতবুদ্ধি করে এমন।

**20. Humility**
a) Bravery b) Modesty
c) Insult d) Severe **ans. B**

**Solution:** Humility অর্থ বিনয়/বিনম্রতা। Bravery অর্থ সাহস। Modesty অর্থ বিনয়। Insult অর্থ অপমান করা। Severe অর্থ কঠোর।

**21. 'নৃপতি' শব্দের অর্থ কি?**
a) রাজা b) স্বামী
c) নাপিত d) মাতবর **ans. A**

**22. কোন বানানটি শুদ্ধ?**
a) নিরস্ত b) নিরাস
c) নিবিড় d) সবগুলোই শুদ্ধ **ans. D**

**23. এক কথায় প্রকাশ করুনঃ 'যে নারীর হিংসা নেই'।**
a) অহিংস b) অবলা
c) প্রিয়ংবদা d) অনসুয়া **ans. D**

**Solution:** যে নারীর হিংসা নেই - অনসূয়া।
যে নারী প্রিয় কথা বলে - প্রিয়ংবদা।

**24. 'চয়ন' শব্দের অর্থ কি?**
a) কঠিন b) স্বপ্ন
c) সুন্দর d) সম্ভার **ans. D**

**Solution:** 'চয়ন' অর্থ সংকলন; সংগ্রহ; আহরণ; তোলা; নির্বাচন; সম্ভার।

**25. শুদ্ধ বানান কোনটি?**
a) মাধ্যাকর্ষণ b) মধ্যাকর্ষণ
c) মাধ্যাকর্ষন d) মধ্যাকর্ষন **ans. A**

**26. কোন বানানটি শুদ্ধ?**
a) শ্মশ্বান b) শ্মশান
c) শ্বশান d) শশ্মান **ans. B**

**27. কোন বানানটি শুদ্ধ?**
a) গোধূলী b) গোধুলি
c) গোধূলি d) গোধুলী **ans. C**

**28. 'প্রসুন' শব্দের অর্থ কি?**
a) বন b) বৃক্ষ
c) পুষ্প d) ফল **ans. C & D**

**Solution:** 'প্রসূন' অর্থ ফুল; পুষ্প; মুকুল; ফল।

**29. 'শকট' শব্দের অর্থ কি?**
a) গাড়ি b) মাছ
c) ময়ূর d) গরু **ans. A**

**30. নিরর্থক অপব্যয় প্রকাশ করে কোনটি?**
a) মশা মারতে কামান দাগা
b) ভস্মে ঘি ঢালা
c) অধিক সন্ন্যাসিতে গাঁজন নষ্ট
d) গরু মেরে জুতা দান **ans. B**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**31. The capital of Australia is ________.**

a) Sydney b) Melbourne
c) Canberra d) Brisbane ***ans.* C**

***Solution:*** Canberra অস্ট্রেলিয়ার রাজধানী শহর। সিডনি শহর থেকে ২৪০ কিমি দক্ষিণ-পশ্চিমে ও মেলবোর্ন থেকে ৬৬০ কিমি উত্তর-পূর্বে অবস্থিত শহরটি অস্ট্রেলিয়ার এই দুই প্রধানতম নগরীর মধ্যবর্তী একটি জায়গায় অবস্থিত। Sydney হলো অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস অঙ্গরাজ্যের রাজধানী এবং অস্ট্রেলিয়া তথা ওশেনিয়ার বৃহত্তম শহর। Melbourne হলো অস্ট্রেলিয়ার দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত ভিক্টোরিয়া অঙ্গরাজ্যের রাজধানী ও সর্বাপেক্ষা ঘনবসতিপূর্ণ শহর। Brisbane হলো অস্ট্রেলিয়ার পূর্বাঞ্চলের একটি শহর। শহরটি কুইন্সল্যান্ড রাজ্যের রাজধানী এবং ব্রিসবেন নদীর তীরে মোরটন উপসাগরের কাছে অবস্থিত একটি সমুদ্র বন্দর।

**32. The Strait of Bosphorus is located in ____.**

a) Monaco b) Spain
c) Italy d) Turkey ***ans.* D**

***Solution:*** বসফরাস একটি জলপ্রণালী যা এশিয়া ও ইউরোপের মধ্যবর্তী অঞ্চলের একটি অংশে সীমানা নির্দেশ করে। এটিকে অনেক সময় ইস্তাম্বুল প্রণালীও বলা হয়। বসফরাস, মারমারা উপসাগর এবং দক্ষিণ পশ্চিমের দার্দেনেলিস প্রণালী মিলে তুর্কি প্রণালী গঠিত। বসফরাস প্রণালী বিশ্বের নৌ চলাচলে ব্যবহৃত সবচেয়ে সরু জলপথ। বসফরাস প্রণালী কৃষ্ণ সাগরকে মারমারা উপসাগরের সাথে যুক্ত করেছে।

**33. Mr. KM Nurul Huda has been appointed as the _____ Chief Election Commissioner (CEC) of Bangladesh.**

a) $10^{th}$ b) $11^{th}$
c) $12^{th}$ d) $13^{th}$ ***ans.* C**

***Solution:*** কে এম নুরুল হুদা হলেন বর্তমান প্রধান নির্বাচন কমিশনার। তিনি কাজী রকিবুদ্দিন আহমদের স্থলাভিষিক্ত হয়ে ১২তম প্রধান কমিশনার হিসেবে গত ১৫.০২.২০১৭ সাল থেকে বর্তমান পর্যন্ত নিযুক্ত হন। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি মোঃ ইদ্রিস এবং প্রথম নারী নির্বাচন কমিশনার হলেন বেগম কবিতা খানম (নিয়োগ ২০১৭ সালে)।

**34. Who is the Minister in charge of Ministry of Science and Technology?**

a) Matior Rahman b) Yafes Osman
c) Zunaid Ahmed Palak d) Anisul Huq ***ans.* B**

***Solution:*** ইয়াফেস ওসমান ২০১৫ সালের ১৪ জুলাই থেকে বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী। এর পূর্বে তিনি একই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ছিলেন। তিনি বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউটের প্রতিষ্ঠাকালীন সাধারণ সম্পাদক।

**35. In which of the following district is the ‘Bijoy 71’ sculpture located?**

a) Mymensingh b) Rajshahi
c) Bogra d) Tangail ***ans.* A**

***Solution:*** ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পসের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনের সামনে অবস্থিত ‘বিজয় ৭১’। এই ভাস্কর্যের স্থপতি হলেন শ্যামল চৌধুরী।

**36. Which country hosted the World Economic Forum Annual Meeting in 2017?**

a) Portugal b) Switzerland
c) Sweden d) Mexico ***ans.* B**

***Solution:*** World Economic Forum হচ্ছে জেনেভা ভিত্তিক অলাভজনক সংস্থা। বিশেষ করে প্রতি বছর সুইজারল্যান্ডের ডাভোসে এর সভা অনুষ্ঠানের জন্য সংগঠনটি পরিচিত। উল্লেখ্য, ২১-২৪ জানুয়ারি ২০২০ সালে সুইজারল্যান্ডে WEF এর বার্ষিক অনুষ্ঠিত হয়।

**37. In February 2017, which of the following country has been recognized by Bangladesh?**

a) South Sudan b) Kosovo
c) South Ossetia d) East Timor ***ans.* B**

***Solution:*** ১১৪তম স্বীকৃতিদানকারী দেশ হিসেবে বাংলাদেশ ইউরোপের দেশ কসোভোকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি প্রদান করে ২৭ ফেব্রুয়ারি ২০১৭ সালে। এর পূর্বে সার্বিয়ার অধীনে থাকা দেশটি কসোভোকে ১৭ ফেব্রুয়ারি ২০০৮ সালে স্বাধীনতা ঘোষণা করে।

**38. Which of the following historical place contains the tomb of ‘Pari Bibi’?**

a) Star Mosque b) Sixty Dome Mosque
c) Lalbagh Fort d) Ahsan Manzil ***ans.* C**

***Solution:*** পরিবিবির মাজার ঢাকার লালবাগে অবস্থিত লালবাগ কেল্লার অবশিষ্ট তিনটি স্থাপনার মধ্যে অন্যতম। এখানে পরিবিবি সমাহিত আছেন। শায়েস্তা খান তার কন্যার স্মরণে এই মনমুগ্ধকর মাজারটি নির্মাণ করেন।

**39. In which country is Orly Airport?**

a) Germany b) France
c) Italy d) Spain ***ans.* B**

***Solution:*** Orly Airport হলো ফ্রান্সের প্যারিসে অবিস্থত একটি আন্তর্জাতিক বিমানবন্দর। চার্লস ডিগলে বিমানবন্দর তৈরির পূর্বে Orly Airport ছিল ফ্রান্সের প্রধান বিমানবন্দর।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**40. Which ministry has been bifurcated into two divisions recently?**
a) Ministry of Civil Aviation and Tourism
b) Ministry of Energy and Mineral Resources
c) Ministry of Health and Family Welfare
d) Ministry of Environment and Forest ***ans.*** **C**

**Solution:** সরকার স্বাস্থ্য মন্ত্রণালয়টিকে 'স্বাস্থ্যসেবা' এবং 'স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ' নামে দুটি বিভাগে ভাগ করে পুনর্গঠন করেছে ১৬ মার্চ ২০১৭ সালে।

**41. Which country does not have nuclear weapons?**
a) France b) China
c) Germany d) None ***ans.*** **C**

**Solution:** বিশ্বে পারমাণবিক বোমার অধিকারী দেশ ৮টি। এগুলো হলোঃ যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স, উত্তর কোরিয়া, চীন, ভারত এবং পাকিস্তান।

**42. Next general election in India will be held in ____.**
a) 2018 b) 2019
c) 2020 d) 2021 ***ans.*** **B**

**Solution:** ২০১৯ সালের ভারতীয় সাধারণ নির্বাচন ১১ এপ্রিল থেকে ১৯ মে ২০১৯ সাল পর্যন্ত ১৭তম লোকসভা গঠনের জন্য অনুষ্ঠিত হয় সাতটি পর্যায়ে। ভোট গণনা ২৩ মে অনুষ্ঠিত হয় এবং একই দিনে ফলাফল ঘোষণা করা হয়।

**43. Juan Manuel Santos, who was awarded the Nobel Peace Prize in 2016, is the President of:**
a) Colombia b) Bolivia
c) Argentina d) Chile ***ans.*** **A**

**Solution:** তৎকালীন কলম্বিয়ার প্রেসিডেন্ট হুয়ান ম্যানুয়েল সন্তোস দীর্ঘ পাঁচ দশকেরও বেশি সময় ধরে চলা গৃহযুদ্ধ অবসানে দৃঢ়চেতা প্রচেষ্টার জন্য ২০১৬ সালে শান্তিতে তিনি নোবেল পুরস্কার লাভ করেন। উল্লেখ্য, ২০২০ সালে শান্তিতে নোবেল পায় বিশ্ব খাদ্য কর্মসূচী।

**44. Who is the current Prime Minister of Canada?**
a) Pierre Trudeau b) Stephen Harper
c) Justin Trudeau d) Jean Chretien ***ans.*** **C**

**Solution:** জাস্টিন পিয়েরে জেমস ট্রুডো একজন কানাডিয়ান রাজনীতিবিদ। তিনি কানাডার লিবারেল পার্টির নেতা হিসেবে ২০১৫ সালে দেশটির ২৩তম প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হন। জো ক্লার্কের পর তিনি কানাডার দ্বিতীয় কম বয়স্ক প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন।

**45. In which western district BAPEX has recently discovered a gas field?**
a) Pabna b) Rajshahi
c) Bogra d) Natore ***ans.*** **Note**

**Solution:** ২০১৮ সালের জানুয়ারি মাসে BAPEX কর্তৃক ভোলায় ১.৫ ট্রিলিয়ন কিউবিক ফিটের ২৭তম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়। আর দক্ষিণের জেলা পাবনার মোবারকপুরে আরেকটি গ্যাসক্ষেত আবিষ্কৃত হয়েছিল।

**46. Which fraction has the smallest value?**
a) $\frac{8}{(3^4\times7^3)}$ b) $\frac{27}{(3^5\times7^3)}$
c) $\frac{12}{(3^3\times7^3)}$ d) $\frac{2}{(3^3\times7^2)}$ ***ans.*** **A**

**Solution:** অপশনগুলো থেকে সমাধান করি।
অপশন $a)$ ও $b)$ এরমধ্যে, $\frac{8}{(3^4\times7^3)}>\frac{27}{(3^5\times7^3)}$
$=8>9$ [উভয়পক্ষকে $3^4\times7^3$ দ্বারা গুণকরে]
এখানে, অপশন $a)$ ছোট
অপশন $a)$ ও $c)$ এরমধ্যে, $\frac{8}{(3^4\times7^3)}>\frac{12}{(3^3\times7^3)}$
$=\frac{8}{3}>12$ [উভয়পক্ষকে $3^3\times7^3$ দ্বারা গুণকরে]
এখানে, অপশন $a)$ ছোট
অপশন $a)$ ও $d)$ এরমধ্যে, $\frac{8}{(3^4\times7^3)}>\frac{2}{(3^3\times7^2)}$
$=\frac{8}{21}>2$ [উভয়পক্ষকে $3^3\times7^2$ দ্বারা গুণকরে]
এখানে, অপশন $a)$ ছোট।

**47. Mina has 3 Taka more than Babu has, but 5 Taka less than Shelly has. If Mina has $x$ Taka, how much money Shelly and Babu have altogether?**
a) $2x-8$ b) $2x-5$
c) $2x-2$ d) $2x+2$ ***ans.*** **D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, বাবুর চেয়ে মিনার ৩ টাকা বেশি আছে। শেলীর চেয়ে মিনার ৫ টাকা কম আছে। মিনার $x$ টাকা থাকলে বাবু ও শেলীর একত্রে কত আছে?
প্রশ্নমতে, মিনার আছে = $x$ টাকা
∴ বাবুর আছে = $(x-3)$ টাকা
এবং শেলী'র আছে = $(x+5)$ টাকা
∴ বাবু ও শেলী'র একত্রে আছে = $\{x-3+x+5\}$ টাকা
= $(2x+2)$ টাকা

**48. A reduction in 25% of the price of an article enables a buyer to buy 50 kilograms more for Tk. 500. What is the reduced price per kilogram in Taka?**
a) 2 b) 2.50
c) 3 d) 3.50 ***ans.*** **B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, ২৫% দাম কমায় এক ব্যক্তি ৫০০ টাকায় পূর্বাপেক্ষা ৫০ কেজি বেশি একটি দ্রব্য ক্রয় করতে পারে। ঐ দ্রব্যের হ্রাসকৃতমূল্য প্রতি কেজি কত?



আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২৫% দামহ্রাস পাওয়ায়,

পূর্বমূল্য ১০০ টাকা হলে বর্তমান মূল্য = ৭৫ টাকা

∴ পূর্বমূল্য ৫০০ টাকা হলে বর্তমান মূল্য = $\frac{৭৫ \times ৫০০}{১০০}$

= ৩৭৫ টাকা

∴ ২৫% দাম হ্রাস পাওয়ায় পর ৫০ কি.গ্রা. article এর দাম = ৫০০ - ৩৭৫ = ১২৫ টাকা

হ্রাসকৃতমূল্যে ৫০ কি.গ্রা article-এর দাম = ১২৫ টাকা

∴ হ্রাসকৃতমূল্যে ১ কি.গ্রা article-এর দাম = $\frac{১২৫}{৫০}$ = ২.৫ টাকা

***49.*** **When each of the three numbers is divided by 5, the remainders are 0, 3 and 4 respectively. Which of the following could be the sum of the three numbers?**

a) 52 b) 53

c) 54 d) None ***ans.*** **A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, তিন সংখ্যাকে ৫ দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকলে যথাক্রমে ০, ৩ এবং ৪। সংখ্যা তিনটির সমষ্টি কত হতে পারে?

মনে করি, সংখ্যা তিনটি যথাক্রমে ক, ক + ৩ ও ক + ৪

∴ সমষ্টি = ক + ক + ৩ + ক + ৪ = ৩ক + ৭

এখানে, ক এর মান ৫ গুনীতক যেকোন সংখ্যা হতে পারে, অর্থাৎ ৫, ১০, ১৫, ২০ .. এর যেকোন একটি হবে

এখন, ক = ৫ হলে,

৩ক + ৭ = ৩ × ৫ + ৭ = ২২ [অপশনে নেই]

ক = ১০ হলে,

৩ক + ৭ = ৩ × ১০ + ৭ = ৩৭ [অপশনে নেই]

ক = ১৫ হলে, ৩ক + ৭ = ৩ × ১৫ + ৭ = ৫২

***50.*** **If $p$ and $q$ are positive integers with $pq$ = 36, then $\frac{p}{q}$ cannot be**

a) $\frac{1}{4}$ b) $\frac{4}{9}$

c) $\frac{1}{2}$ d) None ***ans.*** **C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $p$ এবং $q$ হলো ধনাত্মক পূর্ণসংখ্যা এবং $pq = 36$ হলে $\frac{p}{q}$ এর মান কোনটি হতে পারে না?

দেওয়া আছে, $pq = 36$

∴ $p \times q = 36 \times 1 = 18 \times 2 = 12 \times 3 = 9 \times 4 = 6 \times 6$

∴ $\frac{p}{q} = \frac{1}{36}$; $\frac{p}{q} = \frac{2}{18} = \frac{1}{9}$;

$\frac{p}{q} = \frac{3}{12} = \frac{1}{4}$; $\frac{p}{q} = \frac{4}{9}$; $\frac{p}{q} = \frac{6}{6} = 1$

∴ অর্থাৎ $\frac{p}{q}$ এর মান কখনো $\frac{1}{2}$ হতে পারে না।

***51.*** **If $xy < 0$, which of the following must be true?**

I. $x + y = 0$ II. $2y - 2x < 0$

III. $x^2 + y^2 > 0$

a) I only b) II only

c) III only d) both II and III ***ans.*** **C**

**Solution:** $xy < 0$ হলে নিচের কোনটি সত্য হবে?

এই ধরনের অঙ্কের ক্ষেত্রে মান ধরে সমাধান করতে হয়।

তাই ধরি, $x = -1$ এবং $y = 2$

∴ $xy = -1 \times 2 = -2 < 0$

আসুন এবার Statement এর সাথে মেলাইঃ

I. এ আছে, $x + y = -1 + 2 = 1 \neq 0$,

তাই এটি সত্য নয়।

II. এ আছে, $2y - 2x = 2 \neq 2 - 2(-1)$

$= 4 + 2 = 6$ যা 0 এর চেয়ে বড়, তাই এটি সত্য নয়।

III. এ আছে, $x^2 + y^2 = (-1)^2 + (2)^2$

$= 1 + 4 = 5 > 0$, তাই উত্তর হবে অপশন $c$).

***52.*** **If $\frac{x}{y} = 0$, which of the following must be true?**

a) $xy > 0$ b) $(x - y) > 0$

c) $(x + y) > 0$ d) None ***ans.*** **D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $\frac{x}{y} = 0$ হলে নিচের কোনটি সত্য হবে?

দেয়া আছে, $\frac{x}{y} = 0$,

এবার শর্ত ঠিক রেখে ধরি, $x = 0$ এবং $y = 3$

এবার আসুন, অপশন ধরে ধরে সামনের দিকে যাইঃ

অপশন $a$) তে আছে, $xy = 0 \times 3 = 0$

তাই এটি বাদ।

অপশন $b$) তে আছে, $x - y = 0 - 3 = -3$

যা 0 অপেক্ষা ছোট তাই এটি বাদ।

আবার, $x = 0$ এবং $y = -1$ ধরলে

অপশন $c$) হতে পাই, $x + y = 0 - 1 = -1$ যা 0 অপেক্ষা ছোট তাই এটিও বাদ। তাই সঠিক উত্তর $d$).

***53.*** **Half of the people on a bus get off at each stop after the first and no one gets on after the first stop. If only 4 persons get off at stop number 4, how many people got on at the first stop?**

a) 16 b) 32

c) 44 d) None these ***ans.*** **B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি বাসের অর্ধেক যাত্রী প্রতিটি বাস স্টপে নেমে যায় এবং প্রথম স্টপেজের পর কেউ বাসে উঠে না। চতুর্থ স্টপেজে ৪ জন নেমে গেলে প্রথম স্টপেজে বাসে কতজন উঠেছিল?

চিত্রের সাহায্যে সমাধান করি,

| B1 | B2 | B3 | B4 |
|---|---|---|---|
| 32 | 16 | 8 | 4 |



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

প্রথম স্টপে যেয়ে কোন যাত্রী নামেনি। কিন্তু তার পরের প্রতিটি স্টপে যেয়ে অর্ধেক যাত্রী নেমে গিয়েছে। এই রকম ক্রমানবতি বিবেচনা করে দেখা যায় যে, প্রথমে যাত্রী ছিলো ৩২ জন।

**54. If $5 > x > 2$ and $10 > y > 7$, then which of the following expression must be positive?**

a) $x^2y - xy^2$ b) $xy^2 - x^2y$
c) $4xy - x^2y$ d) $4xy - xy^2$ ***ans.* B & C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $5 > x > 2$ এবং $10 > y > 7$ হলে নিচের কোনটির মান ধনাত্মক হবে?
উপরিউক্ত শর্ত দুটো বিশ্লেষণ করে পাই,
$x = 3$ বা 4 এবং $y = 8$ বা 9
এখন আসুন অপশন ধরে ধরে সমাধান করিঃ
অপশন *a*) তে আছে, $x^2y - xy^2 = xy\ (x - y)$ এই রাশি $y$ এর যেকোন মানের জন্য ঋণাত্মক হবে। তাই অপশন *a*) বাদ। অপশন *b*) তে আছে, $xy^2 - x^2y = xy\ (y - x)$ এই রাশি $x$ ও $y$ এর যেকোন মানের জন্য ধনাত্মক হবে। তাই এটি উত্তর হবে। অপশন *c*) তে আছে, $4xy - x^2y = xy\ (4 - x)$ এই রাশি $x$ ও $y$ এর যেকোন মানের জন্য ধনাত্মক বা শূন্য হবে। তাই এটিও উত্তর হতে পারে। অপশন *d*) তে আছে, $4xy - xy^2 = xy(4 - y)$ এই রাশি $y$ এর যেকোন মানের জন্য ঋণাত্মক হবে। তাই এটি বাদ। অতএব উত্তর হবে *b*) এবং *c*).

**55. Arif and Babu worked together to paint a house. Arif worked for 1 hour 45 minutes and Babu worked for 45 minutes. Babu's hourly rate is double the rate of Arif s. If the two together earned Tk 71.50, what is hourly rate of Arif in Taka?**

a) 20 b) 22
c) 22.50 d) None ***ans.* B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, আরিফ ও বাবু একটি বাড়িতে রং করার কাজ করছে। আরিফ ১ ঘণ্টা ৪৫ মিনিট ও বাবু ৪৫ মিনিট কাজ করে ১ ঘণ্টায় বাবুর মজুরী আরিফের মজুরীর দ্বিগুণ। তারা একত্রে ৭১.৫০ টাকা আয় করলে ঘণ্টায় আরিফের মজুরী কত?
ধরি, আরিফের ঘণ্টায় মজুরী $x$ টাকা
∴ বাবুর ঘণ্টায় মজুরী $2x$ টাকা
আরিফ কাজ করে = 1 ঘণ্টা 45 মিনিট = 105 মিনিট
$= \frac{105}{60} = \frac{21}{12}$ ঘণ্টা
এবং বাবু কাজ করে = 45 মিনিট $= \frac{45}{60} = \frac{3}{4}$ ঘণ্টা
প্রশ্নমতে, $\frac{21x}{12} + \frac{3}{4} \times 2x = 71.50 \Rightarrow \frac{21x + 18x}{12} = 71.50$
$\Rightarrow 39x = 858 \qquad \therefore x = 22$
∴ Arif's hourly rate 22Tk.

**56. Of 3,600 employees of a company, $\frac{1}{3}$ are clerks. If the clerical staff were to be reduced by $\frac{1}{3}$, what percent of the total number of remaining employees would be clerical staff?**

a) 25% b) 22.2%
c) 20% d) 12.5% ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি কোম্পানির 3600 জন কর্মীর মধ্যে $\frac{1}{3}$ অংশ Clerk. এদের সংখ্যা কমিয়ে $\frac{1}{3}$ অংশ করলে মোট কর্মীর শতকরা কতজন Clerk হবে?
3,600 শ্রমিকের মধ্যে $\frac{1}{3}$ অংশ = 1,200
অর্থাৎ, 1200 শ্রমিক clerks
এখন, 1200 শ্রমিকের $\frac{1}{3}$ অংশ = 400 শ্রমিক বাদ দেওয়ার পর মোট শ্রমিক থাকে = 3,600 – 400 = 3,200 এবং Clerks থাকে = 1,200 – 400 = 800 জন
∴ বর্তমানে ঐ প্রতিষ্ঠানে Clerks এর শতকরা সংখ্যা
$= \frac{800 \times 100}{3200} = 25\%$

**57. If Kamal gives 20 marbles to Shuvo, then both of them will have equal numbers of marbles in their possessions. If Shuvo gives 40 marbles to Kamal then Kamal will have twice the number of marbles that Shuvo will retain. What is the number of marbles that Kamal has?**

a) 100 b) 160
c) 200 d) None ***ans.* C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, কামাল শুভকে ২০টি মার্বেল দিয়ে দিলে তাদের উভয়ের মার্বেল সংখ্যা সমান হয়। শুভ কামালকে ৪০টি মার্বেল দিয়ে দিলে কামালের মার্বেল সংখ্যা শুভর মার্বেলের দ্বিগুণ হয়। কামালের মার্বেলের সংখ্যা কত?
ধরি, Kamal'র Marble আছে = K টি
এবং Shuvo'র Marble আছে = S টি
১ম শর্তমতে, K – 20 = S + 20
$\Rightarrow$ S = K – 40 ............... (*i*)
২য় শর্তমতে,
K + 40 = 2(S – 40)
$\Rightarrow$ K + 40 = 2 (K – 40 – 40)
[(*i*) সমীকরণ থেকে S এর মান বসিয়ে]
$\Rightarrow$ K + 40 = 2K – 160
$\Rightarrow$ K = 200
∴ Kamal এর Marble আছে 200টি।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**58. After the increase of price of oil by 40%, a family decided to reduce its oil consumption so that the expenditure for oil goes up by 26% only. If the total consumption of oil before the price rise was 10 kg per month, then what is the current consumption of oil per month (in kg)?**

a) 8 b) 8.50
c) 9 d) None **ans. C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, তেলের মূল্য ৪০% বেড়ে যাওয়ায় একটি পরিবার সিদ্ধান্ত নিল যে তেলের উপর ব্যবহার এমনভাবে বাড়াবে যাতে খরচ ২৬% বেড়ে যায়। মূল্য বৃদ্ধির পূর্বে তেলের ব্যবহার ১০ কেজি হলে বর্তমান কত কেজি তেল মাসে ব্যবহার করবে?

৪০% বৃদ্ধিতে তেলের পূর্বদাম ১০০ টাকা হলে বর্তমান দাম = ১৪০ টাকা

এবং, তেল বাবদ ২৬% খরচ বৃদ্ধি করলে পূর্ব খরচ ১০০ টাকা হলে তেল বাবদ বর্তমান খরচ হবে = ১২৬ টাকা

তেলের দাম ১৪০ টাকা হলে খরচ করবে ১২৬ টাকা

∴ তেলের দাম ১০০ টাকা হলে খরচ করবে

$= \frac{১২৬ \times ১০০}{১৪০}$ = ৯০ টাকা বা ৯০%

∴ বর্তমানে প্রতিমাসে তেল ব্যবহার করবে

= ১০ × ৯০% = ৯ কেজি

**59. A jar contains only marbles of three colors: red, green, and yellow. The red and green marbles are in the ratio of 2 : 5, and the yellow and red marbles are in ratio of 5 : 6. Which of the following could be the total number of marbles?**

a) 52 b) 64
c) 100 d) None **ans. A**

**Solution:** Red : Green = 2 : 5 = 6 : 15

Yellow : Red = 5 : 6

Red : Green : Yellow = 6 : 15 : 5

মনেকরি Red, Green ও Yellow মার্বেলের সংখ্যা যথাক্রমে $6x$, $15x$ ও $5x$

∴ Total marble = $6x + 15x + 5x = 26x$

∴ Marble এর সংখ্যা হবে ২৬ এর গুণনীয়ক আর একমাত্র ৫২, ২৬ দ্বারা বিভাজ্য। তাই এটিই উত্তর হবে।

**60. A box contains 200 marbles, 25% of which are of black colour. Babu took some marbles from the box and found that 30% of them are black. Of the remaining marbles, 10% were black marbles. How many marbles did Babu take?**

a) 120 b) 125
c) 150 d) None **ans. C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি বাক্সে ২০০টি মার্বেল আছে যার ২৫% কালো। বাবু ঐ বাক্স হতে কিছু মার্বেল তুলে দেখল যে তাতে ৩০% মার্বেল কালো। বাক্সের বাকি মার্বেলের ১০% কালো মার্বেল রয়েছে। বাবু কতগুলো মার্বেল তুলেছিল।

বাক্সটিতে কালো মার্বেল আছে $= \frac{200 \times 25}{100} = 50$ টি

এবার ধরি, বাবু $x$ টি মার্বেল তুলেছিল।

∴ অবশিষ্ট মার্বেলের সংখ্যা = $(200 - x)$ টি

প্রশ্নমতে, $x$ এর 30% + $(200 - x)$ এর 10% = 50

$\Rightarrow \frac{30x}{100} + \frac{(200 - x) \times 10}{100} = 50$

$\Rightarrow 30x + 2,000 - 10x = 5,000$

$\Rightarrow 20x = 3,000$

$\therefore x = \frac{3000}{20} = 150$

**61. If Arif works alone he will take 20 more hours to complete a task than if he works with Babu to complete the task. If Babu works alone, he will take 5 more hours to complete the task than if he works with Arif to complete the task. What is the ratio of the time taken by Arif to that taken by Babu if each of them works alone to complete the task?**

a) 2 : 1 b) 5 : 3
c) 7 : 5 d) None **ans. A**

**Solution:** ধরি, আরিফ ও বাবুর একত্রে কাজটি করে $x$ ঘণ্টায়

∴ আরিফ একা কাজটি করে = $(x + 20)$ ঘণ্টায়

এবং বাবু একা কাজটি করে = $(x + 5)$ ঘণ্টায়

অতএব,

আরিফ একা 1 ঘণ্টায় করে কাজটির $\frac{1}{x+20}$ অংশ

এবং বাবু একা 1 ঘণ্টায় করে কাজটির $\frac{1}{x+5}$ অংশ

প্রশ্নমতে, $\frac{1}{x+20} + \frac{1}{x+5} = \frac{1}{x}$

$\Rightarrow \frac{x + 5 + x + 20}{(x+20)(x+5)} = \frac{1}{x}$

$\Rightarrow \frac{2x + 25}{x^2 + 25x + 100} = \frac{1}{x}$

$\Rightarrow 2x^2 + 25x = x^2 + 25x + 100$

$\Rightarrow x^2 = 100$

$\Rightarrow x = \sqrt{10^2} = 10$

$\therefore x = 10$

অর্থাৎ আরিফ একা কাজটি করে = 10 + 20 = 30 ঘণ্টায়

এবং বাবু একা কাজটি করে = 10 + 5 = 15 ঘণ্টায়

∴ নির্ণেয় অনুপাত = 30 : 15 = 2 : 1



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**62. If $m$ is an even integer and $n$ is an integer (either odd or even), then which of the following will always be even?**

I. $m^2 + n^2 + n$ II. $(m - n)(n + 1)$
III. $m^2 - n^2 + 1$

a) Only I b) Only II
c) only III d) both I and II ***ans.* D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $m$ একটি জোড় ধনাত্মক পূর্ণসংখ্যা এবং $n$ একটি পূর্ণসংখ্যা। নিচের কোনটি অবশ্যই সত্য হবে?

ধরি, $m = 4$ এবং $n = 2$

এবার, (II) এ আছে $(m - n)(n + 1)$

$= (4 - 2)(2 + 1) = 2 \times 3 = 6$ যা জোড়

আবার, $m = 4$ এবং $n = 3$ ধরলে (II) হতে পাই

$(m - n)(n + 1) = (4 - 3)(3 + 1)$

$= 1 \times 4 = 4$ যা জোড়

আবার, $m^2 + n^2 + n = 4^2 + 2^2 + 2$

$= 16 + 4 + 2 = 22.$ যা জোড়।

অর্থাৎ $m$ এবং $n$ এর সকল মানের জন্যই (I) এবং (II) নং বক্তব্য সঠিক।

**63. If $0 \le x \le 4$ and $y < 6$, which of the following cannot be the value of $xy$?**

a) – 2 b) 0
c) 6 d) None ***ans.* D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $0 \le x \le 4$ এবং $y < 6$ হলে $xy$ এর মান কোনটি হতে পারে না?

এখানে, $x$ এর মান ০, ১, ২, ৩, ৪ এবং $y$ এর মান ৬ থেকে ছোট যে কোন সংখ্যা হতে পারে।

এখন, $x = 1; y = -2$ হলে $xy = -2$

$x = 0; y = 1$ হলে $xy = 1$;

$x = 2; y = 3$ হলে $xy = 6$ হবে।

অর্থাৎ অপশনের যেকোনটিই উত্তর হতে পারে।

**64. A fruit salad is made by mixing 3 kgs of mango costing Tk 120 per kg and 2 kgs of papaya costing Tk 100 per kg and 2 kgs of grapes costing Tk 140 per kg. At what price (in Taka) per kg should the mixture be sold to make a profit of 25 percent?**

a) 125 b) 150
c) 175 d) None ***ans.* B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, ১২০ টাকা কেজি দরের ৩ কেজি আম, ১০০ টাকা কেজি দরের ২ কেজি পেঁপে এবং ১৪০ টাকা কেজি দরের ২ কেজি আঙ্গুর দ্বারা একটি সালাদ তৈরী করা হলো। ২৫% লাভে বিক্রয় করতে হলে কত টাকা কেজি দরে বিক্রয় করতে হবে?

৩ কেজি আমের দাম = ১২০ × ৩ = ৩৬০ টাকা

∴ ২ কেজি পেপের দাম = ১০০ × ২ = ২০০ টাকা

∴ ২ কেজি আঙ্গুরের দাম = ১৪০ × ২ = ২৮০ টাকা

এখন, (৩ + ২ + ২) = ৭ কেজি Mixture fruit এর মোট দাম = ৩৬০ + ২০০ + ২৮০ = ৮৪০ টাকা

∴ ১ কেজি Mixture fruit এর দাম = $\frac{৮৪০}{৭}$ = ১২০ টাকা


২৫% লাভে বিক্রি করতে চাইলে বিক্রি করতে হবে

= ১২০ + ১২০ × ২৫% = ১৫০ টাকা।

**65. The members of a club participate in at least one game. Twenty of them play football, 10 play cricket, 12 play hokey. Three of them play cricket only, 4 of them play both the cricket and football but not hockey, 2 of them participate all games. How many people play both cricket and hockey but not football?**

a) 1 b) 2
c) 3 d) None ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি ক্লাবের সদস্যগনের যেকোন একটি খেলায় অংশগ্রহণ করে। তাদের মধ্যে ২০ জন ফুটবল খেলে, ১০ জন ক্রিকেট, ১২ জন হকি খেলে। তাদের ৩ জন শুধু ক্রিকেট, ৪ জন ক্রিকেট ও ফুটবল উভয়ই খেলে কিন্তু হকি খেলে না। তাদের ২ জন সকল খেলা-তে অংশগ্রহণ করে। কতজন ক্রিকেট ও হকি উভয়-ই খেলে কিন্তু ফুটবল খেলে না?




উপরের চিত্র থেকে দেখা যায় যে, হকি ও ক্রিকেট খেলে কিন্তু ফুটবল খেলে না এদের সংখ্যা

$= 10 - (3 + 4 + 2) = 1$ জন।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (BAPEX)

**পদের নামঃ সহকারী ব্যবস্থাপক**

তারিখঃ ০৮.০৪.২০১৭; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমাণঃ ১০০

***01.*** **'খেচর' শব্দের অর্থ কি?**

a) উট b) পাখি
c) বাঘ d) মাছ ***ans.* B**

***Solution:*** 'খেচর' শব্দের অর্থঃ পাখি, বিহগ, বিহঙ্গ, পক্ষী, বিহঙ্গম, দ্বিজ, শকুন্ত।

***02.*** **'প্রতিথযশা' শব্দের অর্থ কি?**

a) প্রার্থী b) যুবক
c) খ্যাতনামা d) অবিভাবক ***ans.* C**

***03.*** **বাগধারার অর্থ নির্ণয় করুনঃ 'ধামাধরা'।**

a) কপট গাম্ভীর্য b) চাটুকারিতা
c) পরিপাটি থাকা d) মিথ্যা বলা ***ans.* B**

***Solution:*** কেতাদুরস্ত = পরিপাটি থাকা। খয়ের খাঁ = চাটুকার।

***04.*** **'আদ্যোপান্ত' শব্দের অর্থ কি?**

a) অতি পুরাতন b) প্রাথমিক
c) অবিমিশ্র d) আগাগোড়া ***ans.* D**

***Solution:*** 'আদ্যোপান্ত' শব্দের অর্থ হলোঃ আগাগোড়া, প্রথম থেকে শেষ পর্যন্ত।

***05.*** **শুদ্ধ বানান কোনটি?**

a) মাধ্যাকর্ষণ b) মধ্যাকর্ষণ
c) মাধ্যাকর্ষণ d) মধ্যাকর্ষন ***ans.* A**

***06.*** **'দুহিতা' শব্দের অর্থ কি?**

a) দুই হাতে কাজ করে যে b) কন্যা
c) জননী d) গগন ***ans.* B**

***Solution:*** দুহিতা শব্দের অর্থগুলো হলোঃ মেয়ে, তনয়া, নন্দিনী, সুতা।

***07.*** **'সমীরণ' শব্দের অর্থ কি?**

a) বিদ্যুৎ b) মৃত্তিকা
c) অরণ্য d) বাতাস ***ans.* D**

***Solution:*** 'সমীরণ' শব্দের অর্থগুলো হলোঃ পবন, বাত, সমীরণ, সরুৎ, মরুত, অনিল, বায়ু।

***08.*** **'অভিরুচি' শব্দের অর্থ কি?**

a) বিকৃত রুচি b) ইচ্ছা
c) সুন্দর রুচি d) সাগর ***ans.* B**

***Solution:*** 'অভিরুচি' শব্দের অর্থ হলোঃ ইচ্ছা, অভিলাষ, বাসনা।

***09.*** **'হর্ষ' শব্দটির অর্থ কি?**

a) হলুদ b) চালাক
c) আনন্দ d) বোকা ***ans.* C**

***Solution:*** 'হর্ষ' শব্দটির অর্থগুলো হলোঃ স্ফুর্তি, সুখ, বিকাশ, উল্লাস, স্ফুরণ, উচ্ছ্বাস, আহলাদ, আনন্দ, পুলক, সুখ।

***10.*** **'পাথার' শব্দের অর্থ কি?**

a) সৈকত b) শৈল
c) আকাশ d) সমুদ্র ***ans.* D**

***Solution:*** 'পাথার' শব্দের অর্থগুলো হলোঃ নদীকান্ত, রত্নাকার, পাথার, পয়োধি, উদধি, অর্ণব, জলধী, জলনিধি, পারাবার, বারিধি, রত্নাকর, সাগর, সিন্ধু, দীর্ঘিকা, প্রণালী, গাভ।

***11.*** **If $p$ and $q$ are positive integers with $pq = 36$, then $\frac{p}{q}$ cannot be**

a) $\frac{1}{4}$ b) $\frac{4}{9}$
c) $\frac{1}{2}$ d) None ***ans.* C**

***Repeat:*** বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (সহকারী ব্যবস্থাপক) ৩১.০৩.২০১৭ এবং প্রশ্ন নং ৫০.

***12.*** **If 3 less than twice the number is equal to 2 more than 3 times the number, then 5 less than 5 times the number is**

a) – 30 b) – 15
c) 0 d) none ***ans.* A**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, একটি সংখ্যার দ্বিগুনের চেয়ে ৩ কম কোন সংখ্যা তার ৩ গুনের চেয়েও ২ বেশি হলে সংখ্যাটির ৫ গুণের চেয়ে ৫ কম কত হবে?

ধরি, সংখ্যাটি $= x$

প্রশ্নানুসারে, $2x - 3 = 3x + 2$

$\Rightarrow 2x - 3x = 2 + 3$

$\Rightarrow -x = 5$

$\therefore x = -5$

$\therefore$ সংখ্যাটির 5গুনের চেয়ে 5 কম

$= 5x - 5 = 5 \times (-5) - 5 = -30$

***13.*** **A triangle has a perimeter 13. The two shorter sides have integer lengths equal to $x$ and $x + 1$. Which of the following could be the length of the other side?**

a) 2 b) 6
c) 8 d) none ***ans.* B**

***Solution:*** প্রশ্নে বলা হচ্ছে, একটি ত্রিভুজের পরিসীমা ১৩। ত্রিভুজটির দুই বাহুর দৈর্ঘ্য $x$ এবং $(x + 1)$ হলে ত্রিভুজটির তৃতীয় বাহুর দৈর্ঘ্য কত?

ধরি, বৃহত্তর বাহু $= p$



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

প্রশ্নানুসারে, $p + (x + x + 1) = 13$

আমরাজানি, *ত্রিভুজের যে কোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।*

এখানে দুই বাহু মানে $(2x + 1)$ হবে বৃহত্তর বাহু $p$ অপেক্ষা বৃহত্তর।

এই শর্তানুযায়ী অপশন $c)$ 8 হবে না।

কারণ, বৃহত্তর বাহু = 8 হলে বাকি দুই বাহুর সমষ্টি হবে 5.

অপশন $a)$ বৃহত্তর বাহু হবে না কারণ, 2 যদি বৃহত্তর বাহু হয় তাহলে বাকি দুই বাহুর প্রত্যেকটি 2 থেকে বড় হয়। যা গ্রহণযোগ্য নয়।

$\therefore$ বৃহত্তর বাহু হবে অর্থাৎ 6

***14.*** **A dress on sale in a shop is marked at Tk. Z. During the discount sale its price is reduced by 15%. Staffs are allowed a further 10% reduction on the discounted price. If a staff member buys the dress what will she have to pay in terms of Z?**

a) 0.75Z b) 0.76Z
c) 0.765Z d) none ***ans.* C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি পোশাক Discount-এ বিক্রির সময় Z টাকা মূল্য নির্ধারণ করা হলো। কিন্তু বিক্রয়ের সময় মূল্য ১৫% কমানো হলো। বিক্রেতা আবারো মূল্য ১০% কমালে তার বিক্রয়মূল্য কত হবে?

প্রশ্নানুসারে, 15% Discount দেয়ার পর Price

$= 0.85Z - (Z \times 15\%) = 0.85Z$

$\therefore$ Staff দের পুনরায় Discount দেয়ার পর Price

$= 0.85Z - (0.85Z \times 10\%) = 0.765Z$

***15.*** **Courier charges for packages to a certain destination are Tk. 65 for the first 250 grams and Tk. 10 for each additional 100 grams or part thereof. What could be the weight in grams of a package for which the charge is Tk. 155?**

a) 1155 gms b) 1145 gms
c) 1040 gms d) None ***ans.* D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, কুরিয়ার সার্ভিস প্রথম ২৫০ গ্রাম জিনিসের জন্য ৬৫ টাকা চার্জ নেয় কিন্তু এরপর অতিরিক্ত ১০০ গ্রাম বা কিছু অংশের জন্য আরো ১০ টাকা চার্জ নেয়। এখন কুরিয়ার সার্ভিস ১৫৫ টাকা চার্জ নিলে জিনিসের পরিমাণ কত ছিল?

$1^{st}$ 250 gram-এর Charge = 65 টাকা হলে অতিরিক্ত gram-এর Charge হবে = 155 – 65 = 90 টাকা

10 টাকা Charge হবে = 100 gram-এর

$\therefore$ 90 টাকা Charge হবে $= \frac{100 \times 90}{10} = 900$ gram- এর

$\therefore$ Total weight = 250 + 900 = 1150 grams.

***16.*** **Jamal is now four times older than Arif. In 30 years, he will be 18 years older than Arif. What is Jamal's age now in years?**

a) 24 b) 28
c) 32 d) none ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, বর্তমানে জামালের বয়স আরিফের বয়সের দ্বিগুণ। ৩০ বছর পর সে আরিফের চেয়ে ১৮ বছরের বড় হবে। জামালের বর্তমান বয়স কত?

ধরি, Arif-এর বর্তমান বয়স = $x$ বছর

এবং Jamal- এর বর্তমান বয়স= $4x$ বছর

প্রশ্নমতে, $4x + 30 = x + 30 + 18$

$\Rightarrow 3x = 18$

$\therefore x = 6$

$\therefore$ Jamal-এর বর্তমান বয়স $= 4x = 4 \times 6 = 24$ বছর।

***17.*** **A can do a work in 15 days and B in 20 days. I they work on it together for 4 days, then the fraction of the work that is left is**

a) $\frac{1}{4}$ b) $\frac{1}{8}$
c) $\frac{1}{15}$ d) $\frac{8}{15}$ ***ans.* D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, A একটি কাজ করে ১৫ দিনে এবং B করে ২০ দিনে। তারা একত্রে ৪ দিন কাজ করলো। কতটুকু কাজ বাকি থাকবে?

A এর 1 দিনের কাজ $\frac{1}{15}$ এবং B এর 1 দিনের কাজ $\frac{1}{20}$

$\therefore$ দুজনে একত্রে 1দিনে করে

$= \left(\frac{1}{15} + \frac{1}{20}\right) = \frac{4+3}{60} = \frac{7}{60}$

$\therefore$ দুজনে একত্রে 4 দিনে করে $= \frac{7 \times 4}{60} = \frac{7}{15}$

$\therefore$ কাজ বাকি থাকবে $= \left(1 - \frac{7}{15}\right) = \frac{15 - 7}{15} = \frac{8}{15}$

***18.*** **A ferry can carry 24 buses or 36 cars at a time. If there are 18 buses on the ferry, how many cars can be loaded onto it?**

a) 6 b) 8
c) 9 d) 12 ***ans.* C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি ফেরী 24 টি Bus অথবা 36 টি Car বহন করতে পারে। যদি ঐ ফেরীতে 18 টি Bus থাকে, তবে ঐ ফেরীতে আর কয়টি Car load করা যাবে?

24 Bus = 36 Car



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

$18 \text{ Bus} = \frac{36}{24} \times 18 = 27 \text{ Car}$

বাকী 36 – 27 = 9টি Car ধরে।

**19. In a certain English class, $\frac{1}{4}$ of the number of girls is equal to $\frac{1}{6}$ of the total number of students. What is the ratio of the number of boys to the number of girls in the class?**

a) 1 : 2 b) 1 : 3
c) 1 : 4 d) 2 : 3 ***ans.* A**

**Solution:** একটি ক্লাসের ছাত্রীদের $\frac{1}{4}$ অংশ সকল শিক্ষার্থীদের $\frac{1}{6}$ অংশের সমান। ক্লাসের ছাত্র-ছাত্রীর অনুপাত কত?

ধরি, ছাত্র সংখ্যা = $x$ এবং ছাত্রী সংখ্যা = $y$

∴ মোট ছাত্র-ছাত্রী সংখ্যা = $x + y$

প্রশ্নানুসারে, $\frac{y}{4} = \frac{x+y}{6}$

$\Rightarrow 4x + 4y = 6y \qquad \Rightarrow 4x = 2y$

$\Rightarrow \frac{x}{y} = \frac{2}{4} = \frac{1}{2}$

$\therefore x : y = 1 : 2$

**20. If the average (arithmetic mean) of $x$ and y is 60 and the average (arithmetic mean) of $y$ and $z$ is 80, what is the value of $(z - x)$?**

a) 70 b) 40
c) 20 d) none ***ans.* B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $x$ ও $y$ এর গড় হলো ৬০ এবং $y$ ও $z$ এর গড় ৮০ হলে $(z - x)$?

$x$ ও $y$ এর গড় মান $= \frac{x+y}{2} = 60$ হলে

এবং $x + y = 60 \times 2 = 120$ .......... ($i$)

$y + z = 80 \times 2 = 160$ .................($ii$)

সমীকরণ ($i$) – ($ii$) নং হতে পাই,

$x + y - y - z = 120 - 160$

$\Rightarrow x - z = -40$

$\Rightarrow z - x = 40$ [– 1 দ্বারা গুণ করে]

$\therefore z - x = 40$

**21. Babu's income is Tk 1,000 more than that of Selim. Their total salary is Tk. $x$. What is Selim's salary?**

a) $\frac{x}{2} - 500$ b) $x - 500$
b) $\frac{(2x - 500)}{2}$ d) $2x - 1,000$ ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, সেলিমের চেয়ে বাবুর আয় ১,০০০ টাকা বেশি। তাদের মোট আয় $x$ টাকা হলে সেলিমের বেতন কত?

Babu ও Selim এর মোট Income $x$ থেকে 1,000 টাকা বাদ দিলে উভয়ের Income সমান হয়।

∴ তখন প্রত্যেকের Income হবে $= \frac{x - 1000}{2} = \frac{x}{2} - 500$

**22. If $x$ and $y$ are positive integers, each greater than 1, and if 13 $(x - 1)$ = 17 $(y - 1)$, what is the least possible value of $(x + y)$?**

a) 32 b) 30
c) 26 d) 25 ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $x$ এবং $y$ ধনাত্মক পূর্ণসংখ্যা ও প্রত্যেকে ১ অপেক্ষা বড় হলে এবং 13 $(x - 1)$ = 17 $(y - 1)$ হলে $(x + y)$ এর সর্বনিম্ন মান কত?

দেওয়া আছে 13, $(x - 1)$ = 17, $(y - 1)$

এই সমীকরণ থেকে পাওয়া যায় $(x - 1) = 17$ ....... ($i$)

এবং $(y - 1) = 13$ ........... ($ii$)

এখন, ($i$) + ($ii$) করে পাই,

$x - 1 + y - 1 = 17 + 13 = 30$

$\therefore x + y = 30 + 2 = 32$

**23. If $b = 9d - c$ and $d = \frac{a}{6}$, what is the average (arithmetic mean) of $a$, $b$, $c$, and $d$?**

a) $2d$ b) $3d$
c) $4d$ d) none ***ans.* C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $b = 9d - c$ এবং $d = \frac{a}{6}$ হলে $a$, $b$, $c$ ও $d$ এর গড় কত?

দেওয়া আছে, $b = 9d - c$

$\Rightarrow b = 9 \times \frac{a}{6} - c \qquad \Rightarrow b = \frac{3a}{2} - c$

$\Rightarrow (b + c) = \frac{3a}{2}$

আবার, $d = \frac{a}{6} \quad \Rightarrow a = 6d$

∴ $a$, $b$, $c$ এবং $d$-এর Average $= \frac{a+b+c+d}{4}$

$= \frac{6d + \frac{3a}{2} + \frac{a}{6}}{4} = \frac{\frac{36d + 9a + a}{6}}{4} = \frac{\frac{36d + 54d + 6d}{6}}{4}$

$= \frac{\frac{96d}{6}}{4} = \frac{16d}{4} = 4d$

**24. On dividing a number by 5, we get 3 as remainder. What will the remainder when the square of this number is divided by 5?**

a) 0 b) 1
c) 2 d) 4 ***ans.* D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, কোন সংখ্যাকে ৫ দ্বারা ভাগ করলে ভাগশেষ হয় ৩। সংখ্যাটির বর্গকে ৫ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত?



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

মনেকরি, 5 দিয়ে ভাগ করলে 3 অবশিষ্ট থাকে এমন সংখ্যাটি = $x$ এবং ধরি, সংখ্যাটির ভাগফল = $y$

প্রশ্নমতে, $x = 5y + 3$

$\Rightarrow x^2 = (5y + 3)^2$

$= 25y^2 + 30y + 9$

$= 25y^2 + 30y + 5 + 4$

$= 5(5y^2 + 6y + 1) + 4$

$\therefore$ দেখা যাচ্ছে যে, সংখ্যাটিকে বর্গ করে 5 দিয়ে ভাগ করলে অবশিষ্ট 4 থাকে।

***25.*** **If 75% of a class answered the 1st question on a certain test correctly, 55% answered the 2nd question on the test correctly and 20% answered neither of the questions correctly, what percent answered both correctly?**

a) 10% b) 20%
c) 30% d) none ***ans.* D**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, ৭৫% ছাত্র একটি প্রশ্নের সঠিক উত্তর দিল, দ্বিতীয় প্রশ্নে ৫৫% সঠিক উত্তর দিল। ২০% কোনো উত্তরই সঠিকভাবে দিল না। কত শতাংশ ছাত্র সঠিক উত্তর দিল?

1st প্রশ্নের উত্তর ভুল করে = 100 – 75 = 25%

2nd প্রশ্নের উত্তর ভুল করে = 100 – 55 = 45%

$\therefore$ দুটি প্রশ্নেরই উত্তর ভুল দেয় = 25 + 45 – 20 = 50%

$\therefore$ দুটি প্রশ্নেরই Correct উত্তর দেয় = 100 – 50 = 50%

***Q. 26 – 38:*** *Fill in the blanks with appropriate word(s).*

***26.*** **I will give you a map of the new town in case you ____ lost.**

a) will get b) would get
c) got d) get ***ans.* D**

**Solution:** বাক্যে Present tense এ আছে বলে get বসবে। **বাক্যের অর্থঃ** যদি তুমি হারিয়ে যাও আমি তোমাকে নতুন শহরের মানচিত্র দিব।

***27.*** **Why ____ angry with me yesterday?**

a) were you b) have you been
c) you were d) was you ***ans.* A**

**Solution:** Yesterday, ago, long ago, long since, last, last night, last week, last month, last year, the day before yesterday, as soon as ইত্যাদি শব্দগুচ্ছ Past Indefinite Tense নির্দেশ করে। **বাক্যের অর্থঃ** তুমি কেন গতকাল আমার উপর রেগেছিলে?

***28.*** **This contract will be confirmed _________ December.**

a) on b) in
c) for d) at ***ans.* B**

**Solution:** Contract অর্থ চুক্তি করা, Confirm অর্থ নিশ্চিত করা। **বাক্যের অর্থঃ** চুক্তিটি ডিসেম্বর মাসে নিশ্চিত করা হবে।

***29.*** **____ is a good exercise.**

a) To walk b) To walking
c) Walking d) On walk ***ans.* A & C**

**Solution:** Infinitive যখন Noun এর কাজ করে তখন তাকে বলে Simple বা Noun-infinitive. এই প্রকার Infinitive noun এর মত কাজ করে বলে Subject, object, complement ইত্যাদি হিসেবে ব্যবহৃত হয়। যেমনঃ As a subject: To tell a lie is a sin. (মিথ্যা বলা পাপ।) এখানে 'is' এর বামপাশের সবটুকু Subject. সুতরাং 'to tell' এখানে 'verb' নয়।

এবং Verb + ing যদি Noun এবং Verb এর কাজ করে তাহলে তাকে Gerund বলে। যেমনঃ

**Taking** exercise is a good habit (ব্যায়াম করা একটি ভাল অভ্যাস)। এখানে 'is-verb' এর বাম পাশের সবটুকু হলো Subject আর Subject যখন তখন এটি Noun ছাড়া আর কিছু নয়। আবার Taking একটি Verb এর মত কাজ করছে যার Object হলো Exercise. তাহলে Taking শব্দটি 'take + ing' একই সাথে Noun এবং Verb এর কাজ সম্পন্ন করছে। এটিই হলো Gerund.

**বাক্যের অর্থঃ** হাঁটা একটি ভাল ব্যায়াম।

***30.*** **I shall look ____ the matter.**

a) into b) to
c) on d) about ***ans.* A**

**Solution:** Look into মানে তদন্ত করা। কিন্তু, Look on অর্থ দর্শক হওয়া। Look to something অর্থ কোন ব্যাপারে সাবধান হওয়া। Look about for something অর্থ অনুসন্ধান করা।

**বাক্যের অর্থঃ** আমি ব্যাপারটা তদন্ত করবো।

***31.*** **Our teacher makes us ____very hard.**

a) to work b) work
c) working d) works ***ans.* B**

**Solution:** Make, hear, let, need, dare, had better, would rather ইত্যাদির পর Verb এর Present form হয় এবং Verb এর পূর্বে To থাকলে তা উঠে যায়। আবার Had better + verb Base form হয়। তাই সঠিক উত্তর হবে অপশন *b*).

**বাক্যের অর্থঃ** আমাদের শিক্ষক আমাদরকে কঠোর পরিশ্রম করালেন।

***32.*** **We insist on ____ leaving the room.**

a) you b) your
c) you for d) you after ***ans.* B**

**Solution:** Preposition ও Gerund মাঝে Possessive pronoun বসে। আর 'you' এর Preposition হলো 'your'



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**বাক্যের অর্থঃ** তোমায় কক্ষটি ছাড়ার ব্যাপারে আমরা পীড়াপীড়ি করি।

***33.*** **My situation was like out of the frying pan ____ the fire.**

a) in b) into

c) on d) off ***ans.*** **B**

**Solution:** Out of the frying pan into the fire মানে ছোট বিপদ থেকে বড় বিপদে (কড়াই ছেড়ে আগুনে)।

**বাক্যের অর্থঃ** আমার অবস্থা ছিল কড়াই ছেড়ে আগুনে পড়ার মতো।

***34.*** **I would have lent you my notes if you ____ me.**

a) could of asked b) would have asked me

c) could ask d) had asked ***ans.*** **D**

**Solution:** Conditional Sentence-এর এক অংশে would have থাকলে 'if' যুক্ত অংশে Past perfect হয়, তাই 'had asked' হবে।

**বাক্যের অর্থঃ** তুমি যদি আমাকে বলতে তাহলে আমি তোমাকে আমার নোটগুলো ধার দিতাম।

***35.*** **No sooner had we started out for Dhaka ____ it started to rain.**

a) than b) while

c) when d) as ***ans.*** **A**

**Repeat:** বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (হিসাবরক্ষক কর্মকর্তা) ২০১৭ এবং প্রশ্ন নং ০৩।

***36.*** **Many scientists are still hoping ____ life on another planet.**

a) to find b) to have found

c) to have been found d) to found ***ans.*** **A**

**Solution:** Hope to এর পরে ing যুক্ত হয় না।

**বাক্যের অর্থঃ** অনেক বিজ্ঞানী অন্য গ্রহে প্রাণের অস্তিত্বের খোঁজ পাবে বলে আশা করছে।

***37.*** **If you don't know what the word means, look it ____, ____ a dictionary.**

a) up; from b) in; from

c) up; in d) for; in ***ans.*** **C**

**Solution:** Look something up মানে বই বা কম্পিউটারে কোন তথ্য খুঁজে দেখা/বের করার চেষ্টা করা।

**বাক্যের অর্থঃ** যদি তুমি না জানো এই শব্দটির মানে কী, তাহলে তুমি এটা অভিধানে খুঁজে দেখো।

***38.*** **She is so afraid of the dark that she can't sleep ____ there is a light on outside her room.**

a) unless b) expect

c) if d) otherwise ***ans.*** **A**

**Solution:** বাক্যে 'যতক্ষণ না' অর্থে 'unless' Conjunction এর ব্যবহার ঠিক আছে।

**বাক্যের অর্থঃ** সে অন্ধকারের ভয়ে এত ভীত যে সে ঘুমতে পারে না যদি না তার রুমের বাইরে বাতি জ্বালানো থাকে।

***39.*** **Humility**

a) নিষ্ঠুর b) অপমানজনক

c) অমানবিক d) নম্রতা ***ans.*** **D**

**Solution:** Humility অর্থ নম্রতা। Inhumane অর্থ অমানবিক। Insulting অর্থ অপমানজনক।

***40.*** **Melancholy**

a) সুন্দর b) বিষণ্ন

c) বিশাল d) স্বাদহীন ***ans.*** **B**

**Solution:** Melancholy অর্থ বিষণ্ন। Enormous অর্থ বিশাল। Tasteless অর্থ স্বাদহীন।

***41.*** **Immaculate**

a) স্পষ্ঠ b) অন্ধকার

c) পবিত্র d) মূল্যবান ***ans.*** **C**

**Solution:** Immaculate অর্থ পবিত্র। Dark অর্থ অন্ধকার। Transparent অর্থ স্পষ্ঠ। Valuable অর্থ মূল্যবান।

***42.*** **Vengeance**

a) নম্র b) প্রতিহিংসা

c) অবনত d) কৃত্রিম ***ans.*** **B**

**Solution:** Vengeance অর্থ প্রতিহিংসা। Modest অর্থ নম্র। Submissive অর্থ অবনত। Artificial অর্থ কৃত্রিম।

***43.*** **Placid**

a) শান্ত b) বাস্তবসম্মত

c) আকর্ষণীয় d) কৃত্রিম ***ans.*** **A**

**Solution:** Placid অর্থ শান্ত। Realistic অর্থ বাস্তবসম্মত। Attractive অর্থ আকর্ষণীয়।

***44.*** **Diligent**

a) পরিশ্রমী b) বুদ্ধিমান ***ans.*** **A**

c) দুঃসাহসী d) দয়ালু

**Solution:** Diligent অর্থ পরিশ্রমী। Kind অর্থ দয়ালু। Haughty অর্থ দুঃসাহসী।

***45.*** **Gallant**

a) প্রাচীন b) আনাড়ী

c) সাহসী d) উদ্ধত ***ans.*** **C**

**Solution:** Gallant অর্থ সাহসী। Archaic অর্থ প্রাচীন। Unexperienced অর্থ আনাড়ী। Arrogant অর্থ উদ্ধত।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

***46.*** **Recently, Dhaka Central Jail has been shifted to______.**

a) Keraniganj b) Tangi
c) Uttara d) Gazipur ***ans.*** **A**

***Solution:*** ঢাকা কেন্দ্রীয় কারাগার দক্ষিণ কেরানীগঞ্জের রাজেন্দ্রপুরে অবস্থিত। এই কারাগারটি উদ্বোধন করা হয় ১০ এপ্রিল ২০১৬ সালে। আর পুরান ঢাকার নাজিমউদ্দিন রোডে ১৭৮৮ সালে তৈরি হওয়া এই কারাগারটি আনুষ্ঠানিকভাবে এখানে স্থানান্তর করা হয় ২৯ জুলাই ২০১৬ সালে।

***47.*** **The city 'Mosul' is in which country?**

a) Syria b) Iraq
c) Iran d) Turkey ***ans.*** **B**

***Solution:*** মুসল হলো ইরাকের উত্তরাঞ্চলের প্রধান নগরী। এটি বাগদাদ থেকে ৪০০ কিলোমিটার (২৫০ মাইল) দূরে উত্তরে দজলা নদীর পশ্চিম তীরে এবং পূর্ব তীরে অবস্থিত নিনাওয়ার আসিরীয়া নগরের অভিমুখে অবস্থিত।

***48.*** **Who is the State Minister for Power Energy and Mineral Resources of Bangladesh?**

a) Nasrul Hamid b) Md. Shahiriar Alam
c) Mirza Azam d) Zahid Malek ***ans.*** **A**

***49.*** **Who is the Foreign Minister of India?**

a) Sushma Swaraj b) Nitin Gadkari
c) Uma Bharati d) Arun Jaitley
***ans.*** **Note**

***Solution:*** ভারতের বর্তমান Foreign Minister হলেন Subrahmanyam Jaishankar. তিনি ৩০ মে ২০১৯ সালে দায়িত্ব গ্রহণ করেন।

***50.*** **Which country will host the World Cup Football tournament in 2018?**

a) Brazil b) Argentina
c) Qatar d) Russia ***ans.*** **D**

***Solution:*** আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতা ফিফা বিশ্বকাপের ২১তম আসর। এই প্রতিযোগিতাটি রাশিয়ায় ১৪ জুন হতে ১৫ জুলাই ২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়। আর এই প্রতিযোগিতায় ৩২টি দেশ অংশগ্রহণ করে। যাতে চ্যাম্পিয়ন হয় ফ্রান্স এবং রানার আপ হয় ক্রোয়েশিয়া।

***51.*** **The new UN Secretary General is ______**

a) Antonio Guterres b) Anthony D'Costa
c) Antonio Carbelli d) Anthony Hopkins
***ans.*** **A**

***Solution:*** অ্যান্তোনিও গুতেরেইস হলেন পর্তুগালের নাগরিক। তিনি ছিলেন দেশটির সাবেক প্রধানমন্ত্রী এবং United Nations High Commissioner for Refugees হিসেবে কর্মরত ছিলেন। জাতিসংঘের নবম মহাসচিব হিসেবে ২০১৭ সালের ১ জানুয়ারিতে দায়িত্ব গ্রহণ করেন। উল্লেখ্য, জাতিসংঘের প্রথম মহাসচিব ছিলেন ট্রিগভেলি (১৯৪৬–১৯৫২)।

***52.*** **According to Bangla Calendar today's date is ______.**

a) Magh 16 b) Magh 17
c) Poush 16 d) Poush 17 ***ans.*** **Note**

***Solution:*** পরীক্ষা যেদিন অনুষ্ঠিত হয়েছে সেদিনের তারিখটি হবে।

***53.*** **Which river of Bangladesh originates in Tibet?**

a) Brahmaputra b) Tista
c) Padma d) Surma ***ans.*** **A**

***Solution:*** ব্রহ্মপুত্রের উৎপত্তি হিমালয় পর্বতমালার কৈলাস শৃঙ্গের নিকট জিমা ইয়াংজং হিমবাহে, যা তিব্বতের পশ্চিমাঞ্চলে অবস্থিত। ব্রহ্মপুত্র নদীটি তিব্বত ও আসামের ভিতর দিয়ে প্রবাহিত হয়ে কুড়িগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। আর ময়মনসিংহের দেওয়ানগঞ্জের কাছে ব্রহ্মপুত্র দক্ষিণ-পূর্ব দিকে বাঁক নিয়ে ময়মনসিংহ জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে ভৈরববাজারের দক্ষিণে মেঘনায় পড়েছে।

***54.*** **Who is the current Chief Election Commissioner of Bangladesh?**

a) Kazi Rakibuddin Ahmed
b) Md. Shamsul Huda
c) Md. Abu Hafiz
d) M A Sayeed ***ans.*** **Note**

***Solution:*** কে এম নুরুল হুদা হলেন বর্তমান প্রধান নির্বাচন কমিশনার। তিনি কাজী রকিবুদ্দিন আহমদের স্থলাভিষিক্ত হয়ে ১২তম প্রধান কমিশনার হিসেবে গত ১৫.০২.২০১৭ সাল থেকে বর্তমান পর্যন্ত নিযুক্ত হন। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি মোঃ ইদ্রিস এবং প্রথম নারী নির্বাচন কমিশনার হলেন বেগম কবিতা খানম (নিয়োগ ২০১৭ সালে)।

***55.*** **What is the maximum limit of tax free personal income for female tax payer in Bangladesh?**

a) Tk. 220000 b) Tk. 250000
c) Tk. 300000 d) Tk. 400000 ***ans.*** **C**

***56.*** **Accord and Alliance are related to ____ industry.**

a) garments b) insurance
c) mining and minerals d) banking ***ans.*** **A**



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**57. Who is the current Chief Justice of Bangladesh?**

a) Md. Muzammel Hossain
b) Surendra Kumar Sinha
c) Badrul Alam
d) Anwarul Haque **ans. Note**

**Solution:** সৈয়দ মাহমুদ হোসেন বাংলাদেশের বর্তমান ও ২২তম প্রধান বিচারপতি। তিনি সুরেন্দ্র কুমার সিনহার স্থলাভিষিক্ত হয়ে গত ২ ফেব্রুয়ারি ২০১৮ সালে দায়িত্ব গ্রহণ করেন।

**58. In which district the Burimari land port is situated?**

a) Kurigram b) Rangpur
c) Lalmonirhat d) Nawabganj **ans. C**

**Solution:** লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার ৮ নং বুড়িমারী ইউনিয়নে বুড়িমারী সীমান্তে এই স্থল বন্দরটি অবস্থিত। ভারত, ভুটান এবং নেপালের সাতে স্থল পথে মালামাল আমদানী ও রপ্তানীর সুবিধার জন্য এই বুড়িমারী এলাকার জিরো পয়েন্টে এই বন্দরটি ১৯৮৮ সালে চালু করা হয়।

**59. Who is the current mayor of London?**

a) Rajesh Agarwal b) Boris Johnson
c) Ken Livingstone d) Sadiq Khan **ans. D**

**Solution:** লন্ডনের মেয়র গ্রেটার লন্ডন কর্তৃপক্ষের প্রধান নির্বাহী। বর্তমান মেয়র হলেন সাদিক খান, যিনি গত ৯ মে ২০১৬ সালে দায়িত্ব গ্রহণ করেন।

**60. In which district 'Ratargul Swamp Forest' is located?**

a) Sylhet b) Gopalgonj
c) Kurigram d) Panchagar **ans. A**

**Solution:** রাতারগুল জলাবন বা বিশেষ জীববৈচিত্র্য সংরক্ষণ এলাকা বাংলাদেশের একমাত্র মিঠাপানির জলাবন এবং বন্যপ্রাণী অভয়ারণ্য। এটি সিলেটের গোয়াইনঘাটে অবস্থিত।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**পদের নামঃ সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর**

তারিখঃ ২০১৭; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমাণঃ ৭৫

**01. বাংলা গদ্যের জনক কাকে বলা হয়?**

a) প্যারিচাঁদ মিত্র b) কালীপ্রসন্ন সিংহ
c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর d) রবীন্দ্রনাথ ঠাকুর **ans. C**

**Solution:** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যকে গতিশীল করে প্রাণ দান করেছেন। তার পূর্বে ফোর্ট উইলিয়াম কলেজের পন্ডিতগণ ও রামমোহন রায় এর বাংলা গদ্য রচনার প্রয়াস প্রশংসনীয় হলেও তাদের গদ্য রীতিতে বহু অপূর্ণতা ছিল। বিদ্যাসাগর বাংলা গদ্যে সুললিত শব্দ বিন্যাস, পদবিভাগ ও যতিসন্নিবেশে সুবোধ্য ও শিল্প গুণান্বিত করে তোলেন। বিদ্যাসাগর বাংলা গদ্যকে সাহিত্য গুণসম্পন্ন ও সর্বভাব প্রকাশিক্ষম করেছিলেন বলে তাঁকে বাংলা গদ্যের জনক বলা হয়।

**02. কাজী নজরুল ইসলামের জন্ম স্থান**

a) কুমিল্লা b) ত্রিশাল
c) বর্ধমান d) চট্টগ্রাম **ans. C**

**Solution:** কাজী নজরুল ইসলাম ১৮৯৯ খ্রিস্টাব্দের ২৪ মে, (বাংলা ১৩০৬ সনের ১১ জ্যৈষ্ঠ) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

**03. কোনটি জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ নয়?**

a) ধূসর পাণ্ডুলিপি b) ঝরা পালক
c) বেলা শেষের গান d) মহা পৃথিবী **ans. C**

**Solution:** জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থঃ ঝরাপলক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহা পৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা এবং বেলা অবেলা কালবেলা।

**04. 'বাংলা ভাষার ইতিবৃত্ত' রচনা করেছেন**

a) সুকুমার সেন b) সুনীতি কুমার চট্টোপাধ্যায়
c) মুহাম্মদ শহীদুল্লাহ d) দানীউল হক **ans. C**

**Solution:** ড. মুহাম্মদ শহীদুল্লাহর গবেষণামূলক গ্রন্থঃ বাংলা ভাষার ইতিবৃত্ত, বাংলা সাহিত্যের কথা, ভাষা ও সাহিত্য, বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান।

**05. 'অন্তর টিপুনী' বলতে কি বোঝায়?**

a) বিপদ b) গভীর
c) গোপন ব্যাথা d) হিংসা **ans. C**

**Solution:** অন্তর টিপুনী বলতে গোপন ব্যাথা বা মর্মপীড়া বোঝায়।

**06. 'শেষের কবিতা' কি জাতীয় রচনা?**

a) কাব্যগ্রন্থ b) নাটক
c) উপন্যাস d) গল্প সংকলন **ans. C**

**Solution:** শেষের কবিতা- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস। মূল চরিত্র- অমিত ও লাবণ্য।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

*07.* **'সংশয়' এর বিপরীত শব্দ কোনটি?**
a) বিস্ময় b) দ্বিধা
c) প্রত্যয় d) স্থানী ***ans.* C**

**Solution:** 'সংশয়' এর প্রতিশব্দ হলো সন্দেহ; দ্বিধা।

*08.* **জানার ইচ্ছা-**
a) জিজ্ঞাসা b) জিঘাংসা
c) কৃষ্ণা d) আগ্রহ ***ans.* A**

*09.* **'হাজার বছর ধরে' উপন্যাস কার লেখা?**
a) শহীদুল্লা কায়সার b) সৈয়দ ওয়ালিউল্লাহ
c) জহির রায়হান d) শওকত ওসমান ***ans.* C**

**Solution:** 'হাজার বছর ধরে' উপন্যাসের রচয়িতা জহির রায়হান। উপন্যাসের মূল প্রতিপাদ্য-আবহমান বাংলার জীবন ও জনপদ। উপন্যাসে যে জীবন ও জনপদের বর্ণনা রয়েছে তা বাংলাদেশের আবহমান কালের।

*10.* **কোনটি 'বৃক্ষ' শব্দের প্রতিশব্দ নয়?**
a) অটবি b) কলাপী
c) পল্লবী d) বিটপী ***ans.* A**

**Solution:** বৃক্ষ শব্দের সমার্থক বা প্রতিশব্দ হলো- গাছ, তরু, বিটপী, পাদক, দ্রুম, মহীরুহ, শাখী, শৃঙ্গী, শিখরী ও পর্ণী। আর অটবি অর্থ বন।

*11.* **'লাল সালু' উপন্যাস কার লিখা?**
a) রবীন্দ্রনাথ ঠাকুর b) সৈয়দ ওয়ালী উল্লাহ
c) জীবনানন্দ দাশ d) জসীম উদ্দীন ***ans.* B**

**Solution:** লালসালু উপন্যাসের রচয়িতা "সৈয়দ ওয়ালীউল্লাহ"। উপন্যাসটিতে ধর্ম নিয়ে ব্যক্তিস্বার্থ চরিতার্থকারীদের স্বরূপ উন্মোচন ও নারী জাগরণের প্রেক্ষাপটে সমাজসচেতনতা বিষয়ে আলোকপাত করা হয়েছে। লালসালু উপন্যাসের ইংরেজি অনুবাদের নামঃ Tree without Roots.

*12.* **কোন বানানটি শুদ্ধ?**
a) কৃষিজিবী b) কৃষিজিবি
c) কৃষিজীবি d) কৃষিজীবী ***ans.* D**

*13.* **বাংলাপিডিয়া প্রকাশের উদ্যোক্তা-**
a) বাংলা একাডেমী
b) বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
c) মুক্তিযুদ্ধ যাদুঘর
d) দি ইউনিভার্সিটি প্রেস লিঃ ***ans.* B**

**Repeat:** বাংলাদেশ গ্যাস ফিল্ড'স কোম্পানি লিমিটেড (সহকারী ব্যবস্থাপক) ১০.০৩.২০১৭ এবং প্রশ্ন নং ৪০.

*14.* **'তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য?**
a) সরল বাক্য b) বৈপরীত্যমূলক বাক্য
c) যৌগিক বাক্য d) মিশ্র বাক্য ***ans.* C**

**Solution:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।
জ্ঞাতব্যঃ যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো 'এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি' ইত্যাদি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমনঃ নেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু, কোনো পথ দেখাতে পারলেন না।

*15.* **'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা কে?**
a) ড. মুহম্মদ শহীদুল্লাহ b) মোঃ আবদুল হাই
c) আবুল মনসুর আহমদ d) আতাউর রহমান ***ans.* C**

**Solution:** আবুল মনসুর আহমদ রচিত প্রবন্ধগুলো হলোঃ আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর (আত্মজীবনী), পাক বাংলার কালচার, শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু।

*16.* **'<u>বুলবুলিতে</u> ধান খেয়েছে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
a) কর্তায় ৭মী b) কর্মে ৭মী
c) অধিকরণে ২য়া d) কর্তায় শূন্য ***ans.* A**

**Solution:** কর্তায় ৭মী কারকের আরো কিছু উদাহরণ হলোঃ **রাজায় রাজায়** লড়াই উলুখাগড়ার প্রাণান্ত; **শ্রদ্ধাবান** লভে জ্ঞান অন্যে কভু নয়; পাছে **লোকে** কিছু বলে; **পণ্ডিতে পণ্ডিতে** লড়াই চলে। **বাপে** না জিজ্ঞাসে **মায়ে** না সম্ভাষে।

*17.* **'শঙ্খনীল কারাগার' উপন্যাসটি কার লেখা?**
a) রবীন্দ্রনাথ ঠাকুর b) হুমায়ুন আজাদ
c) আলাউদ্দীন আল আজাদ d) হুমায়ুন আহমেদ ***ans.* D**

**Solution:** হুমায়ুন আহমেদ রচিত কয়েকটি উল্লেখযোগ্য উপন্যাস হলোঃ শঙ্খনীল কারাগার, এইসব দিনরাত্রি, গৌরীপুর জংশন, কবি, দারুচিনি দ্বীপ, শ্রাবণ মেঘের দিন, নক্ষত্রের রাত। উল্লেখ্য, হুমায়ুন আহমেদের প্রথম প্রকাশিত উপন্যাস 'নন্দিত নরকে' (১৯৭২)।

*18.* **ক্রিয়াপদের মূল অংশকে কি বলে?**
a) বিভক্তি b) কারক
c) ধাতু d) প্রত্যয় ***ans.* C**

**Solution:** ক্রিয়াপদের মূল অংশকে ধাতু বলে।

*19.* **The road runs ____ hill and plain.**
a) by b) to
c) across d) over ***ans.* D**

**Solution:** কোনো কিছুর মাঝ বরাবর বয়ে যাওয়া অর্থে 'Run over' এই Group verb টি বসে। আবার Run over এর আরেকটি অর্থ হলো গাড়ি চাপা পড়া বা দেয়া। রাস্তায় কারো সাতে হঠাৎ দেখা হওয়াকে Run across বলা হয়।
**বাক্যের অর্থঃ** রাস্তাটি পাহাড় ও সমতল ভূমির মাঝ বরাবর চলে গেছে।

*20.* **He _____ home last Monday.**
a) has left b) had left
c) has leave d) left ***ans.* D**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** Last Monday, last week, yesterday ইত্যাদি থাকলে 'verb' টি Past Indefinite Tense এর হয়।

**বাক্যের অর্থঃ** গত সোমবারে সে বাড়ি ত্যাগ করেছে।

*21.* **'Wolf' এর বহুবচন কোনটি?**

a) Wolfs b) Wolfes
c) Wolves d) Wolfies ***ans.* C**

**সম্পর্কিত তথ্য:** Singular Noun এর শেষে 'f' বা 'fe' থাকলে Plural করার সময় 'f' বা 'fe' এর স্থলে 'v' হয় এবং শেষে 'es' যোগ করে Plural করা হয়। যেমনঃ Wolf – Wolves, Wife – Wives.

*22.* **Sky is to 'bird' as water is to**

a) fish b) boat
c) ship d) lotus ***ans.* A**

**Solution:** পাখির সাথে যেমন আকাশের সম্পর্ক অনুরুপ মাছের সাথে পানির সম্পর্ক।

*23.* **তোমরা কি এখানে থাক?**

a) Do you lives here?
b) Does you live here?
c) Do you live here?
d) Did you live here? ***ans.* C**

**Solution:** Subject 2nd person singular number হলে Auxiliary verb হিসেবে 'do' ব্যবহার করতে হয়।

*24.* **Remove শব্দটির Noun**

a) Removing b) Re-movement
c) Removal d) Remove ***ans.* C**

**Solution:** Remove অর্থ দূরীভূত করা বা সরানো।

*25.* **'Do you know him?' বাক্যটির Passive form হবে**

যেহেতু বিপরীত দিকে চলছে, তাই আপেক্ষিক গতিবেগ হবে = ৬০ + ৯০ = ১৫০ $kmph = \left(১৫০ \times \frac{৫}{১৮}\right) ms^{-1}$

∴ প্রয়োজনীয় সময়, $t = \frac{d_1 + d_2}{v_1 + v_2} = \frac{১১০০ + ৯০০}{\frac{১৫০ \times ৫}{১৮}}$

$= \frac{২০০০}{\frac{১৫০ \times ৫}{১৮}} = \frac{২০০০}{১} \times \frac{১৮}{১৫০ \times ৫}$ = ৪৮ সেকেণ্ড

**12. ছয়টি ক্রমিক পূর্ণসংখ্যার প্রথম তিনটির যোগফল ৩৬। শেষ তিনটির যোগফল কত?**

a) ৪০ b) ৪৫ c) ৪২
d) ৪৩ e) কোনটিই নয় ***ans.* B**

**Solution:** ধরি, ১ম সংখ্যাটি $x$; ২য় সংখ্যাটি ($x$ + ১)
এবং ৩য় সংখ্যাটি ($x$ + ২)
প্রশ্নমতে, $x + x$ + ১ + $x$ + ২ = ৩৬
⇒ ৩$x$ + ৩ = ৩৬
⇒ ৩$x$ = ৩৬ - ৩ = ৩৩
∴ $x = \frac{৩৩}{৩}$ = ১১
অতএব, শেষ ৩টি সংখ্যার যোগফল
= $x$ + ৩ + $x$ + ৪ + $x$ + ৫ = ৩$x$ + ১২
= (৩ × ১১) + ১২ = ৩৩ + ১২ = ৪৫

**13. একটি সংখ্যাকে ১০২ দিয়ে ভাগ করলে ভাগশেষ ২৩ থাকে। যদি ঐ সংখ্যাকে ১৭ দিয়ে ভাগ করা হয় তবে ভাগশেষ কত হবে?**

a) ১ b) ২ c) ৫
d) ৬ e) কোনটিই নয় ***ans.* D**

**Solution:** এটি IQ টাইপের অংক। তাই সহজ চিন্তার মাধ্যমে সমাধান করবেন।
১২৫ কে ১০২ দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে ২৩
এখন, ১৭)১২৫(৭
১১৯
———
৬
অর্থাৎ ভাগশেষ থাকে ৬

**14. কয়েকটি চকলেট আরিফ, রায়হান ও তমালের মধ্যে ৫ ঃ ৪ ঃ ৭ অনুপাতে ভাগ করে দেওয়া হল। যদি তমাল ৩৫টি চকলেট পায় তবে আরিফ কয়টি চকলেট পাবে?**

a) ১০ b) ২০ c) ২৫
d) ৩০ e) কোনটিই নয় ***ans.* C**

**Solution:**
দেয়া আছে, আরিফ ঃ রায়হান ঃ তমাল = ৫ ঃ ৪ ঃ ৭
= ২৫ ঃ ২০ ঃ ৩৫ [৫ দ্বারা গুণ করে]
অর্থাৎ তমাল ৩৫টি পেলে আরিফ পাবে ২৫টি।

**15. $a + b = 9m$ এবং $ab = 18m^2$ হলে $a - b$ =?**

a) $3m$ b) $-3m$ c) $6m$
d) $-6m$ e) $a$ এবং $b$ উভয়ই সম্ভব ***ans.* E**

**Solution:** আমরা জানি, $a - b = \sqrt{(a+b)^2 - 4ab}$
$= \sqrt{(9m)^2 - 4 \times 18m^2} = \sqrt{81m^2 - 72m^2}$
$= \sqrt{9m^2} = \sqrt{(3m)^2} = \pm 3m.$

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**16. যদি ৪ জন লোক প্রতি ঘণ্টায় ২০টি বালিশ তৈরী করতে পারে, তবে ৮ জন লোক ৪০টি বালিশ তৈরী করতে কত ঘণ্টা সময় নিবে?**

a) ১ b) ২ c) ৫
d) ৮ e) কোনটিই নয় **ans. A**

**Solution:** ২০টি বালিশ ৪ জনে তৈরী করে = ১ ঘণ্টায়

$\therefore$ ১টি বালিশ ৪ জনে তৈরী করে = $\frac{১}{২০}$ ঘণ্টায়

$\therefore$ ১টি বালিশ ১ জনে তৈরী করে = $\frac{৪}{২০}$ ঘণ্টায়

$\therefore$ ৪০টি বালিশ ৮ জনে তৈরী করে = $\frac{৪ \times ৪০}{২০ \times ৮}$ = ১ ঘণ্টায়

**17. যদি $xy < 0$, $xz > 0$ এবং $z < 0$ হয়, তবে নিচের কোনটি অবশ্যই সত্য হবে?**

a) $y < 0$ b) $yz > 0$ c) $y > 0$
d) $x > 0$ e) কোনটিই নয় **ans. C**

**Solution:** যেহেতু $xy < 0$, $xz > 0$ এবং $z < 0$
সেহেতু $x < 0$ এবং $y > 0$

**18. ১, ৩, ৬, ১০, ১৫, ২১, .... ধারাটির দশম পদ কোনটি?**

a) ৪০ b) ৪৫ c) ৫৫
d) ৩৬ e) কোনটিই নয় **ans. C**

**Solution:** ১ম পদ = ১ ২য় পদ = ১ + ২ = ৩
৩য় = ৩ + ৩ = ৬ ৪র্থ = ৬ + ৪ = ১০
৫ম = ১০ + ৫ = ১৫ ৬ষ্ঠ = ১৫ + ৬ = ২১
৭ম = ২১ + ৭ = ২৮ ৮ম = ২৮ + ৮ = ৩৬
৯ম = ৩৬ + ৯ = ৪৫ ১০ম = ৪৫ + ১০ = ৫৫

**19. কোন সংখ্যার দুই-তৃতীয়াংশ ঐ সংখ্যার চেয়ে ৫০ কম হলে সংখ্যাটি কত?**

a) ৪৫০ b) ২৫০ c) ১৫০
d) ৩০ e) কোনটিই নয় **ans. C**

**Solution:** ধরি, সংখ্যাটি $x$

প্রশ্নমতে, $\frac{২x}{৩} + ৫০ = x$

$\Rightarrow x - \frac{২x}{৩} = ৫০$

$\Rightarrow \frac{৩x - ২x}{৩} = ৫০$

$\therefore x = ১৫০$

**20. পিতা, মাতা ও কন্যার বয়সের গড় ৩০ বছর। মাতা ও কন্যার গড় বয়স ২৫ বছর হলে পিতার বয়স কত হবে?**

a) ২০ b) ৪০ c) ৪৫
d) ৫০ e) কোনটিই নয় **ans. B**

**Solution:**
পিতা, মাতা ও কন্যার মোট বয়স = ৩০ × ৩ = ৯০ বছর
মাতা ও কন্যার মোট বয়স = ২৫ × ২ = ৫০ বছর
$\therefore$ পিতার বয়স = ৯০ – ৫০ = ৪০ বছর

**Intelligent Shortcut:**
পিতার বয়স = (৩০ × ৩) - (২৫ × ২) = ৪০

**21. এশিয়ার একমাত্র বৌদ্ধ রাষ্ট্র কোনটি?**

a) শ্রীলঙ্কা b) থাইল্যান্ড c) চীন
d) মালয়েশিয়া e) কোনটিই নয় **ans. A**

**22. বাংলাদেশের সংবিধানে কয়টি ভাগ বা অধ্যায় রয়েছে?**

a) ১১ b) ১২ c) ১৫
d) ২০ e) কোনটিই নয় **ans. A**

**Solution:** বাংলাদেশের সংবিধানে ১টি প্রস্তাবনা, ৭টি তফসিল ও ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে। আর সমগ্র সংবিধান ১১টি ভাগে বিভক্ত।

**23. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?**

a) রাজশাহী বিশ্ববিদ্যালয় b) ঢাকা বিশ্ববিদ্যালয়
c) কুমিল্লা বিশ্ববিদ্যালয় d) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
e) কোনটিই নয় **ans. A**

**Solution:** পার্ক ফোয়ারা, কদম ফোয়ারা এবং সাম্পান নামের আরো ৩টি ভাস্কর্য এর ভাস্কর হলেন নিতুন কুন্ডু।

**24. টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) এর মেয়াদ শেষ হবে কত সালে?**

a) ২০৩০ b) ২০২৫ c) ২০২০
d) ২০১৫ e) কোনটিই নয় **ans. A**

**25. 'হিলি' স্থলবন্দরটি কোন জেলায় অবস্থিত?**

a) নোয়াখালী b) যশোর c) দিনাজপুর
d) সাতক্ষীরা e) কোনটিই নয় **ans. C**

**Solution:**

| স্থলবন্দর | বেনাপোল | হিলি | ভোমরা |
|---|---|---|---|
| অবস্থান | শার্শা, যশোর | হাকিমপুর, দিনাজপুর | সাতক্ষীরা সদর |

**26. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চন্দ্র অবস্থান করে তখন কি হতে পারে?**

a) চন্দ্রগ্রহণ b) সূর্যগ্রহণ c) অমাবস্যা
d) পূর্ণিমা e) কোনটিই নয় **ans. B**

**Solution:** পৃথিবী তার নিজ অক্ষের চারদিকে আবর্তন করার পাশাপাশি সূর্যের চারদিকেও নির্দিষ্ট কক্ষপথে আবর্তন করছে। এভাবে আবর্তন করতে করতে কোন এক পূর্ণিমা তিথিতে পৃথিবী চন্দ্র ও সূর্যের মাঝে এসে পৌঁছায়। ফলে পৃথিবীর ছায়া চন্দ্রের উপর এসে পড়ে এবং এর ফলে চন্দ্রকে দেখা যায় না। এটিই চন্দ্রগ্রহণ। অপরদিকে চন্দ্র পৃথিবীর চারদিকে ঘুরতে ঘুরতে কোন এক অমাবস্যা তিথিতে সূর্য ও পৃথিবীর মাঝে এসে পৌঁছায়। এই

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

অবস্থায় সূর্যের আলো চন্দ্র দ্বারা বাধা প্রাপ্ত হয় এবং চন্দ্রের ছায়া পৃথিবীতে পড়ে। ফলে সূর্যকে দেখা যায় না। এটিই সূর্য গ্রহণ।

***27.*** **কোনটি বাংলাদেশের সর্ব দক্ষিণে অবস্থিত?**
a) মহেশখালী b) হাতিয়া c) চরফ্যাশন
d) ছেঁড়াদ্বীপ e) কোনটিই নয় ***ans.*** **D**

***28.*** **Food and Agricultural Organization (FAO) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
a) নিউইয়র্ক b) রোম c) জেনেভা
d) লন্ডন e) কোনটিই নয় ***ans.*** **B**

***Solution:***

| সংস্থা | সদর দপ্তর | সংস্থা | সদর দপ্তর |
|---|---|---|---|
| UN, UNICEF, UNFPA, UNDP | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র | IBRD, IFC, IMF, IDA, MIFA | ওয়াশিংটন ডি. সি, যুক্তরাষ্ট্র |
| ILO, WHO, UNCTAC, ITU, WTO, UNHCR | জেনেভা, সুইজারল্যান্ড | UNESCO, OECD, INTERPOL | প্যারিস, ফ্রান্স |
| FAO, IFAC, WFP | রোম, ইতালি | IMO, COMMONWEALTH | লন্ডন, যুক্তরাজ্য |

***29.*** **দক্ষিণ আফ্রিকার রাজধানীর নাম কি?**
a) জোহেন্সবার্গ b) লজ এঞ্জেলস c) কেপটাউন
d) ওয়েলিংটন e) কোনটিই নয় ***ans.*** **C**

***30.*** **ইন্দোনেশিয়ার মুদ্রার নাম কি?**
a) রুপিয়া b) রুপি c) রিয়েল
d) ডং e) কোনটিই নয় ***ans.*** **A**

***Solution:***

| দেশের নাম | ভিয়েতনাম | সৌদি আরব, কাতার, ইয়েমেন, ওমান | ভারত, পাকিস্তান |
|---|---|---|---|
| মুদ্রার নাম | ডং | রিয়াল | রুপি |

***31.*** **কম্পিউটারে কয়টি ফাংশন কি থাকে?**
a) ১০টি b) ৯টি c) ৮টি
d) ১২টি e) কোনটিই নয় ***ans.*** **D**

***Solution:*** Key board এর মধ্যে বর্ণ, সংখ্যা এবং বিশেষ চিহ্নের বিভিন্ন Key গুলো সারিবদ্ধভাবে সাজানো থাকে। বর্তমানে প্রচলিত Key board গুলোতে সর্বোচ্চ ১০৫টি Key রয়েছে। এর মধ্যে যোগ (+), বিয়োগ (-), গুণ (*), ভাগ (/) সহ 0 থেকে 9 পর্যন্ত মোট ১৭টি Numeric Key রয়েছে। আর F1 থেকে F12 পর্যন্ত মোট এই ১২টি Function Key রয়েছে।

***32.*** **এম এস ফটোশপ কোন ধরণের সফটওয়্যার?**
a) অপারেটিং সিস্টেম b) এপ্লিকেশন সফটওয়্যার
c) সিস্টেম সফটওয়্যার d) ব্রাউজার
e) কোনটিই নয় ***ans.*** **B**

***33.*** **এম এস ওয়ার্ডে কোন টেক্সট কে আনডু (Undo) করতে হলে কীবোর্ডে নিচের কোন কমান্ড ব্যবহৃত হয়?**
a) Ctrl + Z b) Shift + Z c) Alt + Y
d) Ctrl + Y e) কোনটিই নয় ***ans.*** **A**

***Solution:*** নির্দিষ্ট অথবা Select করার পর Ctrl + C চাপলে সিলেক্টেড অংশ কপি হয়। MS Word এ কিছু শর্টকার্ট কমান্ডঃ

| কীবোর্ড কমান্ড | কাজ | কীবোর্ড কমান্ড | কাজ |
|---|---|---|---|
| Ctrl + S | Save | Ctrl + E | Central Alignment |
| Ctrl + C | Copy | Ctrl + L | Left Alignment |
| Ctrl + X | Cut | Ctrl + R | Right Alignment |
| Ctrl + V | Past | Ctrl + J | Justify Alignment |
| Ctrl + Z | Undo | Ctrl + N | Open a new window |
| Ctrl + Y | Redo | Ctrl + H | Replace |
| Ctrl + P | Print | Ctrl + F | Find |

***34.*** **ওয়ার্কশিটে ফরমুলা লেখার জন্য ফরমুলা বারে প্রথমেই কোন চিহ্ন টাইপ করতে হয়?**
a) = b) > c) <
d) + e) কোনটিই নয় ***ans.*** **A**

***35.*** **হেডার কি?**
a) পৃষ্ঠার মাঝের অংশ
b) পৃষ্ঠার উপরের অংশের টাইটেল
c) পৃষ্ঠার নিচের অংশের টাইটেল
d) *a* এবং *c* উভয়ই
e) কোনটিই নয় ***ans.*** **B**

***36.*** **বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?**
a) চট্টগ্রাম b) কক্সবাজার c) ফরিদপুর
d) রাজশাহী e) কোনটিই নয় ***ans.*** **C**

***37.*** **বাংলাদেশে সমুদ্রবন্দর রয়েছে ------- টি।**
a) ১ b) ২ c) ৩
d) ৪ e) কোনটিই নয় ***ans.*** **C**

***Solution:*** সমুদ্রবন্দরগুলোঃ চট্টগ্রাম, মংলা এবং পায়রা।

***38.*** **পায়রা সমুদ্রবন্দর কোন সাল হতে এর কার্যক্রম শুরু করে?**
a) ২০১৩ b) ২০১৫ c) ২০১৬
d) ২০১৮ e) কোনটিই নয় ***ans.*** **C**

***Solution:*** ২০১৩ সালের ১৯ নভেম্বর এই বন্দরের ভিত্তিফলক উন্মোচন করা হয় এবং ১৩ আগষ্ট ২০১৬ সালে আনুষ্ঠানিকভাবে এর কার্যক্রম শুরু হয়।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**39. বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র কোনটি?**

a) সাঙ্গু ভ্যালি b) জফোর্ড পয়েন্ট c) হিরণ পয়েন্ট
d) কুতুবদিয়া e) কোনটিই নয় ***ans.* A**

**40. পায়রা সমুদ্রবন্দরটি কোন জেলায় অবস্থিত?**

a) পটুয়াখালী b) সাতক্ষীরা c) পিরোজপুর
d) ভোলা e) কোনটিই নয় ***ans.* A**

***Solution:*** দেশের ৩য় সমুদ্র বন্দরের নাম পায়রা সমুদ্র বন্দর। এটি পটুয়াখালীর কলাপড়ায় রাবনাবাদ চ্যানেলে অবস্থিত।

***Q. 41 – 45:*** *Choose the word that is closest in meaning with the word underlined.*

**41. <u>Privilege</u>**

a) Advantage b) Depressing c) Novelty
d) Power e) None ***ans.* A**

***Solution:*** Privilege অর্থ বিশেষাধিকার। Advantage অর্থ উপকারী বা দরকারি কিছু; সুবিধা। Depress অর্থ চাপ দেওয়া; চাপা। Novelty অর্থ নতুনত্ব; অভিনবত্ব।

**42. <u>Enormous</u>**

a) Strong b) Huge c) Tall
d) Tight e) None ***ans.* B**

***Solution:*** Enormous অর্থ প্রচুর। Strong অর্থ শক্ত; দৃঢ়। Huge অর্থ বিশাল; বিপুল। Tall অর্থ লম্বা। Tight অর্থ কষা; আঁটা।

**43. <u>Acute</u>**

a) Afraid b) Temporary c) Residential
d) Severe e) None ***ans.* D**

***Solution:*** Acute অর্থ তীক্ষ্ণ; ক্ষিপ্র; সূক্ষ্ম। Afraid অর্থ ভীত; শঙ্কিত। Temporary অর্থ অস্থায়ী; সাময়িক। Residential অর্থ আবাসিক; বসবাস সংক্রান্ত। Sever অর্থ কাটা; ছিন্ন/বিচ্ছিন্ন করা।

**44. <u>Anomaly</u>**

a) Cruel b) Familiarity c) Irregularity
d) Literacy e) None ***ans.* C**

***Solution:*** Anomaly অর্থ অস্বাভাবিক বা ব্যতিক্রমী বস্তু। Cruel অর্থ নিষ্ঠুর। Familiarity অর্থ পরিচয়; পরিচিতি। Irregularity অর্থ অবিধিতা; অনিয়ম। Literacy অর্থ সাক্ষরতা।

**45. <u>Fortune</u>**

a) Attractive b) Luck c) Prominent
d) Deceive e) None ***ans.* B**

***Solution:*** Fortune অর্থ দৈব্য; ভাগ্য; বরাত। Attractive অর্থ আকর্ষণীয়; মনোহর। Luck অর্থ ভাগ্য; নিয়তি। Prominent অর্থ উন্নত; উদগ্র; প্রকট। Deceive অর্থ প্রত্যরিত করা; ঠকানো।

***Q. 46 – 50:*** *In each of the following sentences, there is one word missing. Identify the missing word. If none, choose (e).*

**46. The Minister insisted his Secretary's resignation.**

a) on b) in c) by
d) with e) No word is missing ***ans.* A**

***Solution:*** Insisted এরপরে 'on' হবে। কারণ Insist on অর্থ কোনো বিষয়ের উপর জোড় দেয়া।

**বাক্যের অর্থঃ** মন্ত্রী সাহেব সচিবের পদত্যাগে বাধ্য করেছিল।

**47. This situation calls a high degree of courage.**

a) for b) in c) forth
d) back e) No word is missing ***ans.* A**

***Solution:*** Call এরপর 'for' বাদ পড়েছে। Call for অর্থ দাবি করা; প্রয়োজন হওয়া।

**বাক্যের অর্থঃ** বড় ধরনের সাহসিকতা এখন এই পরিস্থিতির দাবি।

**48. All the athletes I know, Rajib is by far the best.**

a) from b) among c) than
d) between e) No word is missing ***ans.* B**

***Solution:*** Among all the athletes হলে বাক্য শুদ্ধ হতো। অর্থাৎ Among বাদ পড়েছে।

**বাক্যের অর্থঃ** আমি যেসকল অ্যাথলেটদের চিনি তাদের মধ্যে রাজিব সবচেয়ে বেশি ভালো।

**49. Unfortunately, tank irrigation not received the attention it deserved.**

a) has b) have c) did
d) does e) No word is missing ***ans.* A**

***Solution:*** Tank irrigation এরপর has বসবে।

**বাক্যের অর্থঃ** দুর্ভাগ্যজনকভাবে ট্যাংকের মাধ্যমে সেচন প্রক্রিয়া যতটা মনোযোগ পাওয়া উচিৎ ততোটা পায়নি।

**50. My situation was like out of the frying pan the fire.**

a) in b) into c) on
d) of e) No word is missing ***ans.* B**

***Solution:*** Out of the frying pan <u>into</u> the fire অর্থ ছোট বিপদ থেকে বড় বিপদে পড়া। এর আরেকটি অর্থ হলো কটাহ থেকে আগুনে পড়া।

**বাক্যের অর্থঃ** ছোট বিপদ থেকে বড় বিপদে পড়ার মতো অবস্থা হয়েছে আমার।



Recent Publications

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পদের নামঃ লাইনম্যান

তারিখঃ ২৬.০৫.২০১৯; সময়ঃ ১ ঘণ্টা; পূর্ণমানঃ ৬০

***01.*** **'নিযুত' শব্দের অর্থ কি?**
a) অসংখ্য b) দশ হাজার
c) নয় যুত d) দশ লক্ষ ***ans.* D**

***02.*** **'আমার পরিচয়' কবিতার কবি কে?**
a) আল মাহমুদ b) রফিক আজাদ
c) সৈয়দ শামসুল হক d) নির্মলেন্দু গুণ ***ans.* C**

***03.*** **'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম ...... স্বাধীনতার সংগ্রাম' এ ঘোষণা বঙ্গবন্ধু কবে দিয়েছিলেন?**
a) ৭ মার্চ ১৯৭০ b) ১৬ ডিসেম্বর ১৯৭১
c) ২৬ মার্চ ১৯৭১ d) ৭ মার্চ ১৯৭১ ***ans.* D**

***04.*** **'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় কোন কবির কথা বলা হয়েছে?**
a) শেখ মুজিবুর রহমান b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) কামাল চৌধুরী d) নির্মলেন্দু গুণ ***ans.* A**

***05.*** **'বৌদ্ধ বিহার' কোথায় অবস্থিত?**
a) নওগাঁয় b) বগুড়া
c) নোয়াখালীতে d) কুমিল্লা ***ans.* A**

**Solution:** পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার। পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব (৭৮১-৮২১) অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে এই বিহার তৈরি করেছিলেন। ১৮৭৯ খ্রিষ্টাব্দে স্যার আলেকজান্ডার কানিংহাম এই বিশাল স্থাপনা আবিষ্কার করেন।

***06.*** **'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতায় কার সিঁথির সিঁদুর মুছে গিয়েছে?**
a) হরিদাসীর b) কমলাবতীর
c) সকিনা বিবির d) ইরাবতীর ***ans.* A**

**Solution:** তুমি আসবে বলে হে স্বাধীনতা
সকিনা বিবির কপাল ভাঙলো
সিঁথির সিঁদুর গেল হরিদাসীর।

***07.*** **'হিমালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ কি?**
a) হিমা + লয় b) হিম + আলয়
c) হিমা + আলয় d) হিম + লয় ***ans.* B**

**Solution:** 'অ'-কার কিংবা 'আ'-কারের পর 'অ'-কার থাকলে উভয়ে মিলে 'অ'-কার হয়, 'আ'-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমনঃ অ + আ = আ; হিম + আলয় = হিমালয়। এরূপঃ দেবালয়, রত্নাকর, সিংহাসন ইত্যাদি।

***08.*** **সঠিক বানান কোনটি?**
a) শীষ্য b) শিস্য
c) দ্বিণ্য d) সিশ্য ***ans.* A**

***09.*** **'দেব' শব্দের বহু বচন কি?**
a) দেবগুলি b) দেবসমূহ
c) দেবগণ d) কোনটি নয় ***ans.* C**

**Solution:** উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দঃ

| গণ | বৃন্দ | মন্ডলী | বর্গ |
|---|---|---|---|
| দেবগণ, নরগণ, জনগণ ইত্যাদি | সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ ইত্যাদি | শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী ইত্যাদি | পণ্ডিতবর্গ, মন্ত্রিবর্গ ইত্যাদি |

***10.*** **'নাপিত' শব্দের স্ত্রী বাচক শব্দ কি?**
a) নাপিত্য b) নাপিতানী
c) নাপিতিনী d) নাপীতানি ***ans.* B**

**Solution:** আনী-প্রত্যয়ঃ ঠাকুর-ঠাকুরানী, নাপিত-নাপিতানী, মেথর-মেথরানী, চাকর-চাকরানী ইত্যাদি।

***11.*** **ল্যাকটোজ কোথায় থাকে?**
a) প্রাণীজ দুধে b) সবজীতে
c) মিষ্টিতে d) মাংসে ***ans.* A**

***12.*** **একজন পূর্ণ বয়স্ক ব্যক্তির জন্য দৈনিক কত ক্যালরী খাদ্যের প্রয়োজন?**
a) ২৫০০-৩০০০ b) ১০০০-২০০০
c) ২০০০-২৫০০ d) ১৫০০-২০০০ ***ans.* A**

***13.*** **একজন মানুষের স্বাভাবিক রক্তচাপ কত (mmHg) হয়?**
a) ১২০/৮০ b) ১১০/৭০
c) ১২০/৯০ d) ১০০/৮০ ***ans.* A**

**Solution:** একজন স্বাভাবিক মানুষের রক্তচাপ ১২০/৮০ এর মধ্যে থাকে। রক্তের চাপ এর চেয়ে বেশি হলে এবং দীর্ঘস্থায়ী হলে উচ্চ রক্তচাপ রোগ হয়।

***14.*** **রক্ত জমাট বাঁধানো কোনটার কাজ?**
a) লোহিত কনিকা b) লসিকা কোষ
c) অনুচক্রিকা d) শ্বেত কনিকা ***ans.* C**

**Solution:** রক্তের অনুচক্রিকার কাজ দেহের কোন স্থানে কেটে গেলে ক্ষতস্থানে রক্ত জমাট বাঁধতে সাহায্য করে।

***15.*** **মানুষের দেহে সাধারণত ওজনের কত শতাংশ রক্ত থাকে?**
a) ১০% b) ৫%
c) ৮% d) ৯% ***ans.* A**

**Solution:** একজন প্রাপ্ত বয়স্ক মানুষের দেহে ৫-৬ লিটার রক্ত থাকে যা শরীরের জলীয় অংশের ১০ ভাগ।

***16.*** **একজন স্বাভাবিক বয়স্ক লোকের জন্য স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব কত?**
a) ২০ সেঃমিঃ b) ৫ সেঃমিঃ
c) ১৫ সেঃমিঃ d) কোনটাই নয় ***ans.* D**

**Solution:** ২৫ সেঃমিঃ।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

*17.* **বোরহানিতে কি থাকে?**

a) সালফেট b) এসিটিক এসিড

c) নাইট্রেক এসিড d) ল্যাকটিক এসিড ***ans.* D**

*18.*  **চিহ্নটি কি নির্দেশ করে**

a) বিদ্যুৎ প্রবাহ b) ব্যাটারী

c) অ্যামিটার d) রোধ ***ans.* C**

*19.* **'গাছ থেকে ফল মাটিতে পড়ল' এটা কোন ধরনের বল?**

a) চৌম্বুক বল b) নিউক্লিয় বল

c) গ্যালিলিও বল d) মহাকর্ষ বল ***ans.* D**

**Solution:** পৃথিবী ও তার নিকটস্থ বস্তুর মধ্যে যে টান তাকে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ বলে। মূলতঃ অভিকর্ষ বলে কোন বস্তুকে পৃথিবীর কেন্দ্রের দিকে আকর্ষণ করে। তাই অভিকর্ষ হলো বস্তুর উপর কেন্দ্রমুখী বল। মাধ্যাকর্ষণ শক্তির ধারণা আকিষ্কার করেন বিজ্ঞানী নিউটন। অভিকর্ষ বল বা মাধ্যাকর্ষণ বলের কারণে পৃথিবীর ঘূর্ণনকালীন সময়ে আমরা ছিটকে পড়ি না।

*20.* **প্রতিটির ৯ ওহম বিশিষ্ট ৩টি রোধ সমান্তরালে যুক্ত করলে মোট রোধ কত হবে?**

a) ২৭ ওহম b) ৩ ওহম

c) ৮১ ওহম d) ১ ওহম ***ans.* B**

**Solution:** সিরিজ সংযোগে, $Rs = R_1 + R_2 + R_3 + ...$ হয়। কিন্তু সমান্তরাল সংযোগে

রোধ, $\frac{1}{R_p} = \frac{1}{R_1} + \frac{1}{R_2} + \frac{1}{R_3} + ......$ হয়।

তাই, $\frac{1}{R_p} = \frac{1}{9} + \frac{1}{9} + \frac{1}{9} = 3 \times \frac{1}{9} = \frac{1}{3}$

$\therefore \frac{1}{R_p} = 3$ ওহম।

*21.* **সিরিজ সার্কিটে একই থাকে কোনটি?**

a) বিভব b) বিদ্যুৎ প্রবাহ

c) ক্ষমতা d) রোধ ***ans.* B**

**Solution:** প্রতিটি লোডের মধ্যদিয়ে একই বিদ্যুৎ প্রবাহ প্রবাহিত হওয়ার কারণে সিরিজ সার্কিটে বিদ্যুৎ প্রবাহ একই থাকে। কিন্তু সমান্তরাল সার্কিটে বিভব সমান থাকে।

*22.* **তড়িৎ ক্ষমতার একক কি?**

a) ভোল্ট b) কারেন্ট

c) ওয়াট d) অ্যাম্পিয়ার ***ans.* C**

**Solution:** যে বৈদুতিক যন্ত্র ১ সেকেন্ডে ১ জুল কাজ করতে পারে তার ক্ষমতাকে ১ ওয়াট বলে। আর ১ ওয়াট = ১ জুল।

*23.* **ECG শরীরের কোন অঙ্গ পরীক্ষার জন্য ব্যবহৃত হয়?**

a) হৃৎপিণ্ড b) ফুসফুস

c) ব্রেন d) কিডনী ***ans.* A**

**Solution:** ইলেকট্রোকার্ডিওগ্রাফি (Electrocardiography) ইসিজি হলো একটি হৃৎপিণ্ডের রোগ শনাক্তকরণ পদ্ধতি যাতে মানব দেহের হৃৎপিণ্ডের কার্যকলাপ কার্ডিওগ্রাফের সাহায্যে ইলেক্ট্রনিক উপায়ে নিরূপণ ও ধারণ করা হয়। কার্ডিওগ্রাফ মানব দেহের উপরিতলের বৈদ্যুতিক বিভব পরিমাণ করে এবং কিছু সময়ের জন্য হৃৎপিণ্ডের পেশীসমূহের কার্যকলাপ সংশ্লিষ্ট বৈদ্যুতিক প্রবাহের একটি ধারাবাহিক রেকর্ড ধারণ করে। স্বাভাবিক হৃৎপিণ্ডের সঙ্গে পরীক্ষাধীন হৃৎপিণ্ডের প্রাপ্ত রেকর্ড তুলনা করে কোন অস্বাভাবিকতা থাকলে তা নিরূপণ করা হয়। এই রেকর্ড একটি গ্রাফ আকারে পাওয়া যায়। জার্মান ইলেকট্রোকার্ডিওগ্রাম থেকে ইকেজি বা ইসিজি নাম আসে।

*24.* **ফেসবুকের নির্মাতা কে?**

a) মার্ক জুকারবার্গ b) স্টিভ জবস

c) বিল গেটস d) টিম বার্নার্স লি ***ans.* A**

*25.* **মহাকাশে প্রেরিত বাংলাদেশের স্যাটেলাইটটির নাম কি?**

a) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ b) শেখ হাসিনা স্যাটেলাইট

c) বাংলার স্যাটেলাইট d) টাইগার স্যাটেলাইট

***ans.* A**

*26.* **$(a + b)^2$ এর সমান কত?**

a) $(a - b)^2 + 4ab$ b) $(a - b)^2 - 2ab$

c) $(a - b)^2 + 2ab$ d) $a^2 + b^2$ ***ans.* A**

*27.* **$x = 1$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?**

a) $\frac{1}{3}$ b) $\frac{1}{2}$

c) 1 d) 0 ***ans.* D**

**Solution:** $x^3 - \frac{1}{x^3} = 1^3 - \frac{1}{1^3} = 1 - \frac{1}{1} = 1 - 1 = 0$

*28.* **$\sqrt{\frac{1}{9}}$ এর মান কত?**

a) $\frac{1}{3}$ b) $\sqrt{\frac{1}{3}}$

c) $\frac{1}{9}$ d) $\frac{1}{81}$ ***ans.* A**

**Solution:** দেয়া আছে, $\sqrt{\frac{1}{9}} = \sqrt{\frac{1}{(3)^2}} = \frac{1}{3}$

*29.* **1 থেকে 10 পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি?**

a) 3 b) 4

c) 5 d) 6 ***ans.* B**

**Solution:**

| সীমা | মৌলিক সংখ্যা | মোট মৌলিক সংখ্যা | সর্বমোট |
|---|---|---|---|
| ১-১০ | ২, ৩, ৫, ৭ | ৪টি | ৪টি (১-১০) |

*30.* **10 এর 5% কত হয়?**

a) 2 b) 1

c) 0.5 d) 2.5 ***ans.* C**

**Solution:** 10 এর 5% = 10 এর $\frac{5}{100} = 0.5$

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

*31.* **A = 5 হলে $\frac{2}{5A}$ এর মান কত?**

a) 2 b) $\frac{2}{25}$

c) 1 d) 0 ***ans.* B**

**Solution:** দেয়া আছে, $\frac{2}{5A} = \frac{2}{5 \times 5} = \frac{2}{25}$

*32.* **$\sqrt[3]{27}$ এর মান কত?**

a) 2 b) 3

c) 4 d) 5 ***ans.* B**

**Solution:** দেয়া আছে, $\sqrt[3]{27} = 3^{3 \times \frac{1}{3}} = 3$

*33.* **0.1 × 0.01 ÷ 1 এর মান কত?**

a) 1.001 b) 1.01

c) 2.01 d) .001 ***ans.* D**

**Solution:** 0.1 × 0.01 ÷ 1 = 0.1 × 0.01 = 0.001

*34.* **$3^{-2}$ এর মান কত?**

a) $\frac{1}{9}$ b) $\frac{1}{3}$

c) $\frac{2}{9}$ d) 1 ***ans.* A**

**Solution:** দেয়া আছে, $3^{-2} = \frac{1}{3^2} = \frac{1}{9}$


*35.* **এক সরল কোণ সমান কত ডিগ্রী?**

a) ৪৫ b) ৯০

c) ১৮০ d) ২৭০ ***ans.* C**

**Solution:** দুইটি পরস্পর বিপরীত রশ্মি তাদের সাধারণ প্রান্ত বিন্দুতে যে কোণ উৎপন্ন করে, তাকে সরল কোণ বলে।

সরল কোণ = ১৮০°




চিত্রে, ∠ACD = সরল কোণ = ১৮০°

*36.* **$\log_{10} 10$ = কত?**

a) 100 b) 10

c) 2 d) 1 ***ans.* D**

*37.* **কোনটি স্থূল কোণ?**

a) ৪৫° b) ১৬০°

c) ১৮০° d) ৯০° ***ans.* B**

**Solution:** ৯০° বা সমকোণ অপেক্ষা বড় কিন্তু ১৮০° অপেক্ষা ছোট কোণকে স্থূল কোণ বলে।

*38.* **১ ÷ ১০০ = কত?**

a) ০.১ b) ০.০১

c) ০.০০১ d) ১.০০১ ***ans.* B**

*39.* **একটি চতুর্ভুজের দৈর্ঘ্য ৩ ইঞ্চি এবং প্রস্থ ২ ইঞ্চি হলে এর পরিসীমা কত?**

a) ৬ ইঞ্চি b) ১০ বর্গ ইঞ্চি

c) ৬ বর্গ ইঞ্চি d) ১০ ইঞ্চি ***ans.* D**

**Solution:** চতুর্ভুজের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৩ + ২)
= ২ × ৫ = ১০ ইঞ্চি

*40.* **৩ ঃ ৫ এর সমান কোনটি?**

a) ১২ ঃ ৪৫ b) ১৫ ঃ ৬

c) ৬ ঃ ১০ d) ৬ ঃ ৩০ ***ans.* C**

**Solution:** দেয়া আছে, ৩ ঃ ৫ = ৬ ঃ ১০ [২ দ্বারা গুণ করে]

*41.* **কমিটি শব্দের সঠিক ইংরেজী বানান কোনটি?**

a) Comite b) Committe

c) Comitte d) Committee ***ans.* D**

**Solution:** Committee অর্থ বিশেষ কাজ সম্পাদনের জন্য নির্বাচিত ব্যক্তিবর্গ; সমিতি; কমিটি।

*42.* **What is plural of foot?**

a) foots b) footes

c) feet d) feets ***ans.* C**

*43.* **'আমি তোমাকে খাওয়াব' এর ইংরেজী কি?**

a) You will eat me b) I shall eat you

c) I will feed you d) I will eat you ***ans.* C**

*44.* **'Mothers know it' এই বাক্যে Interrogative কি?**

a) Mothers know it? b) Does mothers know it?

c) Did mothers know it? d) Do mothers know it?

***ans.* D**

**Solution:** Subject 3rd person singular হলে Present indefinite tense এর বাক্যকে 'does' দ্বারা প্রশ্ন করতে হয়।

*45.* **Put শব্দের Past tense কি?**

a) Puted b) Putted

c) Put d) Putting ***ans.* C**

*46.* **Better শব্দের বিপরীত কি?**

a) good b) bader

c) baddest d) worse ***ans.* D**

*47.* **Pay attention __ my speech. শূন্যস্থানে কি হবে?**

a) to b) in

c) on d) with ***ans.* A**

**Solution:** **বাক্যের অর্থঃ** আমার কথায় মনোযোগ দাও।

*48.* **Man শব্দের বিপরীত Gender কি?**

a) Men b) Women

c) Woman d) Mennes ***ans.* C**

*49.* **He is suffering ___ fever. শূন্যস্থানে কি হবে?**

a) Since b) from

c) to d) in ***ans.* B**

**Solution:** **বাক্যের অর্থঃ** সে জ্বরে ভুগছে।

*50.* **বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা কয়টি?**

a) ১৫০ b) ১৯৩

c) ১৯০ d) ১৮৭ ***ans.* B**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**51.** **৪ মে ২০১৯ ইং তারিখে বাংলাদেশের উপর দিয়ে বয়ে যাওয়া সাইক্লোনটির নাম কি?**
a) উপলা b) ফণী
c) দস্যু d) দৈত্য **ans. B**

**52.** **বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রীর নাম কি?**
a) তাজউদ্দীন আহমদ b) শেখ মুজিবুর রহমান
c) সৈয়দ নজরুল ইসলাম d) এম এ জি ওসমানি **ans. A**

**53.** **বাংলাদেশ টি-২০ ক্রিকেট দলের বর্তমান অধিনায়ক কে?**
a) মাশরাফি বিন মুর্তজা b) তামিম ইকবাল
c) মুস্তাফিজুর রহমান d) মুশফিকুর রহিম **ans. B**

**54.** **২০১৬ থেকে ২০৩০ পর্যন্ত বাংলাদেশকে কোন অভিষ্ট অর্জন করতে হবে?**
a) এম ডি জি b) এস ডি জি
c) ডিজিটাল বাংলাদেশ d) পরিবেশ উন্নয়ন **ans. B**

**55.** **বাংলাদেশে মোট কয়টি প্রশাসনিক বিভাগ রয়েছে?**
a) ১০ b) ৯
c) ৭ d) ৮ **ans. D**

**Solution:** বাংলাদেশে ৮টি প্রশাসনিক বিভাগে বিভক্ত। এগুলো হলোঃ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ এবং রংপুর। প্রতিটি বিভাগে রয়েছে অনেকগুলো জেলা। বাংলাদেশের জেলার সংখ্যা মোট ৬৪টি। জেলার চেয়ে ক্ষুদ্রতর প্রশাসনিক অঞ্চলকে উপজেলা বা থানা বলা হয়।

**56.** **'আমার সোনার বাংলা' কবি গুরু রবীন্দ্রনাথের লেখা এ গানের সুরকার কে?**
a) রবীন্দ্রনাথ ঠাকুর b) ভুপেন হাজারিকা
c) গৌরী প্রসন্ন মজুমদার d) মান্না দে **ans. A**

**57.** **ভিয়েতনামের রাজধানীর নাম কি?**
a) নমপেন b) পিয়াননাম
c) থিম্পু d) কোনটিই নয় **ans. D**

**Solution:** উল্লেখ্য, ভিয়েতনামের রাজধানীর নাম হলো হ্যানয়।

**58.** **বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কি ধরনের বৈদ্যুতিক সংস্থা?**
a) উৎপাদন b) উৎপাদন ও বিতরণ
c) সঞ্চালন d) বিতরণ **ans. D**

**59.** **বাংলাদেশের প্রায় কত শতাংশ মানুষ বিদ্যুৎ সুবিধা ভোগ করছে?**
a) ৯০% b) ৮৫%
c) ৯৩% d) ৮০% **ans. C**

**Solution:** বাংলাদেশ বিদ্যুৎ বিভাগের তথ্য অনুযায়ী ৯৭% (১০ সেপ্টেম্বর ২০২০) প্রায়।

**60.** **বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন কয়টি পল্লী বিদ্যুৎ সমিতি রয়েছে?**
a) ৭৫ b) ৭৪
c) ৮০ d) ৭০ **ans. C**

## পেট্রোবাংলা

**পদের নামঃ হিসাব সহকারী**

তারিখঃ ২৬.০৭.২০১৯; সময়ঃ ৩০ মিনিট; পূর্ণমাণঃ ১০০

**01.** **গুজরাটি শব্দের উদাহরণ কোনটি?**
a) হরতাল b) লুঙ্গি
c) রিক্সা d) চাকু **ans. A**

**Solution:**

| গুজরাটি | মায়ানমার | জাপানি | তুর্কি |
|---|---|---|---|
| হরতাল | লুঙ্গি | রিক্সা | চাকু |

**02.** **'মহানবী' কোন সমাস?**
a) দ্বিগু b) তৎপুরুষ
c) বহুব্রীহি d) কর্মধারয় **ans. D**

**Solution:** মহান যে নবী = মহানবী। এটি পরপদ প্রধান কর্মধারয় সমাস। যার গঠন বিশেষণ + বিশেষ্য এ নিয়মে সাধিত হয়।

**03.** **'জিলাপীর প্যাঁচ' বাগধারাটির অর্থ কী?**
a) প্যাঁচানো b) জটিল
c) কুটিল বুদ্ধি d) কলহপ্রিয় **ans. C**

**04.** **কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে?**
a) ধীরে চল b) ঘোড়া খুব দ্রুত চলে
c) সে পূণ্যবান d) মেটে কলসি **ans. B**

**05.** **'সে কি যাবে?' এটি কোন ধরনের বাক্য?**
a) আদেশমূলক b) বিবৃতিমূলক
c) প্রশ্নসূচক d) বিস্ময়সূচক **ans. C**

**Solution:** এ ধরনের বাক্যে প্রশ্ন জিজ্ঞাসা করা হয়। যেমনঃ কোথায় যাচ্ছ? কী পড়ছ? কেন এসেছ? ইত্যাদি।

**06.** **কোন বানানটি শুদ্ধ?**
a) ততকালিণ b) ততকালীণ
c) তথকালীণ d) তৎকালীন **ans. D**

**07.** **কোনটি শুদ্ধ?**
a) গবেষনা b) গবেষণা
c) গবেশণা d) গবেস্বণা **ans. B**

**08.** **'পদ্ম' শব্দের সমার্থক কোনটি?**
a) উৎফল (উৎপল) b) কুসুম
c) জলজ d) ধরা **ans. A**

**Solution:** 'পদ্ম' শব্দের আরো কিছু সমার্থক শব্দ হলোঃ একপ্রকার জলজ পুষ্প, কমল, সরোজ, পঙ্কজ, নলিন, শতদল, রাজীব, কোকনদ, কবুলয়, পুণ্ডরীক, অরবিন্দ, ইন্দীবর, পুষ্কর, তামরস, মৃণাল।
আর 'কুসুম' শব্দের সমার্থক শব্দ হলোঃ পুষ্প, ফুল।

**09.** **'ক্ষীয়মান' এর বিপরীত শব্দ কি?**
a) বৃহৎ b) বর্ধিষ্ণু
c) বর্ধমান d) বৃদ্ধিপ্রাপ্ত **ans. C**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:**

| শব্দ | বৃহৎ | বর্ধিষ্ণু | ক্ষীয়মান | বৃদ্ধিপ্রাপ্ত |
|---|---|---|---|---|
| বিপরীত শব্দ | ক্ষুদ্র | ক্ষয়িষ্ণু | বর্ধমান | ক্ষয়প্রাপ্ত |

**10. 'মনীষা' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?**
a) মন + ঈষা b) মনঃ + ইষা
c) মনস + ঈষা d) মনো + ঈষা **ans. C**

**Solution:** কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়ঃ
আ + চর্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ
বন্ + পতি = বনস্পতি; পর্ + পর = পরস্পর
মনস্ + ইষা = মনীষা।

**11. পদ কত প্রকার?**
a) চার b) সাত
c) ছয় d) পাঁচ **ans. D**

**12. 'কার্যে বিরতি' অর্থে কোন বাগধারাটি প্রযোজ্য?**
a) হাত করা b) হাত গুটান
c) হাত থাকা d) হাত আসা **ans. B**

**13. 'ঠোঁট কাটা' বলতে বোঝায়**
a) পক্ষপাতদুষ্ট b) স্পষ্টভাষী
c) মিথ্যাবাদী d) অহংকারী **ans. B**

**Repeat:** নির্বাচন কমিশন বাংলাদেশ (স্টোর কিপার) ২১.০৬.২০১৯ এবং প্রশ্ন নং ১৩.

**14. কোন বাগধারাটির অর্থ 'বেহায়া'?**
a) চিনির বলদ b) কান কাটা
c) জিলেপীর প্যাঁচ d) ঠোঁট কাটা **ans. B**

**15. এক কথায় প্রকাশ করুনঃ পাঁচ সেরের সমাহার**
a) পরিমেয় b) পশুরী
c) চতুরঙ্গ d) পৌরুষ **ans. B**

**Solution:** পঞ্চ (পাঁচ) নদীর সমাহার = পঞ্চনদ।
পঞ্চ (পাঁচ) বটের সমাহার = পঞ্চবটী।
পাঁচ সেরের সমাহার = পশুরী।

**16. ফল পাকলে যে গাছ মরে যায় তাকে এক কথায় কী বলে?**
a) ফলজ b) সবজি
c) ওষদি (ওষধি) d) শাক **ans. C**

**Solution:** ফল পাকলে যে গাছ মরে যায় = ওষধি।
যে সব গাছ থেকে ঔষধ প্রস্তুত হয় = ঔষধি।

**17. 'দেয়াল' গ্রন্থটির রচয়িতা কে?**
a) হুমায়ূন আহমেদ b) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
c) সেলিনা হোসেন d) যাযাবর **ans. A**

**Solution:** হুমায়ূন আহমেদ রচিত 'দেয়াল' মুক্তযুদ্ধ পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক ও সামাজিক প্রেক্ষাপটভিত্তিক উপন্যাস।

**18. কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত?**
a) মাথা ঝিম ঝিম করছে b) তোমার পরিশ্রমের ফল ফলেছে
c) মা শিশুটিকে হাসান d) শিশুটি কাঁদে **ans. C**

**Solution:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। (সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়)। প্রযোজক ক্রিয়ার গঠনঃ প্রযোজক ক্রিয়ার ধাতু = মূল ক্রিয়ার ধাতু + আ। যেমনঃ মূল ধাতু √হাস্ + আ = হাসা (প্রযোজক ক্রিয়ার ধাতু)। হাসা + চ্ছেন বিভক্তি = হাসাচ্ছেন (প্রযোজক ক্রিয়া)।

**19. 'অনিল' শব্দের অর্থ**
a) আকাশ b) বাতাস
c) কোকিল d) গাছ **ans. B**

**20. বাংলাদেশের রণসঙ্গীতের রচয়িতা কে?**
a) রবীন্দ্রনাথ ঠাকুর b) শামসুর রাহমান
c) কাজী নজরুল ইসলাম d) আল মাহমুদ **ans. C**

**21. আসামির পক্ষে উকিল কে? এখানে 'পক্ষে' কি অর্থে ব্যবহৃত হয়েছে?**
a) প্রশ্ন অর্থে b) আদেশ অর্থে
c) প্রার্থনা অর্থে d) সহায় অর্থে **ans. D**

**Solution:** 'পক্ষে' শব্দটি অনুসর্গ বা কর্মপ্রবচনীয় শব্দ যা নিচের মতো করে দুইভাবে ব্যবহৃত হতে পারেঃ
পক্ষেঃ সক্ষমতা অর্থে - রাজার **পক্ষে** উকিল কে?
সহায় অর্থে - আসামির **পক্ষে** উকিল কে?

**22. 'সর্বনাশ' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োজন?**
a) মগের মুল্লুক b) পুকুর চুরি
c) বালির বাঁধ d) ভরাডুবি **ans. D**

**23. কোনটি তদ্ভব শব্দ?**
a) চাঁদ b) সূর্য
c) নক্ষত্র d) গগণ **ans. A**

**Solution:** তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়। যেমনঃ

| সংস্কৃত | ঘৃত | চর্মকার | চন্দ্র |
|---|---|---|---|
| প্রাকৃত | ঘিঅ | চম্মআর | চন্দ |
| তদ্ভব | ঘি | চামার | চাঁদ |

**24. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?**
a) ১৯১০ b) ১৯১১
c) ১৯১৩ d) ১৯২১ **ans. C**

**Solution:** 'গীতাঞ্জলী' রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭টি গানের সংকলন। এটি মূলত কবিতার বই। এই গ্রন্থের অনুবাদ গ্রন্থের নাম হলো 'Song offerings'. এই গ্রন্থটির জন্য রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার পান।

**25. ____ the bad weather, the outdoor party was rescheduled.**
a) Because of b) In order to
c) Despite d) But **ans. A**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** খারাপ আবহাওয়ার কারণে বুঝাতে Because of bad weather এর ব্যবহার ঠিক আছে। কিন্তু In order to অর্থ জন্যে; নিমিত্তে। Despite অর্থ তথাপি; সত্ত্বেও।

**বাক্যের অর্থঃ** খারাপ আবহাওয়ার কারণে বাইরের অনুষ্ঠান পরিবর্তিন করা হয়েছিল।

***26.*** **In time of financial crisis, such lavish expenditure should be ____.**

a) curtailed b) justified
c) encouraged d) corrected ***ans.*** **A**

**Solution:** Curtailed – সংক্ষিপ্ত করা, কাটছাঁট করা; Justified – ন্যায় সঙ্গত, ন্যায়; Encouraged – উৎসাহিত করা হয়েছে এমন; Corrected – সংশোধন করা।

প্রশ্নে বলা হচ্ছে যে, আর্থিক সংকটের সময় এরকম অপব্যয় ________ করা উচিত। অতএব বুঝা যাচ্ছে যে, এই সময় ব্যয় কাটছাঁট করা উচিৎ।

***27.*** **Prime Minister has arrived ____ London.**

a) at b) to
c) in d) from ***ans.*** **C**

**Solution:** গন্তব্য পৌছানো অর্থে Arrive in ব্যবহৃত হয়। কিন্তু ক্ষুদ্র এলাকা বা অঞ্চলে পৌছানোর ক্ষেত্রে Arrive at ব্যবহৃত হয়। আবার কোন সিদ্ধান্তে পৌছানোর ক্ষেত্রেও Arrive at ব্যবহৃত হয়।

যেমনঃ We arrived at his house.
The team arrived in Dhaka on June 6.

**বাক্যের অর্থঃ** প্রধানমন্ত্রী লন্ডনে পৌছলেন।

***28.*** **He is good ____ Chemistry.**

a) on b) at
c) in d) to ***ans.*** **B**

**Solution:** Good at কোন বিষয়ে ভাল বা দক্ষ। তাই শূন্যস্থানে at বসবে।

**বাক্যের অর্থঃ** সে গণিতে ভাল।

***29.*** **Death is preferable ____ dishonor.**

a) from b) of
c) in d) to ***ans.*** **D**

**Solution:** Death – মৃত্যু; মরণ; Preferable – অধিকতর পছন্দ; Disgrace – সম্মানহানি।

Prefer/ preferable এরপর to বসে।

**বাক্যের অর্থঃ** অপমান অপেক্ষা মৃত্যু শ্রেয়/ভাল।

***Q. 30 – 34:*** *Choose the correct sentence.*

***30.*** a) I have a decent house to live.
b) I have a decent house to live in.
c) I have a decent houses to live in.
d) I have decent houses to live. ***ans.*** **B**

**Solution:** A decent থাকার কারনে Houses হবে না। আর বসবাস করা অর্থে To live in এর ব্যবহার ঠিক আছে।

**বাক্যের অর্থঃ** বসবাস করার জন্য আমার একটি শোভনীয় বাড়ি আছে।

***31.*** a) The quality of the Apples were not good.
b) The quality of the Apples was not good.
c) The quality of the Apples does not good.
d) The quality of the Apples have not good.
***ans.*** **B**

***32.*** a) Neither the Chairman nor the members was present.
b) Neither the Chairman nor the members were present.
c) Neither the Chairman nor the members has present.
d) Neither the Chairman nor the members is present. ***ans.*** **B**

***33.*** a) Mr. Rahman teaches very well, isn't he?
b) Mr. Rahman teaches very well, doesn't he?
c) Mr. Rahman teaches very well, didn't he?
d) Mr. Rahman teaches very well, weren't he? ***ans.*** **B**

**Solution:** Third person singular subject কে Tag question এ আনতে Does বসে। আর Assertive বাক্য থাকলে তাকে Tag এ Negative করতে হয়।

**বাক্যের অর্থঃ** জনাব রহমান খুব ভালো শেখায়, তাই নয় কি?

***34.*** a) When we saw her last, she ran to catch a bus.
b) When we saw her last, she had ran to catch a bus.
c) When we saw her last, she was running to catch a bus.
d) When we saw her last, she has ran to catch a bus. ***ans.*** **C**

**Solution:** When যুক্ত বাক্যের প্রথম অংশ Past Indefinite Tense এর হলে পরবর্তী অংশ Past continuous tense হয়।

**বাক্যের অর্থঃ** আমরা যখন তাকে দেখলাম তখন সে বাস ধরার জন্য দৌড়াচ্ছিল।

***35.*** **What is the synonym for the word 'Abandon'?**

a) Try b) Join
c) Keep with d) Forsake ***ans.*** **D**

**Solution:** Abandon অর্থ ছেড়ে যাওয়া/ দেয়া।
Forsake অর্থ পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**36. The antonym for 'Coercive' is**
a) Progressive b) Promoting
c) Opinionated d) Gentle ***ans.* D**

**Solution:** Coercive অর্থ দমনমূলক। Progressive অর্থ অগ্রগতিশীল। Promotion অর্থ পদোন্নতি লাভ। Opinionated অর্থ একগুঁয়ে। Gentle অর্থ অমায়িক; নম্র; শান্ত।

**37. The antonym for 'Prodigal' is**
a) Lavish b) Polite
c) Economical d) Excited ***ans.* C**

**Solution:** Prodigal অর্থ অপব্যয়ী; মুক্তহস্ত। Lavish অর্থ অমিতব্যয়ী। Polite অর্থ শিষ্টাচারী; সুশীল। Economical অর্থ মিতব্যয়ী; হিসাবী। Excite অর্থ আন্দোলিত করা; উত্তেজিত করা।

***Q. 38 – 40:* *Select the correct spelling of the words.***

**38.** a) Affedevit b) Afidevit
c) Affidevit d) Affidavit ***ans.* D**

**Solution:** Affidavit অর্থ হলফনামা; শপথপত্র।

**39.** a) Sychology b) Psychology
c) Psichology d) Sichology ***ans.* B**

**Solution:** Psychology অর্থ মনোবিদ্যা; মনোবিজ্ঞান।

**40.** a) Bureaucracy b) Bueraucracy
c) Buraucracy d) Bureacracy ***ans.* A**

**Solution:** Bureaucracy অর্থ আমলাতন্ত্র।

**41. Passive Voice of 'The baby has lost the doll'?**
a) The doll will have been lost by the baby.
b) The doll had been lost by the baby.
c) The doll has been lost by the baby.
d) The doll was lost by the baby. ***ans.* C**

**Solution:** Active voice এর বাক্য Present Perfect Tense এ থাকলে Passive voice এ তা Present perfect continuous tense এর হয়।
**বাক্যের অর্থঃ** শিশুটি তার বলটি হারিয়ে ফেলল।

**42. What kind noun is 'Dhaka'?**
a) Proper b) Common
c) Collective d) Material ***ans.* A**

**Solution:** যে Concrete noun কোন একটি নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, স্থান ইত্যাদির নাম বুঝায় তাকে Proper noun বলে। যেমনঃ Dhaka, Rahim, Titanic, Quran, Khulna ইত্যাদি। আর যে Noun কোন এক শ্রেণীর ব্যক্তি বা বস্তুর প্রত্যেকের সাধারণ নাম বুঝায় তাকে Common noun বলে। যেমনঃ

| Proper noun | Common noun |
|---|---|
| Rose<br>Kazi Nazrul Islam<br>Rehana<br>Earth | Flower<br>Poet<br>Girl<br>Planet |

**43. The word 'Plunge' is a/an**
a) Pronoun b) Adjective
c) Verb d) Adverb ***ans.* C**

**Solution:** Plunge এরপরে সর্বদা 'into' বসে। এর অর্থ ঝাঁপ দেয়া; ডুবিয়ে দেয়া; নিমগ্ন করা। এর Noun হলো Plunger যার অর্থ হলো এক ধরনের যন্ত্র।

**44. The past participle of 'Spit' is**
a) Spite b) Spit tens
c) Spit d) Spate ***ans.* C**

**Solution:** Spit অর্থ থুথু ফেলা।

**45. Which of the following in the Masculine gender of 'Deer'?**
a) Mate b) Duck
c) Doe d) Buck ***ans.* D**

**Solution:** Buck অর্থ পুরুষজাতীয় হরিণ। কিন্তু Mate অর্থ সঙ্গী বা সহকর্মী। Duck অর্থ পাঁতিহাস। Doe অর্থ স্ত্রী জাতীয় হরিণ বা খরগোশ।

**46. The plural form of 'Goose' is**
a) Gooses b) Geese
c) Gears d) Greece ***ans.* B**

**Solution:** কিছু কিছু Noun আছে যাদের মাঝের Vowel পরিবর্তন করে Plural করা হয়। যেমনঃ Goose (রাজহংসী) = Geese; Louse (উঁকুন) = Lice; Woman = Women.

**47. কোনো শ্রেণির ৩০ জন শিক্ষার্থীর মধ্যে ২০ জন ফুটবল এবং ১৫ জন ক্রিকেট খেলা পছন্দ করে। দুইটির যে কোনো একটি খেলা পছন্দ করে তদ্রুপ শিক্ষার্থীর সংখ্যা ১০; কতজন শিক্ষার্থী দুইটি খেলাই পছন্দ করে না?**
a) ১০ b) ২০
c) ৫ d) ৮ ***ans.* C**

**Solution:** দেয়া আছে, উভয় খেলা পছন্দ করে ১০ জন
শুধু ফুটবল পছন্দ করে = ২০ - ১০ = ১০ জন
শুধু ক্রিকেট পছন্দ করে = ১৫ - ১০ = ৫ জন
যারা খেলা পছন্দ করে, তাদের সংখ্যা
= ১০ + ৫ + ১০ = ২৫ জন
যারা খেলা পছন্দ করে না, তাদের সংখ্যা
= ৩০ - ২৫ = ৫ জন

**48. রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। শফিক ঐ কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?**
a) ১০ দিন b) ৬ দিন
c) ৯ দিন d) ১২ দিন ***ans.* B**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** রফিক ১০ দিনে করে = ১ টি কাজ

$\therefore$ রফিক ১ দিনে করে = $\frac{১}{১০}$ অংশ কাজ

শফিক ১৫ দিনে করে = ১ টি কাজ

$\therefore$ শফিক ১ দিনে করে = $\frac{১}{১৫}$ অংশ কাজ

$\therefore$ তারা একত্রে ১ দিনে করে

$= \frac{১}{১৫} + \frac{১}{১০} = \left(\frac{২ + ৩}{৩০}\right) = \frac{৫}{৩০} = \frac{১}{৬}$ অংশ কাজ

$\frac{১}{৬}$ অংশ কাজ করা হয় = ১ দিনে

$\therefore$ ১ বা সম্পূর্ণ কাজ করা হয় = ৬ দিনে।

***49.*** **বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান করার জন্য কোনো এক সমিতির সদস্যরা ৪৫,০০০ টাকার বাজেট করলেন এবং সিদ্ধান্ত নিলেন যে, প্রত্যেক সদস্যই সমান টাকা চাঁদা দিবেন। কিন্তু ৫ জন সদস্য চাঁদা দিতে অসম্মতি জানালেন। এর ফলে প্রত্যেক সদস্যের মাথাপিছু ১৫ টাকা চাঁদা বৃদ্ধি পেল। ঐ সমিতিতে কতজন সদস্য ছিলেন?**

a) ১৫০ b) ১২৫
c) ১৮৫ d) ৮০ ***ans.* B**

**Solution:** ধরি, মোট সদস্য সংখ্যা $x$ জন

প্রশ্নমতে, $\frac{৪৫০০০}{x - ৫} - \frac{৪৫০০০}{x} = ১৫$

$\Rightarrow \frac{৪৫০০০x - ৪৫০০০x + ২২৫০০০}{x(x - ৫)} = ১৫$

$\Rightarrow ১৫(x^2 - ৫x) = ২,২৫,০০০$

$\Rightarrow x^2 - ৫x = ১৫,০০০$

$\Rightarrow x^2 - ৫x - ১৫,০০০ = ০$

$\Rightarrow x^2 - ১২৫x + ১২০x - ১৫,০০০ = ০$

$\Rightarrow x(x - ১২৫) + ১২০(x - ১২৫) = ০$

$\Rightarrow (x - ১২৫)(x + ১২০) = ০$

এখানে, $(x - ১২৫) = ০$

$\therefore x = ১২৫$

কিন্তু, $x = -১২০$ মানটি গ্রহণযোগ্য নয়

***50.*** **একটি বইয়ের মূল্য ২৪.০০ টাকা। এই মূল্য প্রকৃত মূল্যের ৮০%। বাকি মূল্য সরকার ভর্তুকি দিয়ে থাকেন। সরকার প্রতি বইয়ে কত টাকা ভর্তুকি দেন?**

a) ৬.০০ b) ১০.০০
c) ১৫.০০ d) ৩.০০ ***ans.* A**

**Solution:** বইটির মূল্যের ৮০% = ২৪ টাকা

$\therefore$ বইটির মূল্যের ১০০% $= \frac{২৪ \times ১০০}{৮০} = ৩০$ টাকা

অর্থাৎ সবকার ভর্তুকি দেয় = ৩০ - ২৪ = ৬ টাকা।

***51.*** **একজন ব্যক্তি মালিক বেতনের $\frac{১}{১৫}$ অংশ যাতায়াত ভাতা পান। তার মাসিক বেতন ৯,০০০ টাকা হলে যাতায়াত ভাতা কত?**

a) ৫০০ টাকা b) ৬০০ টাকা
c) ৭০০ টাকা d) ৮০০ টাকা ***ans.* B**

**Solution:** যাতায়াত ভাতা = মাসিক বেতন এর $\frac{১}{১৫}$ অংশ

= ৯,০০০ এর $\frac{১}{১৫}$ = ৬০০ টাকা।

***52.*** **শাহিন ২৪০ টাকায় কতগুলো কলম কিনল। সে যদি ঐ টাকায় একটি কলম বেশি পেতো তবে প্রতিটি কলমের দাম গড়ে ১ টাকা কম পড়তো। সে কতগুলো কলম কিনল?**

a) ২০ b) ১৫
c) ২৫ d) ৩০ ***ans.* B**

**Solution:** ধরি, সে $x$ টি কলম কিনেছিল।

প্রশ্নমতে, $\frac{২৪০}{x} - \frac{২৪০}{x + ১} = ১$

$\Rightarrow \frac{২৪০x + ২৪০ - ২৪০x}{x(x + ১)} = ১$

$\Rightarrow ২৪০ = x(x + ১)$

$\Rightarrow x^২ + x - ২৪০ = ০$

$\Rightarrow x^২ + ১৬x - ১৫x - ২৪০ = ০$

$\Rightarrow x(x + ১৬) - ১৫(x + ১৬) = ০$

$\Rightarrow (x + ১৬)(x - ১৫) = ০$

এখানে, $(x - ১৫) = ০$

$\therefore x = ১৫$

কিন্তু, $x = -১৬$ মানটি গ্রহণযোগ্য নয়।

***53.*** **পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ ঃ ২ এবং ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত ৮ ঃ ৩ হবে। তাদের বর্তমান বয়স কত?**

a) ৪৮ ও ১২ b) ৫৫ ও ১৫
c) ৪৫ ও ১০ d) ৩৫ ও ১০ ***ans.* D**

**Solution:** পিতা ও পুত্রের বর্তমান বয়স = $৭x$ ঃ $২x$

প্রশ্নমতে, $\frac{৭x + ৫}{২x + ৫}$ = ৮ ঃ ৩

$\Rightarrow \frac{৭x + ৫}{২x + ৫} = \frac{৮}{৩}$

$\Rightarrow ২১x + ১৫ = ১৬x + ৪০$

$\Rightarrow ৫x = ২৫$

$\therefore x = ৫$

$\therefore$ পিতার বর্তমান বয়স = ৭ × ৫ = ৩৫ বছর।

এবং পুত্রের বর্তমান বয়স = ২ × ৫ = ১০ বছর।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**54.** $\frac{1 - x^2}{1 - x}$ **এর লঘিষ্ঠ রূপ নিচের কোনটি?**

a) 1 b) $x$
c) $(1 - x)$ d) $(1 + x)$ ***ans.* D**

**Solution:**
দেয়া আছে, $\frac{1 - x^2}{1 - x} = \frac{1^2 - x^2}{1 - x} = \frac{(1 + x)(1 - x)}{1 - x} = (1 + x)$

**55.** $x + \frac{2}{x} = 3$ **হলে,** $x^3 + \frac{8}{x^3}$ **এর মান কত?**

a) 1 b) 8
c) 9 d) 16 ***ans.* C**

**Solution:** $x^3 + \frac{8}{x^3} = \left(x + \frac{2}{x}\right)^3 - 3.\ x.\ \frac{2}{x}\left(x + \frac{2}{x}\right)$
$= (3)^3 - 3 \times 2 \times 3 = 27 - 18 = 9$

**56. একটি বর্গক্ষেত্রের এক বাহু অপর একটি বর্গক্ষেত্রের পরিসীমার সমান হলে, বর্গক্ষেত্র দুটির কর্ণের অনুপাত কত?**

a) ৮ ঃ ৫ b) ৪ ঃ ১
c) ৫ ঃ ২ d) ৬ ঃ ২ ***ans.* B**

**Solution:** ধরি, ১ম বর্গের এক বাহুর দৈর্ঘ্য = ৪$a$
∴ ২য় বর্গের এক বাহুর দৈর্ঘ্য = $a$
উল্লেখ্য, এখানে ২য় বর্গের পরিসীমা হলো ৪$a$ যা ১ম বর্গের এবং বাহুর দৈর্ঘ্যের সমান।
এখন, ১ম বর্গের কর্ণের দৈর্ঘ্য = ৪$a\sqrt{২}$
এবং ২য় বর্গের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{২}$
∴ ১ম ও ২য় বর্গের কর্ণের অনুপাত = ৪$a\sqrt{২}$ ঃ $a\sqrt{২}$ = ৪ ঃ ১

**57. দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে একটিকে অপরটির কি বলে?**

a) সমদ্বিখণ্ডিতকোণ b) পূরককোণ
c) সম্পূরককোণ d) সমকোণ ***ans.* C**

**Solution:** দুটি সন্নিহিত কোণের সমষ্টি ৯০° হলে তাদের একটিকে অপরটির পূরককোণ বলে। আর কোন কোণের মান ৯০° হলে তাকে সমকোণ বলে।

**58. বৃত্তের ব্যাস বৃদ্ধি পেয়ে তিনগুণ হলে ক্ষেত্রফল বৃদ্ধি পেয়ে হয়**

a) ২ গুণ b) ৯ গুণ
c) ৩ গুণ d) ৫ গুণ ***ans.* B**

**Solution:** ব্যাস বা ব্যাসার্ধ যতগুণে বাড়বে ক্ষেত্রফল তার বর্গের আকারে বৃদ্ধি পাবে।

**59. জ্যা শব্দের অর্থ**

a) ভূমি b) সম্পূরক
c) কোণ d) সরলরেখা ***ans.* A**

**Solution:** ব্যুৎপত্তিগতভাবে 'জ্যামিতি' বা 'Geometry' শব্দের অর্থ 'ভূমি পরিমাপ'। আনুমানিক খ্রিষ্টপূর্ব ৩০০ অব্দে গ্রীক পণ্ডিত ইউক্লিড জ্যামিতির ইতস্তত বিক্ষিপ্ত সূত্রগুলোকে বিধিবদ্ধভাবে সুবিন্যস্ত করে তাঁর বিখ্যাত গ্রন্থ 'Elements' রচনা করেন। ১৩ খণ্ডের সম্পূর্ণ কালোত্তীর্ণ এই 'Elements' গ্রন্থটিই আধুনিক জ্যামিতির ভিত্তিস্বরূপ।

**60.** $3x^2 - x + 5 = 0$ **সমীকরণে** $x$ **এর সহগ কত?**

a) 3 b) 2
c) 1 d) – 1 ***ans.* D**

**61. ধানে চাল ও তুষের অনুপাত ৭ ঃ ৩ হলে, এতে শতকরা কী পরিমাণ চাল আছে?**

a) ৮৫% b) ৯৫%
c) ৬৫% d) ৭০% ***ans.* D**

**Solution:** ধরি, চাল আছে ৭$x$ পরিমাণ
এবং তুষ আছে ৩$x$ পরিমাণ
∴ শতকরা চাল আছে
$= \left(\frac{৭x}{৭x + ৩x} \times ১০০\right)\% = \left(\frac{৭x}{১০x} \times ১০০\right)\% = ৭০\%$

**62.** $x^2 - 7x + 6$ **এর উৎপাদকে বিশ্লেষিত রূপ নিচের কোনটি?**

a) $(x - 2)(x - 3)$ b) $(x - 1)(x + 8)$
c) $(x - 1)(x - 6)$ d) $(x + 1)(x + 6)$ ***ans.* C**

**Solution:** $x^2 - 7x + 6$
$= x^2 - 6x - x + 6$
$= x(x - 6) - 1(x - 6)$
$= (x - 6)(x - 1)$

**Repeat:** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় (অফিস সহায়ক) ১১.০১.২০১৯ এবং প্রশ্ন নং ৩৯.

**63. ইংল্যান্ড কত বার বিশ্বকাপ ক্রিকেট চ্যাম্পিয়ন হয়েছে?**

a) ৩ বার b) ১ বার
c) ৫ বার d) ৪ বার ***ans.* B**

**Solution:** ১২তম বিশ্বকাপ ক্রিকেট ২০১৯ এর চ্যাম্পিয়ন হয় ইংল্যান্ড আর রানার্স আপ হয় নিউজিল্যান্ড।

**64. এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?**

a) মালদ্বীপ b) বাহরাইন
c) কাতার d) মাল্টা ***ans.* A**

**Solution:** আয়তনে ও জনসংখ্যায় এশিয়া মহাদেশের ক্ষুদ্রতম দেশ মালদ্বীপ।

| দেশ | রাজধানী | আয়তন | মুদ্রা |
|---|---|---|---|
| মালদ্বীপ | মালে | ২৯৮ বর্গ কিমি | রুপিয়া |
| বাহরাইন | মানামা | ৭৬৫ বর্গ কিমি | দিনার |
| কাতার | দোহা | ১১,৪৩৭ বর্গ কিমি | রিয়াল |
| মাল্টা | ভাল্লেত্তা | ৩১৬ বর্গ কিমি | ইউরো |



Recent Publications
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

***65.*** **নিচের কোনটি G-8 ভুক্ত দেশ?**

a) নাইজেরিয়া  b) জাপান
c) তুরস্ক  d) দক্ষিণ কোরিয়া  ***ans.* B**

**Solution:** 'জি-৮ বা গ্রুপ অব এইট' বিশ্বের আটটি শিল্পোন্নত দেশের নাম হলোঃ ফ্রান্স, রাশিয়া, কানাডা, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।

***66.*** **ফিদেল ক্যাস্ট্রো কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?**

a) ফিজি  b) ভারত
c) কিউবা  d) বলিভিয়া  ***ans.* C**

**Solution:** ফিদেল ক্যাস্ট্রো একজন কিউবান রাজনৈতিক নেতা ও সমাজতন্ত্রী বিপ্লবী। কিউবা বিপ্লবের প্রধান নেতা ফিদেল ফেব্রুয়ারি ১৯৫৯ থেকে ডিসেম্বর ১৯৭৬ পর্যন্ত কিউবার প্রধানমন্ত্রী ছিলেন, এরপর ফেব্রুয়ারি ২০০৮ এ তার স্বেচ্ছায় সরে যাওয়ার আগে পর্যন্ত কিউবার মন্ত্রী পরিষদের প্রেসিডেন্ট ছিলেন। তিনি ১৯৬১ সালে কিউবা কমিউনিস্ট দলের প্রতিষ্ঠালগ্ন থেকে মৃত্যুর আগ পর্যন্ত প্রধান হিসেবে ছিলেন।

***67.*** **বর্তমানে ১ লিটার অকটেনের বাজারমূল্য কত?**

a) ৮০ টাকা  b) ৮৫ টাকা
c) ৮৯ টাকা  d) ৯৯ টাকা  ***ans.* D**

***68.*** **সম্প্রতি বাংলাদেশের কোথায় লৌহ খনি পাওয়া গেছে?**

a) কুমিল্লা  b) সিলেট
c) দিনাজপুর  d) রাজশাহী  ***ans.* C**

**Solution:** দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার আলীহাট ইউনিয়নের মশিদপুরে ২০১৩ সালে দেশের প্রথম লোহার খনির সন্ধান পাওয়া যায়।

***69.*** **হ্যানয় কোন দেশের রাজধানী?**

a) বেলজিয়াম  b) আর্মেনিয়া
c) ডেনমার্ক  d) ভিয়েতনাম  ***ans.* D**

**Solution:** হ্যানয় ভিয়েতনামের রাজধানী।

| দেশ | রাজধানী | অফিসিয়াল ভাষা | মুদ্রা |
|---|---|---|---|
| বেলজিয়াম | ব্রাসেলস | ডাচ ও ফ্রেঞ্চ | ইউরো |
| আর্মেনিয়া | ইয়েরেভান | আর্মেনীয় | ড্রাম |
| ডেনমার্ক | কোপেনহেগেন | ড্যানিশ | ক্রোন |
| ভিয়েতনাম | হ্যানয় | ভিয়েতনামিজ | ডং |

***70.*** **CNG এর পূর্ণরূপ কি?**

a) Compound Natural Gas.
b) Coated Natural Gas.
c) Compressed Natural Gas.
d) Common Natural Gas.  ***ans.* C**

**Solution:** Compressed Natural Gas (CNG) হচ্ছে এক ধরনের জীবশ্ম জ্বালানি যা পেট্রোল, ডিজেল কিংবা প্রোপেনের (LPG) পরিবর্তে ব্যবহৃত হয়। এটার দহনে গ্রিনহাউজ গ্যাস উৎপন্ন হয়, কিন্তু পরিবেশগতভাবে উপরিউক্ত জ্বালানিগুলোর নির্ভেজাল বিকল্প এবং এটা অন্যান্য গ্যাস অপেক্ষা অনেক নিরাপদ। ন্যাচারাল গ্যাস বায়ুর চেয়ে হালকা এবং মুহূর্তেই বায়ুতে মিশে যায়। আবর্জনা বা পচা পানি থেকে উৎপন্ন বায়োগ্যাসের (জৈব গ্যাস) সাথে CNG মিশ্রিত করা যায়।

***71.*** **বড়পুকুরিয়া কয়লা খনি কোন জেলায় অবস্থিত?**

a) দিনাজপুর  b) রংপুর
c) পাবনা  d) চট্টগ্রাম  ***ans.* A**

**Solution:** দেশের সর্ববৃহৎ কয়লাখনি দিনাজপুর জেলার নওয়াবগঞ্জ উপজেলার দীঘিপাড়ায় অবস্থিত। আর উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে জামালগঞ্জে। বাংলাদেশের কয়েকটি কয়লাক্ষেত্র ও আবিষ্কার দেওয়া হলোঃ

| ক্ষেত্র | আবিস্কার |
|---|---|
| জামালগঞ্জ (জয়পুরহাট) | ১৯৬২ |
| তিলকপুর (জয়পুরহাট) | ২০১৫ |
| খালাশপীর (রংপুর) | ১৯৮৯ |

| ক্ষেত্র | আবিস্কার |
|---|---|
| বড়পুকুরিয়া (দিনাজপুর) | ১৯৮৫ |
| দীঘিপাড়া (দিনাজপুর) | ১৯৯৪ |
| ফুলবাড়ী (দিনাজপুর) | ১৯৯৭ |

***72.*** **বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?**

a) হীরক  b) প্রাকৃতিক গ্যাস
c) কয়লা  d) পেট্রোল  ***ans.* B**

**Solution:** বাংলাদেশের প্রধান খনিজ সম্পদের মধ্যে রয়েছেঃ প্রাকৃতিক গ্যাস, কয়লা, চুনাপাথর, কাচবালি, চীনামাটি, শক্ত পাথর, খনিজ লবণ ইত্যাদি।

***73.*** **বঙ্গবন্ধুর জন্মদিনকে কি হিসেবে পালন করা হয়?**

a) জাতীয় টিকা দিবস  b) অটিজম দিবস
c) শিশু দিবস  d) পরিবেশ দিবস  ***ans.* C**

**Solution:** জাতীয় শিশু দিবস ১৭ মার্চ। ১৯২০ সালের এই দিনে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৯৬ সালে প্রথম বাংলাদেশে জাতীয় শিশু দিবস পালন করা হয়। উল্লেখ্য পরিবেশ দিবস পালিত হয় ৫ জুন।

***74.*** **মেক্সিকোর মুদ্রার নাম কি?**

a) দিনার  b) ডলার
c) দিরহাম  d) পেসো  ***ans.* D**

**Solution:** মেক্সিকোর মুদ্রার নাম পেসো।

| মুদ্রার নাম | দিনার | দিরহাম | পেসো |
|---|---|---|---|
| দেশের নাম | মেসিডেনিয়া, সার্বিয়া, বাহরাইন, ইরাক, জর্ডান, কুয়েত | সংযুক্ত আরব আমিরাত | আর্জেন্টিনা, চিলি, কলম্বিয়া, উরুগুয়ে |

***75.*** **মরক্কো এর রাজধানী কি?**

a) আঙ্কারা  b) রাবাত
c) মাস্কট  d) কায়রো  ***ans.* B**

**Solution:** মরক্কো এর রাজধানী নাম রাবাত।

| রাজধানীর নাম | আঙ্কারা | মাস্কট | কায়রো |
|---|---|---|---|
| দেশের নাম | তুরস্ক | ওমান | মিশর |

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**76. MS Word এ কপি করার শর্টকাট কি?**

a) Ctrl + V b) Ctrl + C
c) Ctrl + C d) Alt + C **ans. C**

**Solution:** কোনো অপজেক্টের (টেক্সট/Drawing/Picture ইত্যাদি) নকল বা প্রতিকৃতি যথাস্থানে রেখে অন্য স্থানে আরও একটি অবজেক্ট তৈরিই হচ্ছে কপি। প্রোগ্রাম থেকে কপি করা ডাটা Clipboard এ থাকে।

*Steps (i):* যে অবজেক্ট কপি করার দরকার, তা সিলেক্ট করতে হবে। *Steps (ii):* নিচের যে কোন একটি পদ্ধতি ব্যবহার করে কপি করা যাবে।

| পদ্ধতি | কমান্ড |
|---|---|
| টুলবার | টুলবারে কপি অপশনে ক্লিক করতে হবে। |
| মেনুবার | Edit মেনুতে ক্লিক করে Copy অপশনে ক্লিক করতে হবে। |
| কী-বোর্ড | Ctrl + C কী-দ্বায় চাপতে হবে |

**77. Mail Marge কোন সফটওয়্যার নিয়ে কাজ করে?**

a) MS Word b) MS Outlook
c) MS PowerPoint d) MS Excel **ans. A**

**Solution:** চিঠির মূল বিষয় একই কিন্তু ঠিকানা ভিন্ন। প্রথমে মূল চিঠিটি টাইপ করে একটি ডকুমেন্ট তৈরি করে ঠিকানাগুলো টাইপ করে আরেকটি ডকুমেন্ট তৈরি করে দুটি ডকুমেন্ট একসাথে সংযুক্ত বা মার্জ করে দেওয়া যায়। এতে প্রত্যেকের জন্য আলাদা আলাদা চিঠি টাইপ না করে শুধু একবার টাইপ করা মূল চিঠির সাথে ঠিকানা সংবলিত ডকুমেন্ট মার্জ করাতে প্রত্যেকের নামে আলাদা করে চিঠি তৈরি হবে। এতে করে ব্যবহারকারীর অনেক সময় বেঁচে যায়।

**78. HTML কি কাজে ব্যবহার করা হয়?**

a) গ্রাফিক্স ডিজাইনে b) টেবিল ডিজাইনে
c) ওয়েবসাইট ডিজাইনে d) চার্ট ডিজাইনে **ans. C**

**Solution:** Hyper Text Markup Language এর সংক্ষিপ্ত HTML. যে প্রোগ্রাম ব্যবহার করে হাইপার টেক্সট ডকুমেন্ট পড়া যায় তার নাম ব্রাউজার। এই সমস্ত সফটওয়্যার প্রোগ্রাম ব্যবহার করে ওয়েবে বিচরণ করার নাম ব্রাউজিং। World Wide Web (www) ফাইল তৈরি করতে ইহা ব্যবহার করা হয়। এই ফাইলসমূহ সাধারণভাবে ওয়েব পেইজ (Web Page) নামে পরিচিত। ইন্টারনেটের যে প্রটোকলের অধীনে এ সমস্ত হাইপার টেক্সট আদানপ্রদান করা হয় তাকে http বলে।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**পদের নামঃ সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর**

তারিখঃ ২২.১১.২০১৯; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমাণঃ ১০০

**01. একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৩ ফুট থেকে বৃদ্ধি করে ৬ ফুট করা হলে ক্ষেত্রফল কত গুণ বাড়বে?**

a) ২ গুণ b) ৩ গুণ
c) ৪ গুণ d) কোনটিই নয় **ans. C**

**Solution:** দেয়া আছে,
বর্গের এক বাহুর দৈর্ঘ্য ৩ ফুট
∴ বর্গের ক্ষেত্রফল $৩^২$ = ৯ বর্গফুট
আবার, নতুন দৈর্ঘ্য ৬ ফুট
∴ নতুন ক্ষেত্রফল $৬^২$ = ৩৬ বর্গফুট
∴ ক্ষেত্রফল বাড়ে = $\frac{৩৬}{৯}$ = ৪ গুণ

**Shortcut**
বাহুর দৈর্ঘ্য যে হারে বাড়ে ক্ষেত্রফল বাড়ে তার বর্গ আকারে।

**02. দুইটি সংখ্যার অনুপাত ২.৫ ঃ ৩.৫, প্রথমটি ১৫ হলে অপরটি কত?**

a) ৫ b) ১৪
c) ২১ d) কোনটিই নয় **ans. C**

**Solution:** দেয়া আছে, ১ম সংখ্যা ঃ ২য় সংখ্যা = ২.৫ ঃ ৩.৫
এখন, ১ম সংখ্যা ২.৫ কে ৬ দ্বারা গুণ করলে ১৫ হয়। অতএব, ২য় সংখ্যাকেও ৬ দ্বারা গুণ করতে হবে।
∴ ২য় সংখ্যা = ৬ × ৩.৫ = ২১।

**03. একটি ত্রিভুজের ভূমি ১২ ইঞ্চি এবং উচ্চতা ৮ ইঞ্চি হলে এর ক্ষেত্রফল কত?**

a) ৪০ বর্গ ইঞ্চি b) ৪৮ বর্গ ইঞ্চি
c) ৪৮ ইঞ্চি d) ৪০ ইঞ্চি **ans. B**

**Solution:** আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল
$= \frac{১}{২}$ × ভূমি × উচ্চতা $= \frac{১}{২}$ × ১২ × ৮ = ৪৮ বর্গইঞ্চি

**04. $x = 1$ হলে $\frac{x^2 - 1}{x^4}$ এর মান কত?**

a) $\frac{1}{4}$ b) $\frac{3}{4}$
c) 1 d) 0 **ans. D**

**Solution:** দেয়া আছে, $\frac{x^2 - 1}{x^4} = \frac{1^2 - 1}{1^4} = \frac{1 - 1}{1} = 0$

**05. A = 2 হলে $\frac{5}{A^\circ}$ এর মান কত?**

a) 1 b) $\frac{2}{5}$
c) 5 d) 0 **ans. C**

**Solution:** এখানে, $\frac{5}{A^\circ} = \frac{5}{1} = 5$ [যেহেতু কোন কিছুর Power শূন্য হলে তার মান 1 হয়]

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

***06.*** **$0.1 \times 0.01 + 1$ এর মান কত?**

a) 1.01 b) 1.001
c) 2.01 d) .001 ***ans.* B**

**Solution:** $0.1 \times 0.01 + 1 = 0.001 + 1 = 1.001$

***07.*** **লবণের মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় কোন ব্যক্তির লবণের ব্যয় শতকরা কতভাগ কমালে লবণের ব্যয় অপরিবর্তিত থাকবে?**

a) ২৫% b) ২০%
c) ১৬% d) ১০% ***ans.* B**

**Solution:** ২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১২৫ টাকা

১২৫ টাকায় ব্যবহার কমাতে হবে = ২৫ টাকা

∴ ১০০ টাকায় ব্যবহার কমাতে হবে টাকা $= \frac{২৫ \times ১০০}{১২৫}$

= ২০ টাকা বা ২০%

***08.*** **একটি চতুর্ভূজের দৈর্ঘ্য ৪ ইঞ্চি এবং প্রস্থ ৩ ইঞ্চি হলে এর পরিসীমা কত?**

a) ৭ ইঞ্চি b) ১৪ বর্গ ইঞ্চি
c) ৭ বর্গ ইঞ্চি d) ১৪ ইঞ্চি ***ans.* D**

**Solution:** আমরা জানি, চতুর্ভূজের পরিসীমা

= ২(দৈর্ঘ্য + প্রস্থ) একক

= ২(৪ + ৩) = ২ × ৭ = ১৪ ইঞ্চি।

***09.*** **একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ২ মিটার হলে উহার ক্ষেত্রফল কত বর্গমিটার?**

a) $\sqrt{৩}$ b) ৩
c) ২ d) ৪ ***ans.* A**

**Solution:** সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য $a$ হলে তার ক্ষেত্রফল হবে $\frac{\sqrt{৩}}{৪}a^2 = \frac{\sqrt{৩}}{৪} \times ৪ = \sqrt{৩}$ বর্গমিটার।

***10.*** **একটি সামান্তরিকের ভূমি ৪ ফুট এবং উচ্চতা ৩ ফুট হলে উহার ক্ষেত্রফল কত বর্গফুট?**

a) ১৪ b) ১২
c) ১৮ d) ৭ ***ans.* B**

**Solution:** আমরা জানি, সামান্তরিকের ক্ষেত্রফল

= ভূমি × উচ্চতা = ৪ × ৩ = ১২ বর্গফুট।

***11.*** **X – Y = 4 এবং XY = 60 হলে X + Y এর মান কত?**

a) 16 b) $\pm$ 16
c) 4 d) $\pm$ 64 ***ans.* B**

**Solution:** আমরা জানি,

$(X + Y) = \pm\sqrt{(X - Y)^2 + 4XY}$
$= \pm\sqrt{4^2 + (4 \times 60)}$
$= \pm\sqrt{16 + 240}$
$= \pm\sqrt{256}$
$= \pm\sqrt{(16)^2} = \pm 16$

***12.*** **কাপ্তাই থেকে প্লাবিত পার্বত্য চট্টগ্রামের উপত্যকাকে কি বলা হয়?**

a) ভেঙ্গি ভেলী b) সাঙ্গু ভেলী
c) হালদা ভেলী d) সাজেক ভেলী ***ans.* A**

**Solution:** কাপ্তাই থেকে প্লাবিত পার্বত্য চট্টগ্রামের উপত্যকাকে ভেঙ্গি ভেলী বলা হয়।

| উপত্যকা | সাঙ্গু | হালদা | নাপিতখালি | মাইনীমুখী |
|---|---|---|---|---|
| অবস্থান | চট্টগ্রাম | খাগড়াছড়ি | কক্সবাজার | রাঙামাটি |

***13.*** **বাংলাদেশ ভূ-খণ্ড সৃষ্টির পূর্বে এখানে কি ছিল?**

a) ডেল্টা বেসিন b) বঙ্গ বেসিন
c) ভারত মহাসাগরীয় বেসিন d) সাগর ***ans.* D**

***14.*** **মুক্তিযুদ্ধের মোট সাব-সেক্টর কতটি ছিল?**

a) ১১টি b) ৫৪টি
c) ৬৪টি d) কোনটিই নয় ***ans.* C**

**Solution:** মুক্তিযুদ্ধের মোট সাব-সেক্টর ছিল ৬৪টি। উল্লেখ্য, ১১ জুলাই ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশকে মোট ১১টি সেক্টরে বিভক্ত করা হয়েছিল।

***15.*** **'বাংলাদেশ কথা কয়' বইটির লেখক কে?**

a) শামসুল হুদা চৌধুরী b) এস্থনী ম্যাসকারহান্স
c) আব্দুল গাফ্ফার চৌধুরী d) আব্দুল মোমেন ***ans.* C**

**Solution:** আব্দুল গাফ্ফার চৌধুরীর প্রকাশিত প্রধান গ্রন্থগুলো হলোঃ বাংলাদেশ কথা কয় (১৯৭২), সম্রাটের ছবি (১৯৫৯), সুন্দর হে সুন্দর (১৯৬০), নাম না জানা ভোর (১৯৬২), নীল যমুনা (১৯৬৪), শেষ রাত্রির চাঁদ (১৯৭৬)।

***16.*** **গণ-পরিষদে বাংলাদেশের সংবিধান কবে গৃহীত হয়?**

a) ১২ অক্টোবর ১৯৭২ b) ৪ নভেম্বর ১৯৭২
c) ১৪ ডিসেম্বর ১৯৭২ d) কোনটিই নয় ***ans.* B**

**Solution:** ড. কামাল হোসেনের নেতৃত্বে ৩৪ সদস্যসংখ্যা বিশিষ্ট কমিটি গঠন করে। এই কমিটি ১৯৭২ সালের ১১ অক্টোবরের মধ্যে খসড়া সংবিধান প্রণয়ন কাজ শেষ করে। দীর্ঘ সময় ধরে আলাপ-আলোচনার পর ১৯৭২ এর ৪ নভেম্বর সংবিধান বিল গণপরিষদে পাস হয়। আর ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর প্রথম বিজয় দিবসে সংবিধান কার্যকর হয়।

***17.*** **মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্রে কার সুপারিশ আবশ্যক হয়?**

a) মাননীয় প্রধানমন্ত্রী b) এটর্নী জেনারেল
c) আইনমন্ত্রী d) কারোরই নয় ***ans.* D**

**Solution:** সংবিধানের ৫৬(২) ধারা অনুযায়ী রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদিগকে নিয়োগ দান করবেন। সংবিধানের ৯৫ নং ধারা অনুযায়ী প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হবেন এবং

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

প্রধান বিচারপতির সাথে পরামর্শ করে রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগদান করবেন। সংবিধানের ১১৮ নং অনুসারে রাষ্ট্রপতি প্রধান নির্বাচন কমিশনারকে ও অন্যান্য নির্বাচন কমিশনারকে নিয়োগদান করবেন।

**18. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত কাব্যগ্রন্থ নয় কোনটি?**

a) বনফুল　　b) শ্যামলী
c) ঝরা পালক　　d) পূরবী　　***ans.* C**

**Solution:** 'ঝরা পালক' কবি জীবনানন্দ দাশের লেখা প্রথম কাব্যগ্রন্থ। ১৯২৭ খ্রিষ্টাব্দে ভারতের কলকাতা থেকে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়। উল্লেখ্য, রবীন্দ্রনাথের গদ্যকাব্যঃ শ্যামলী (১৯৩৬); কাব্যগ্রন্থঃ পূরবী (১৯২৫)।

**19. 'তৃষ্ণার্ত' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) তৃষ্ণা + আর্ত　　b) তৃষ্ণা + ঋত
c) উভয়ই　　d) কোনটিই নয়　　***ans.* B**

**Solution:** 'অ'-কার কিংবা 'আ'-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে 'আ' ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমনঃ

আ + ঋ + আর　　তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।
অ + ঋ = আর　　শীত + ঋত = শীতার্ত।

এরূপঃ ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি।

**20. 'অকাল কুষ্মান্ড ছেলেটাকে সাহায্য করতে পারে'। বাক্যটিতে 'অকাল কুষ্মান্ড' ব্যবহৃত হয়েছে**

a) যৌগিক শব্দ হিসেবে　　b) অতিশায়ন হিসেবে
c) বাগধারা হিসেবে　　d) কোনটিই নয়　　***ans.* C**

**Solution:** অকালকুষ্মান্ড হলো একটি বাগধারা যার অর্থ অকর্মন্য; অপদার্থ। আর বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ ইত্যাদি নিয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তখন তাকে বিশেষণে অতিশায়ন বলে।

**21. 'যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না' তাকে বলে**

a) বনজ　　b) পরগাছা
c) বনস্পতি　　d) আগাছা　　***ans.* C**

**Solution:** যে গাছ অন্য গাছকে আশ্রয় করে বাঁচে = পরগাছা
যে গাছ ফল ধরে, কিন্তু ফুল ধরে না = বনস্পতি।
যে গাছ কোনো কাজে লাগে না = আগাছা।

**22. 'তোমার এ পূণ্য প্রচেষ্টা সফল হোক'। বাক্যটিতে 'পূণ্য' শব্দটি হল**

a) বিশেষ্য　　b) বিশেষণ
c) অব্যয়　　d) ক্রিয়া　　***ans.* B**

**Solution:** বাক্যটিতে প্রচেষ্টা হলো বিশেষ্য যাকে Modify করেছে 'পূণ্য' যা একটি বিশেষণ।

**23. যেসব রক্তনালীর মাধ্যমে রক্ত হৃদপিন্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয় তাকে বলে**

a) শিরা　　b) ধমনী
c) কৈশক জালিকা　　d) হৃদপিন্ড　　***ans.* B**

**Solution:** যেসব রক্তনালীর মাধ্যমে অক্সিজেন সমৃদ্ধ রক্ত হৃৎপিন্ড থেকে সারা দেহে বাহিত হয় তাকে ধমনি বলে। আর যেসব নালী দিয়ে রক্ত দেহের বিভিন্ন অংশ থেকে হৃৎপিন্ডে ফিরে আসে, তাদেরকে শিরা বলে।

**24. রক্তে কোলেস্টরেল উপকারী, যদি রক্তে বেশি থাকে**

a) LDL　　b) HDL
c) উভয়টি (ক + খ)　　d) tg　　***ans.* B**

**Solution:** রক্তের কোলেস্টেরলের প্রায় ১/৩ অংশ বহন করে High-Density Lipo-Protein বা HDL. এগুলো ভালো কোলেস্টেরল। HDL ক্ষতিকর কোলেস্টেরল অপসারণে সহায়তা করে। যাদের রক্তে HDL কম, তাদের হৃদরোগ হবার সম্ভাবনা কম। আর, রক্তের বেশির ভাগ কোলেস্টেরল যে Protein বহন করে তাকে Low-Density Lipo-Protein বা LDL বলে। LDL এর মান ১০০ অপেক্ষা কম হলে তা স্বাস্থ্যকর।

**25. পালংশাক সবজি হিসেবে**

a) অম্লধর্মী　　b) ক্ষারধর্মী
c) স্নেহধর্মী　　d) শর্করা　　***ans.* D**

**Solution:** প্রতি ১০০ গ্রাম পালংশাকে প্রোটিন আছে ২.০ গ্রাম, কার্বোহাইড্রেট (শর্করা) আছে ২.৮ গ্রাম, আঁশ আছে ০.৭ গ্রাম, আয়রন ১১.২ মিলিগ্রাম, ফসফরাস আছে ২০.৩ মিলিগ্রাম, অ্যাসিড (নিকোটিনিক) ০.৫ মিলিগ্রাম, রিবোফ্লোবিন থাকে ০.৮ মিলিগ্রাম, অক্সালিক অ্যাসিড থাকে ৬৫২ মিলিগ্রাম, ক্যালসিয়াম ৭৩ মিলিগ্রাম, পটাশিয়াম ২০৮ মিলিগ্রাম, ভিটামিন-এ আছে ৯৩০০ আই.ইউ, ভিটামিন সি ২৭ মিলিগ্রাম, থায়ামিন আছে .০৩ মিলিগ্রাম।

**26. টেস্টিং সল্ট এর রাসায়নিক নাম হল**

a) সোডিয়াম ক্লোরাইড　　b) সোডিয়াম কার্বনেট
c) সোডিয়াম স্টিয়ারেট　　d) সোডিয়াম গ্লুটামেট

***ans.* Note**

**Solution:** মনো সোডিয়াম গ্লুটামেটকে সাধারণ ভাষায় টেস্টিং সল্ট বলে। সোডিয়াম বাই কার্বনেট হলো খাবার সোডা। আর সোডিয়াম ক্লোরাইড হলো খাবার লবণ। তাই সঠিক উত্তর অপশনগুলোতে নেই।

**27. সুনামি সৃষ্টি হতে পারে যে কারণে**

a) সমুদ্র তলদেশে ভূমিকম্প　　b) আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত
c) ভূমিধ্বংস　　d) সবগুলো　　***ans.* A**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** সুনামি হলো সাগর বা নদী বা অন্য কোন জলক্ষেত্রে ভূমিকম্পের, ভূমিধ্বসের কিংবা আগ্নেয়গিরির উদ্‌গীরনের প্রভাবে সৃষ্ট জলোচ্ছ্বাস বা ঢেউ। সুনামির আক্ষরিক অর্থ 'পোতাশ্রয় ঢেউ'।

**28. মোবাইল ফোনের কোন প্রজন্ম হতে SMS সেবা চালু হয়?**
a) প্রথম b) দ্বিতীয়
c) তৃতীয় d) চতুর্থ ***ans.* B**

**Solution:** SMS বা Short Message Service হলো 2G (দ্বিতীয়) প্রজন্মের একটি সেবা। উল্লেখ্য, 2G হলো প্রজন্মের তারবিহীন টেলিফোন প্রযুক্তি। ফিনল্যান্ডের সেলুলার টেলিকম নেটওয়ার্ক প্রযুক্তি এটি বাজারে যাত্রা করে ১৯৯১ সালে। GSM স্ট্যান্ডার্ডে 2G নেটওয়ার্কে তিনটি প্রাথমিক সুবিধা প্রদান করে। এগুলো হলোঃ SMS, Picture SMS, Multimedia Message (MMS).

**29. GPRS এর Full Meaning কি?**
a) General Packet Radio Service.
b) Global Packet Radio Service.
c) Global Package Radio Service.
d) General Package Radio Service. ***ans.* A**

**Solution:** GPRS এর Full Meaning হলো General Packet Radio Service. এটি তারবিহীন মোবাইল টেলিযোগাযোগ সংক্রান্ত এক ধরনের ব্যবস্থা। প্রতি সেকেন্ডে ১১৫ কিলোবিট হারে তথ্য সরবরাহ নিশ্চিত করে। এটি অনেক বড় সীমার মধ্যে থেকে বিভিন্ন ব্যান্ডউইথ সমর্থন করে। ক্ষুদ্র তথ্যগুচ্ছ সরবরাহের জন্য এই ব্যবস্থা বিশেষভাবে কার্যকরী।

**30. Database এর রেকর্ড বাদ দেয়ার অপশন কোনটি?**
a) Delete Data b) Delete Field
c) Delete Record d) Delete Row ***ans.* C**

**Solution:** Database Management Software এর ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো মনে রাখা জরুরীঃ
প্রয়োজন অনুযায়ী ডেটাবেজ তৈরি করা, নতুন ডেটা/ রেকর্ড অন্তর্ভুক্ত করা, ডেটার ভুল অনুসন্ধান করা ও সংশোধন করা, অপ্রয়োজনীয় ডেটা/ রেকর্ড বাদ দেওয়া, সম্পাদনার কাজ সম্পন্ন করা, প্রয়োজনীয় ডেটা অনুসন্ধান করা, প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ ডেটাবেজকে যেকোন ফিল্ডের ভিত্তিতে বিন্যস্ত করা।

**31. 'আমি বইটি পড়িতে থাকিব' বাক্যটির ইংরেজি হবে**
a) I shall reading the book
b) I can be reading the book
c) I shall be reading the book
d) I should be reading the book ***ans.* C**

**Solution:** Future continuous tense এর গঠন হলোঃ
Subject + shall be/ will be + verb এর সাথে 'ing' + object.

**32. Fill in the blank: Education should teach all to ____**
a) oil one's tongue b) oil one's own machine
c) oil the wheel d) oil the car ***ans.* C**

**Solution:** Oil the wheel অর্থ কোনো কিছু সহজভাবে চলতে সাহায্য করা; কোনো কিছুকে মসৃণ করে তোলা।
Oil one's own machine অর্থ নিজের চড়কায় তেল দেয়া।
**বাক্যের অর্থঃ** শিক্ষার উচিৎ সবাইকে স্বাচ্ছন্দ্যে চলতে শেখানো।

**33. Choose the correct sentence**
a) Cattles are grazing in the field
b) Cattle are grazing in the field
c) Cattle were grazing in the field
d) Cattle is grazing in the field ***ans.* B & C**

**Solution:** এখানে Cattle হলো Collective noun. তাই এরপর Plural verb বসাতে হবে। এরকম সকল Collective noun এর পরেই Plural verb বসাতে হয়।
**বাক্যের অর্থঃ** গরুগুলো মাঠে চড়াচ্ছে।

**34. Fill in the blank with appropriate word: ____ my advice, he did not work hard.**
a) In point of b) In respect of
c) In order to d) In spite of ***ans.* D**

**Solution:** In spite of অর্থ সত্ত্বেও। এখানে In spite of my advice অর্থ আমার উপদেশ সত্ত্বেও। কিন্তু In order to অর্থ কারণে বা জন্যে।
**বাক্যের অর্থঃ** আমার উপদেশ সত্ত্বেও সে কঠোর পরিশ্রম করে নি।

**35. It takes two to make a quarrel. এ বাক্যটির বাংলা অনুবাদ কি?**
a) বিপদ কখনো একা আসে না।
b) এক মাঘে শীত যায় না।
c) এক হাতে তালি বাজে না।
d) নাচতে না জানলে উঠান বাকা। ***ans.* C**

**Solution:** অপশন *a*) এর অনুবাদ হলো Misfortune never comes alone.
অপশন *b*) এর অনুবাদ হলো One swallow does not make a summer.
অপশন *d*) এর অনুবাদ হলো A bad workman quarrels with his tools.

**36. What is the verb of the word LARGE?**
a) Larger b) Largest
c) Enlarged d) Enlarge ***ans.* D**

**Solution:** Large অর্থ বড়; বৃহৎ।
আর Enlarge অর্থ বড় করা; প্রশস্ত করা।



Recent Publications

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

*37.* **Fill in the blank with appropriate word: We ____ the boy not to run in the sun.**
a) advised  b) will advise
c) shall advised  d) advise  ***ans.* D**

**Solution:** Right form of verbs এর নিয়মানুসারে Universal truth, Habitual fact বোঝালে Present Indefinite Tense হয়। তাই Advise বসবে।
**বাক্যের অর্থঃ** বালকটিকে আমরা রোদে না দৌড়াতে উপদেশ দিয়েছিলাম।

*38.* **Fill in the blank with appropriate word: He has every hope ____ success.**
a) for  b) to
c) of  d) by  ***ans.* A**

**Solution:** কোনো কিছুর জন্য আকাঙ্ক্ষা থাকা অর্থে Hope for বসে।
**বাক্যের অর্থঃ** সফলতার জন্য তার প্রতিবারই আকাঙ্ক্ষা থাকে।

*39.* **শূন্যস্থানে সঠিক Preposition কোনটি বসবে? He is good ____ drawing.**
a) to  b) for
c) at  d) in  ***ans.* C**

**Solution:** Good at something অর্থ কোনো কিছুতে দক্ষ। কিন্তু 'for good' অর্থ চিরতরে।
**বাক্যের অর্থঃ** চিত্রাঙ্কনে সে দক্ষ।

*40.* **'তোমাকে ছাড়া আমার চলে না'। এটার ইংরেজি হবে**
a) I could not do without you.
b) I will not do without you.
c) I can not do without you.
d) I have not do without you.  ***ans.* C**

*41.* **What is the meaning of 'Null and void'?**
a) অকেজো  b) বৃথা
c) ধ্বংস করা  d) অজ্ঞ  ***ans.* A**

**Solution:** বৃথা এর ইংরেজি হলো Vain. ধ্বংস করা এর ইংরেজি হলো Demolish. অজ্ঞ এর ইংরেজি হলো Ignorant.

*42.* **নিম্নের বাক্যগুলোর কোনটি শুদ্ধ?**
a) You came late today
b) You have come late today
c) You had come late today
d) You come late today  ***ans.* A**

**Solution:** **বাক্যের অর্থঃ** তুমি আজ দেরিতে আসলে।

*43.* **Which is the correct translation of 'অতি লোভে তাঁতী নষ্ট'।**
a) No risk no gain
b) As you sow so shall you reap
c) Grasp all lose all
d) Look before you leap  ***ans.* C**

**Solution:** অপশন *a*) এর No risk no gain অর্থ ঝুঁকি নেই তো লাভ নেই। অপশন *b*) এর As you sow so shall you reap অর্থ যেমন কর্ম তেমন ফল। অপশন *d*) এর Look before you leap অর্থ ভাবিয়া করিও কাজ।

*44.* **Goodwill কোন Parts of speech?**
a) Pronoun  b) Noun
c) Verb  d) Adverb  ***ans.* B**

**Solution:** Goodwill অর্থ বন্ধুত্বের মনোভাব; ব্যবসায়িক সুনাম।

*45.* **Which is the complex sentence: 'Unfortunately, he failed'.**
a) He is unfortunately failed.
b) It is unfortunately that he failed.
c) He is failed unfortunately.
d) It is unfortunate that he failed.  ***ans.* D**

**Solution:** এক্ষেত্রে বাক্যের সঠিক গঠন হলোঃ Subject + helping verb + adjective + conjunction + subject + verb.
**বাক্যের অর্থঃ** এটা দুর্ভাগ্যজনক যে সে ফেল করেছে।

*46.* **International Atomic Energy Agency'র সদর দপ্তর কোথায়?**
a) জেনেভা  b) জেদ্দা
c) ভিয়েনা  d) রোম  ***ans.* C**

**Solution:** আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA) বিশ্বে পরমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহার এবং সামরিক উদ্দেশ্যে এর ব্যবহার রোধকল্পে কাজ করে থাকে। এই সংস্থাটি ১৯৫৭ সালের ২৯ জুলাই প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত। যদিও জাতিসংঘের অধীনে স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠিত। বর্তমানে সংস্থাটি জাতিসংঘ সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদ উভয় পরিষদেই এটি এর কার্যক্রম পেশ করে।

*47.* **জাতিসংঘ বিশ্ববিদ্যালয় অবস্থিত**
a) নিউইয়র্ক  b) টোকিও
c) রোম  d) কোস্টারিকা  ***ans.* B**

**Solution:** জাতিসংঘ বিশ্ববিদ্যালয় ৬ ডিসেম্বর ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘ ও জাপানের মধ্যে স্থায়ী সদর দফতরের স্বাক্ষরের পর ১৯৭৬ সালে আনুষ্ঠানিকভাবে এর কার্যক্রম শুরু হয়। ১৯৬৯ সালে সেক্রেটারি জেনারেল ইউ থান্ট জাতিসংঘ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন।

*48.* **বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী কোনটি?**
a) যমুনা  b) হাড়িয়াভাঙা
c) নাফ  d) হালদা  ***ans.* B**



Recent Publications

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদীর নাম হলো হাড়িয়াভাঙা। আর বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্তকারী নদীর নাম নাফ। এই নদীর দৈর্ঘ্য ৫৬ কিমি।

***49.*** **বাংলাদেশের প্রথম বর্জ্য বিদ্যুৎ কেন্দ্র হবে কোন জেলায়?**

a) কুমিল্লা  b) ব্রাহ্মণবাড়িয়া
c) খুলনা  d) চট্টগ্রাম  ***ans.*** **Note**

**Solution:** বাংলাদেশের প্রথম বর্জ্য বিদ্যুৎ কেন্দ্র হবে নারায়ণগঞ্জ জেলায়। এই বিদ্যুৎ কেন্দ্র হতে ৩-৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে।

***50.*** **পৃথিবীর সর্বাধিক দ্বীপপুঞ্জের দেশ কোনটি?**

a) রাশিয়া  b) ইন্দোনেশিয়া
c) ফিলিপাইন  d) ভারত  ***ans.*** **B**

**Solution:** ইন্দোনেশিয়া ১৭,৫০৮টি দ্বীপপুঞ্জ নিয়ে গঠিত দেশ। এই দেশের প্রধান দ্বীপগুলো হলোঃ সুমাত্রা, জাভা, বোর্নিও, পাপুয়া, সুন্দা, লম্বক, কোমোডো, বালি, নিয়াস, বান্দা, টোগীয়, আচেহ ইত্যাদি।

***51.*** **পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কিলোমিটার?**

a) ৬.১৫  b) ৬.১৭
c) ৬.১১  d) ৬.২১  ***ans.*** **A**

***52.*** **টি-২০ বিশ্বকাপ ক্রিকেট প্রথম অনুষ্ঠিত হয়**

a) ২০০৬ সালে  b) ২০০৮ সালে
c) ২০০৭ সালে  d) ২০১২ সালে  ***ans.*** **C**

**Solution:** প্রথম আইসিসি ওয়ার্ল্ড টি-২০ অনুষ্ঠিত হয় ১১-২৪ সেপ্টেম্বর ২০০৭ সালে দক্ষিণ আফ্রিকায়। আর প্রথম চ্যাম্পিয়ন হয় ভারত (রানার্সআপ হয় পাকিস্তান)। উল্লেখ্য, বাংলাদেশ আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপে প্রথম খেলে ১৩ সেপ্টেম্বর ২০০৭ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে।

***53.*** **জি-৭ এর একমাত্র এশীয় দেশ?**

a) কোরিয়া  b) জাপান
c) চীন  d) ভারত  ***ans.*** **B**

**Solution:** জি-৭ এর একমাত্র এশীয় দেশ জাপান। আর বাকি দেশগুলো হলোঃ কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি। উল্লেখ্য, জি-৭ প্রতিষ্ঠিত হয় ১৫ নভেম্বর ১৯৭৫ সালে। জি-৭ এর লক্ষ্য ও উদ্দেশ্য হলো সদস্য দেশগুলোর পারস্পারিক অর্থনৈতিক সহযোগিতা।

***54.*** **কান্দাহার কোন দেশের শহর?**

a) কাজাকস্তান  b) ইরান
c) আফগানিস্তান  d) পাকিস্তান  ***ans.*** **C**

**Solution:** আফগানিস্তানের ৩৪টি প্রদেশের মধ্যে উল্লেখযোগ্য হলোঃ কান্দাহার, কাবুল, মাজার-ই-শরীফ, জালালাবাদ, হেরাত, গজনী, ফারহা ইত্যাদি।

***55.*** **'পক প্রণালী' কোন দুটি দেশকে পৃথক করেছে?**

a) ভারত ও পাকিস্তান  b) ভারত ও চীন
c) ভারত ও শ্রীলংকা  d) ভারত ও ভুটান  ***ans.*** **C**

**Solution:** 'পক প্রণালী' ভারত ও শ্রীলংকাকে পৃথক করেছে।

| প্রণালীর নাম | জিব্রোল্টার | মালাক্কা | বসফরাস | হরমুজ |
|---|---|---|---|---|
| পৃথক করেছে | আফ্রিকা-ইউরোপ | সুমাত্রা-মালয়েশিয়া | এশিয়া-ইউরোপ | আরব-ইরান |

***56.*** **ইন্টারফ্যাক্স হল**

a) কোরিয়ার একটি বার্তা সংস্থা।
b) রাশিয়ার একটি বার্তা সংস্থা।
c) চীনের একটি বার্তা সংস্থা।
d) জাপানের একটি বার্তা সংস্থা।  ***ans.*** **B**

**Solution:** ইন্টারফ্যাক্স, ইতার-তাস, রিয়া-নভোস্তি, Rossiya Segodnya এগুলো হলো রাশিয়ার বিখ্যাত সংবাদ সংস্থা।

***57.*** **বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে**

a) ২৩ তম অলিম্পিকে  b) ২১ তম অলিম্পিকে
c) ২৬ তম অলিম্পিকে  d) ২২ তম অলিম্পিকে
***ans.*** **A**

**Solution:** বাংলাদেশ প্রথম অলিম্পিক গেমসে অংশগ্রহণ করে ১৯৮৪ সালে যুক্তরাষ্ট্রের লসএঞ্জেলসের ২৩তম আসরে।

***58.*** **মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে বিশ্বের কোন দেশটি সহায়তা করেছে?**

a) চীন  b) জাপান
c) কোরিয়া  d) কানাডা  ***ans.*** **B**

**Solution:** জাপানের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা সংস্থা জাইকার অর্থায়নে মাতারবাড়ির এই বিদ্যুৎকেন্দ্র হবে বাংলাদেশের অন্যতম বড় প্রকল্প। এই বিদ্যুৎ কেন্দ্রটি মহেশখালী উপজেলায় মাতারবাড়িতে গড়ে তুলা হবে। ৬০০ মেগাওয়াটের মোট দুটি ইউনিট গড়া হবে। ফলে বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা হবে ১,২০০ মেগাওয়াট।

***59.*** **আগুনের দ্বীপ কোনটি?**

a) আইসল্যান্ড  b) আয়ারল্যান্ড
c) থাইল্যান্ড  d) ফিনল্যান্ড  ***ans.*** **A**

**Solution:** আগুনের দ্বীপ হলো আইসল্যান্ড।
মুক্তার দ্বীপ বলা হয় বাহরাইনকে।
মার্বেলের দ্বীপ বলা হয় ইতালিকে।
হাজার হ্রদের দেশ বলা হয় ফিনল্যান্ডকে।
পান্নার দ্বীপ বলা হয় আয়ারল্যান্ডকে।

***60.*** **কত সালে ফুটবল বিশ্বকাপ শুরুর ১০০ বছর পূর্ণ হবে?**

a) ২০৩২  b) ২০২৬
c) ২০২২  d) ২০৩০  ***ans.*** **D**

**Solution:** ২০৩০ সালে হবে ফিফা বিশ্বকাপের ২৪তম আসর। আর এটি হবে প্রথম বিশ্বকাপের ১০০ বছরপূর্তি। উল্লেখ্য, বিশ্বকাপ ফুটবল ২০২২ অনুষ্ঠিত হবে কাতারে আর ২০২৬ সালের ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যৌথভাবে আমেরিকা, মেক্সিকো ও কানাডায়।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## সুন্দরবন গ্যাসফিল্ড

**পদের নামঃ** Assistant Co-ordination Officer (Logistic/ General Administration)

তারিখঃ ২৭.১১.২০২০; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমাণঃ ৬০

***Q. 01 – 04:*** *For each question, identify the appropriate word(s) to fill in the gap(s).*

***01.*** **After it was repaired, the car ____ again.**
a) ran perfect  b) runs perfect
c) ran perfectly  d) run perfect  ***ans.*** **C**

**Solution:** Was repaired হলো Past Form তাই Verb হবে Past Form Ran আর Verb এর Modifier Adverb বলে Perfectly হবে।
**বাক্যের অর্থঃ** গাড়ি মেরামতের পর তা আরো দ্রুত বেগে চলে।

***02.*** **The test consists ____ forth questions.**
a) in  b) of
c) with  d) for  ***ans.*** **B**

**Solution:** Consists of something অর্থ কোনো কিছু দিয়ে তৈরি বা গঠিত।
**বাক্যের অর্থঃ** পরীক্ষাটি ৪০টি প্রশ্নের।

***03.*** **Are you aware ____ the situation in Libya?**
a) for  b) in
c) on  d) of  ***ans.*** **D**

**Solution:** Aware এরপর 'of' বসে যার অর্থ জ্ঞাত; অবহিত হওয়া।
**বাক্যের অর্থঃ** তুমি কি লিবিয়ার পরিস্থিতি সম্পর্কে অবগত?

***04.*** **I will help you to make your dreams ____ true.**
a) seem  b) grow
c) turn  d) come  ***ans.*** **D**

**Solution:** Dreams come true এই Phrase টির অর্থ হলো স্বপ্ন সত্যি হওয়া।
**বাক্যের অর্থঃ** তোমার স্বপ্ন বাস্তবে রূপ দিতে আমি সাহায্য করবো।

***05.*** **Identify the correct sentence:**
a) Why have you done this?
b) Why you have done this?
c) Why did you have done this?
d) Why you had done this?  ***ans.*** **A**

**Solution:** এটি Present perfect tense এর Form এ হবে। তাই done এর পূর্বে have হবে। আর সেক্ষেত্রে পুরো বাক্যটি হবে Why have you done this?
**বাক্যের অর্থঃ** কেন তুমি এটা করেছো?

***Q. 06 – 07:*** *Select the correctly spelt word.*

***06.*** a) Apparent  b) Apperent
c) Aparrent  d) Apparant  ***ans.*** **A**

**Solution:** Apparent অর্থ স্পষ্ট দেখা যায় বা বোঝা যায় এমন; স্পষ্টত প্রতীয়মান।

***07.*** a) Aggregrate  b) Aggregate
c) Agreegate  d) Aggregete  ***ans.*** **B**

**Solution:** Aggregate অর্থ সমষ্টীভূত/ সমগ্রীভূত হওয়া বা করা।

***Q. 08 – 10:*** *Find the appropriate meaning of the English word:*

***08.*** **Adhere**
a) অভিনয় করা  b) জেগে থাকা
c) লেগে থাকা  d) পরিশ্রম করা  ***ans.*** **C**

**Solution:** Adhere অর্থ লেগে থাকা। Acting অর্থ অভিনয় করা। Awake অর্থ জেগে থাকা। Toil অর্থ পরিশ্রম করা।

***09.*** **Oppress**
a) ঘোলাটে  b) নিপীড়ন
c) মিথ্যা  d) মারাত্মক  ***ans.*** **B**

**Solution:** Oppress অর্থ নিপীড়ন; জুলুম করা। Addle অর্থ ঘোলাটে। False অর্থ মিথ্যা। Deadly অর্থ মারাত্মক।

***10.*** **Concise**
a) সামঞ্জস্যপূর্ণ  b) সংক্ষিপ্ত
c) সাধনা  d) স্বাদহীন  ***ans.*** **B**

**Solution:** Concise অর্থ সংক্ষিপ্ত। Consistent অর্থ সামঞ্জস্যপূর্ণ। Meditate = Ponder অর্থ সাধনা। Tasteless অর্থ স্বাদহীন।

***11.*** **'আদ্যোপান্ত' শব্দের অর্থ কী?**
a) অতি পুরাতন  b) প্রাথমিক
c) অবিমিশ্র  d) আগাগোড়া  ***ans.*** **D**

**Solution:** 'আদ্যোপান্ত' শব্দের অর্থ হলোঃ আগাগোড়া, প্রথম থেকে শেষ পর্যন্ত।

***12.*** **'সমীরণ' শব্দের অর্থ কী?**
a) বিদ্যুৎ  b) মৃত্তিকা
c) অরণ্য  d) বাতাস  ***ans.*** **D**

**Solution:** 'সমীরণ' শব্দের কিছু সমার্থক শব্দঃ বাতাস, বাত, অনিল, পবন, হাওয়া, সমীর, মরুৎ, প্রভঞ্জন, মারুত, গন্ধবহ ইত্যাদি।

***Q. 13 – 16:*** নিচের কোন বানানটি শুদ্ধ

***13.*** a) মরিচীকা  b) মরিচিকা
c) মরীচিকা  d) মরীচীকা  ***ans.*** **C**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** শুদ্ধ বানান হলো 'মরীচিকা' যার অর্থ হলো মৃগতৃষ্ণিকা, মরুভূমিতে সূর্যের কিরণে জল ভ্রান্তি।

*14.* a) দুরাবস্থা b) দূরবস্থা c) দুরবস্থা d) দুরবস্তা **ans. C**

**Solution:** শুদ্ধ বানান হলো 'দুরবস্থা' যার অর্থ হলো দুর্দশা; দারিদ্র্য; দৈন্য।

*15.* a) গীতাঞ্জলী b) গিতাঞ্জলী c) গিতাঞ্জলি d) গীতাঞ্জলি **ans. D**

**Solution:** শুদ্ধ বানান হলো 'গীতাঞ্জলি'।

*16.* a) তিরস্কার b) তিরষ্কার c) তীরস্কার d) তীরষ্কার **ans. A**

**Solution:** শুদ্ধ বানান হলো 'তিরস্কার'।

*17.* **এক কথায় প্রকাশ করুনঃ 'যে ভূমিতে ফসল জন্মায় না'**

a) পণ্ডিত b) অনুর্বর c) ঊষর d) বন্ধ্যা **ans. C**

**Solution:** যে ভূমিতে ফসল জন্মায় না = ঊষর।
আপনাকে যে পন্ডিত মনে করে = পণ্ডিতম্মন্য।
যে নারীর কোনো সন্তান হয় না = বন্ধ্যা।

*18.* **'ধর্মের ষাঁড়' বাগধারাটির অর্থ কী?**

a) বক ধার্মিক b) তোষামোদকারী c) শক্র প্রাণ d) অকর্মণ্য **ans. D**

*19.* **'কোন্দল' শব্দের অর্থ কী?**

a) কোঁদাল b) ফুল c) গাছ d) বিবাদ **ans. D**

**Solution:** 'কোন্দল' শব্দের অর্থ বিবাদ; ঝগড়া ইত্যাদি।

*20.* **'কি করতে হবে ভেবে পায় না' তার এই অবস্থাকে বলা হয়**

a) বিস্মিত b) কিংকর্তব্যবিমূঢ় c) সুসজ্জিত d) লজ্জিত **ans. B**

*21.* **ঢাকা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?**

a) ১৯২১ b) ১৯২২ c) ১৯২৩ d) ১৯২৫ **ans. A**

**Solution:** ১৯১৭ সালের মার্চ মাসে ইম্পেরিয়াল লেজিসলেটিভ কাউন্সিলে সৈয়দ নওয়াব আলী চৌধুরী সরকারের কাছে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় বিল পেশের আহ্বান জানান। ১৯২০ সালের ২৩ মার্চ গভর্ণর জেনারেল এ বিলে সম্মতি দেন। এ আইনটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার ভিত্তি। এই আইনের বাস্ত বায়নের ফলাফল হিসেবে ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে। তিনটি অনুষদ (কলা, বিজ্ঞান ও আইন) ও ১২টি বিভাগ নিয়ে একটি আবাসিক বিশ্ববিদ্যালয় হিসেবে এর যাত্রা শুরু হয়।

*22.* **বাংলাদেশের প্রধানমন্ত্রী হবার জন্য নূন্যতম বয়স কত বছর হতে হবে?**

a) ২১ b) ২৫ c) ২৮ d) ৩০ **ans. B**

**Solution:** বাংলাদেশের সংবিধানের ৬৬(১) অনুযায়ী সংসদ সদস্য পদে নির্বাচনে প্রার্থী হওয়ার সর্বনিম্ন বয়স ২৫ বছর হতে হবে। আর সংবিধানের ৪৮(৪)ক অনুযায়ী রাষ্ট্রপতি হওয়ার সর্বনিম্ন বয়স ৩৫ বছর হতে হবে। সংবিধান অনুযায়ী প্রধান বিচারপতির অবসরসীমা ৬৭ বছর। সংবিধান অনুযায়ী PSC এর চেয়ারম্যানের অবসরসীমা ৬৭ বছর।

*23.* **বাংলাদেশে প্রধান বিচারপতির নিয়োগ কে দেন?**

a) আইন সচিব b) প্রধানমন্ত্রী c) আইন মন্ত্রী d) রাষ্ট্রপতি **ans. D**

**Solution:** বাংলাদেশের সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদে বলা হয়েছে 'প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগ দান করিবেন'।

*24.* **পদ্মা সেতুতে এখন পর্যন্ত কয়টি Span বসানো হয়েছে?**

a) ৩৭ b) ৩৮ c) ৩৯ d) ৪০ **ans. Note**

**Solution:** পদ্মা সেতুতে সবগুলো স্প্যান বসানোর কাজ শেষ হয়েছে। উল্লেখ্য, প্রথম স্প্যান বসানো হয় ৩০ সেপ্টেম্বর, ২০১৭ সালে (৩৭ এবং ৩৮ নং পিলারে) এবং সর্বশেষ ৪১তম স্প্যানটি বসানো হয় ১০, ডিসেম্বর, ২০২০ সালে (১২ এবং ১৩ নং পিলারে)। এই সেতুটির মোট স্প্যান ৪১টি এবং পিলার ৪২টি।

*25.* **সম্প্রতি কোন দেশে এক সপ্তাহে ৩ বার রাষ্ট্রপতি বদল করা হয়েছে?**

a) পেরু b) বলিভিয়া c) সিরিয়া d) ভেনেজুয়েলা **ans. A**

**Solution:** এক সপ্তাহের মধ্যে তৃতীয় প্রেসিডেন্ট পেলো দক্ষিণ আমেরিকার দেশ পেরু। সাবেক প্রেসিডেন্ট মার্টিন ভিজকারার অভিশংসনের পর বিক্ষোভের মুখে তার উত্তরসূরি ম্যানুয়েল মেরিনোকেও সরে যেতে হয়। অদ্ভুত পরিস্থিতিতে এক সপ্তাহের মধ্যেই আবারো অন্তবর্তী প্রেসিডেন্ট নির্বাচন করেছে দেশটির পার্লামেন্ট।

*26.* **'ভাসানচর' কোন জেলায় অবস্থিত?**

a) বরিশাল b) পটুয়াখালি c) নোয়াখালী d) বাগেরহাট **ans. C**

**Solution:** নোয়াখালীতে মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় অবস্থিত ভাসানচর।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

***27.*** **URL শব্দটি কিসের সাথে সম্পর্কযুক্ত?**

a) ওয়েবসাইট　　b) মনিটর
c) স্ক্রিন　　d) কিবোর্ড　　***ans.*** **A**

**Solution:** **Uniform Resource Locator (URL):** কোনো ওয়েব পেজকে প্রদর্শন করতে ওয়েব ব্রাউজারে এর ঠিকানা নির্দিষ্ট করে দিতে হয়। URL হচ্ছে ওয়েবসাইটের একক ঠিকানা। পৃথিবীতে এক নামে একটি ওয়েব পেজ থাকে। প্রতিটি URL এ থাকেঃ ওয়েব প্রোটোকল, ওয়েব সার্ভারের নাম, সার্ভারের ডিরেক্টরি/ফোল্ডারের নাম এবং html ফাইলের নাম।

***28.*** **'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?**

a) রাজশাহী বিশ্ববিদ্যালয়　　b) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
c) কুমিল্লা বিশ্ববিদ্যালয়　　d) ঢাকা বিশ্ববিদ্যালয়　　***ans.*** **A**

**Solution:** 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

| স্থাপত্য | স্থপতি | স্থান |
|---|---|---|
| সাবাস বাংলাদেশ | নিতুন কুন্ডু | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| সার্ক ফোয়ারা | নিতুন কুন্ডু | পান্থপথ, ঢাকা |
| স্বোপার্জিত স্বাধীনতা | শামীম সিকদার | ঢাকা বিশ্ববিদ্যালয় (TSC) |
| ক্যাঁকটাস | হামিদুজ্জামান খান | ঢাকা বিশ্ববিদ্যালয় |

***29.*** **এক মেগাবাইট = কত বাইট?**

a) ১০২৪　　b) ২০০০
c) ১০০০০　　d) ১০২৪০　　***ans.*** **Note**

**Solution:** এক মেগাবাইট = ১০,৪৮,৫৭৬ বাইট

1 Kilo Byte (KB) = $2^{10}$ (Byte) বা 1,024 Byte.
1 Mega Byte (MB) = $2^{20}$ (Byte) বা 1,024 Kilo Byte.
1 Giga Byte (GB) = $2^{30}$ (Byte) বা 1,024 Mega Byte.
1 Tera Byte (TB) = $2^{40}$ (Byte) বা 1,024 Giga Byte.
1 Peta Byte (PB) = $2^{50}$ (Byte) বা 1,024 Tera Byte.
1 Exa Byte (EB) = $2^{60}$ (Byte) বা 1,024 Peta Byte.
1 Zetta Byte (ZB) = $2^{70}$ (Byte) বা 1,024 Exa Byte.
1 Yotta Byte (YB) = $2^{80}$ (Byte) বা 1,024 Zetta Byte.
1 Bronot Byte (BB) = $2^{90}$ (Byte) বা 1,024 Yotta Byte.
1 Geop Byte = $2^{100}$ (Byte) বা 1,024 Bronot Byte.

***30.*** **কোনো ই-মেইলে 'CC' এর অর্থ কী?**

a) Close Current　　b) Carbon Copy
c) Close Contact　　d) Close Copy　　***ans.*** **B**

**Solution:** 'CC' এর পূর্ণরূপ হলো Carbon Copy. CC এর ঘরে সে সমস্ত ঠিকানা টাইপ করতে হয় যাদের বরাবর পেরক ই-মেইল কপি পাঠাতে চায়। এখানে ই-মেইল ঠিকানাগুলো পরপর কমা দিয়ে টাইপ করতে হয়।

***31.*** **যদি $x + y = z$ হয় তবে $x$, $y$ এবং $z$ এর গড় কত?**

a) $\frac{z}{3}$　　b) $\frac{2z}{3}$
c) $\frac{z}{2}$　　d) $\frac{x+y}{2}$　　***ans.*** **B**

**Solution:** দেয়া আছে, $x + y = z$

$\therefore$ $x, y$ এবং $z$ এর গড় হলো $= \frac{x+y+z}{3} = \frac{z+z}{3} = \frac{2z}{3}$

***32.*** **একটি কোম্পানীর পুরুষ কর্মকর্তাদের ৩০% এবং মহিলা কর্মকর্তাদের ৫০% বিবাহিত। যদি ঐ কোম্পানীর মোট কর্মকর্তাদের ৪০% মহিলা হয়, তবে ঐ কোম্পানীর শতকরা কতজন কর্মকর্তা অবিবাহিত?**

a) ৩৮　　b) ৫২
c) ৫৪　　d) ৬২　　***ans.*** **D**

**Solution:** ধরি, মোট কর্মকর্তা ১০০ জন

$\therefore$ মহিলা কর্মকর্তা আছে = ১০০ × $\frac{৪০}{১০০}$ = ৪০ জন

$\therefore$ পুরুষ কর্মকর্তা আছে = ১০০ - ৪০ = ৬০ জন

বিবাহিত মহিলা কর্মকর্তা আছেন = ৪০ × $\frac{৫০}{১০০}$ = ২০ জন

$\therefore$ বিবাহিত পুরুষ কর্মকর্তা আছেন = ৬০ × $\frac{৩০}{১০০}$ = ১৮ জন

অতএব, মোট বিবাহিত কর্মকর্তা আছেন
= ২০ + ১৮ = ৩৮ জন

$\therefore$ মোট অবিবাহিত কর্মকর্তা আছেন
= ১০০ - ৩৮ = ৬২ জন

$\therefore$ শতকরা অবিবাহিত কর্মকর্তা আছেন
= $\left(\frac{৬২}{১০০} \times ১০০\right)$ % = ৬২%

***33.*** **কোনো পরীক্ষায় পরিক্ষার্থীর ৭০% গণিত এবং ৫০% বাংলায় পাশ করেছে। যদি উভয় বিষয়ে ৪০% পাশ করে থাকে তবে শতকরা কতজন উভয় বিষয়ে ফেল করেছে?**

a) ২০　　b) ২৪
c) ৩০　　d) কোনোটিই নয়　　***ans.*** **A**

**Solution:** শুধু গণিতে পাশ করে (৭০ − ৪০)% বা ৩০%
শুধু বাংলায় পাশ করে (৫০ − ৪০)% বা ১০%
যে কোনো এক বিষয়ে বা উভয় বিষয়ে মোট পাশ করে
= (৪০ + ৩০ + ১০)% = ৮০%

$\therefore$ উভয় বিষয়ে ফেল করে = (১০০ − ৮০)% = ২০%

***34.*** **অপুর পকেটে ৭টি লাল, ৩টি সবুজ এবং ৩টি কালো মার্বেল আছে। অপু পকেট থেকে কমপক্ষে কয়টি মার্বেল বের করলে প্রত্যেক রঙের অন্তত একটি করে মার্বেল থাকবে?**

a) ৭　　b) ৮
c) ৯　　d) কোনোটিই নয়　　***ans.*** **D**

**Solution:** দেয়া আছে, লাল মার্বেল আছে ৭টি
সবুজ মার্বেল আছে ৩টি
কালো মার্বেল আছে ৩টি

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

এখন, দৈবক্রমে পকেট থেকে মার্বেল বের করে নিশ্চিতভাবে প্রত্যেক রঙের অন্তত একটি মার্বেল পেতে হলে কমপক্ষে মোট মার্বেল বের করতে হবে
= ৭ + ৩ + বাকি ৩টি হতে ১টি
= ৭ + ৩ + ১ = ১১টি।

***35.*** **রুবেলের ওজন ৫৪ কেজি। তবে ছোট ভাইয়ের ওজন রুবেলের ওজনের ০.৫ গুণ এবং তার ছোট বোনের ওজন রুবেলের ওজনের চেয়ে ৩০ কেজি কম। তাদের তিনজনের মোট ওজন কত কেজি?**

a) ১০০     b) ১০৫
c) ১০৮     d) কোনোটিই নয়    ***ans.* B**

***Solution:*** দেয়া আছে, রুবেলের ওজন = ৫৪ কেজি
ছোট ভাইয়ের ওজন = ৫৪ × ০.৫ = ২৭ কেজি
∴ ছোট বোনের ওজন = ৫৪ - ৩০ = ২৪ কেজি
অতএব, ৩ জনের মোট ওজন = ৫৪ + ২৭ + ২৪
= ১০৫ কেজি

***36.*** **একটি ট্রেন ৭২ কিলোমিটার গতিতে একটি সেতু ১ মিনিটে পার হলো। ট্রেনের দৈর্ঘ্য ৭০০ মিটার হলে সেতুটির দৈর্ঘ্য কত মিটার?**

a) ৫০০     b) ৬০০
c) ৭২০     d) ১,২০০    ***ans.* A**

***Solution:*** ট্রেনের গতি ৭২*kmph* অর্থ হলো
৬০ মিনিটে ট্রেনটি যায় = ৭২,০০০ মিটার
∴ ১ মিনিটে ট্রেনটি যায় = $\frac{৭২০০০}{৬০}$ = ১,২০০ মিটার
অতএব, সেতুটির দৈর্ঘ্য = ১,২০০ - ৭০০ = ৫০০ মিঃ

***37.*** **যদি ১২ ফুট দীর্ঘ এবং ৯ ফুট প্রস্থ একটি কার্পেট দিয়ে একটি রুমের মেঝের ৬০% জায়গা ঢেকে দেয়া যায়, তবে ঐ মেঝের ক্ষেত্রফল কত বর্গফুট?**

a) ১০৮     b) ১২০
c) ১৮০     d) কোনোটিই নয়    ***ans.* C**

***Solution:*** এখানে, কার্পেটের ক্ষেত্রফল = ১২ × ৯ = ১০৮ বর্গফুট
এখন, মেঝের ৬০% = ১০৮ বর্গফুট
∴ মেঝের ১০০% = $\frac{১০৮ \times ১০০}{৬০}$ = ১৮০ বর্গফুট

***38.*** **যদি দুটি সংখ্যার অনুপাত ৮ ঃ ৫ হয়, তবে নীচের কোন সংখ্যাটি ঐ দুটি সংখ্যার যোগফল হতে পারবে না?**

a) ৫২     b) ১০৫
c) ১৪৩     d) কোনোটিই নয়    ***ans.* B**

***Solution:*** দুটি সংখ্যার অনুপত = ৮ ঃ ৫
অনুপাত দুটির যোগফল = ৮ + ৫ = ১৩
এখানে, ১৩ সংখ্যাটি দ্বারা ৫২ ও ১৪৩ নিঃশেষে বিভাজ্য হলেও ১০৫ সংখ্যাটি ১৩ দ্বারা নিঃশেষে বিভাজ্য নয়।
কাজেই সংখ্যা দুটির যোগফল ১০৫ হতে পারে না।

***39.*** **পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের দ্বিগুণ অপেক্ষা ২ বছর বেশি। ৫ বছর পর পিতা এবং পুত্রের বয়সের সমষ্টি ১০২ বছর হলে পুত্রের বর্তমান বয়স কত বছর?**

a) ৩০     b) ৩৫
c) ৪০     d) কোনোটিই নয়    ***ans.* A**

***Solution:*** ধরি, পুত্রের বর্তমান বয়স $x$ বছর
এবং পিতার বর্তমান বয়স ($২x$ + ২) বছর
এখন, ৫ বছর পর পুত্রের বয়স হবে = ($x$ + ৫) বছর
∴ ৫ বছর পর পিতার বয়স হবে = ($২x$ + ২ + ৫) বছর
প্রশ্নমতে, $২x$ + ২ + ৫ + $x$ + ৫ = ১০২
⇒ $৩x$ + ১২ = ১০২
⇒ $৩x$ = ১০২ - ১২ = ৯০
∴ $x$ = $\frac{৯০}{৩}$ = ৩০ বছর
অর্থাৎ পুত্রের বর্তমান বয়স হবে ৩০ বছর।

***40.*** **ফেব্রুয়ারিতে একটি পণ্যের মূল্য জানুয়ারির মূল্যের চেয়ে ২০% বাড়ানো হলো। মার্চে ঐ পণ্যের মূল্য ফেব্রুয়ারির মূল্যের চেয়ে আরো ১৫% বাড়ানো হলো। মার্চে ঐ পণ্যের মূল্য জানুয়ারির মূল্যের তুলনায় শতকরা কত বৃদ্ধি পেলো?**

a) ৩৫%     b) ৩৮%
c) ৪২%     d) ৪৫%    ***ans.* B**

***Solution:*** ধরি, জানুয়ারিতে পণ্যের মূল্য ছিল ১০০ টাকা
∴ ফেব্রুয়ারিতে পণ্যের মূল্য ছিল
= ১০০ + ১০০ এর ২০%
= ১০০ + ২০ = ১২০ টাকা
∴ মার্চে পণ্যের মূল্য ছিল = ১২০ + ১২০ এর ১৫%
= ১২০ + ১৮ = ১৩৮ টাকা
∴ জানুয়ারির তুলনায় মূল্য গড়ে বাড়ে
= ১৩৮ - ১০০ = ৩৮ টাকা
অর্থাৎ শতকরা মূল্য বাড়ে = $\left(\frac{৩৮}{১০০} \times ১০০\right)\%$ = ৩৮%

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট

**পদের নামঃ সহকারী পরিচালক**

তারিখঃ ১৮.১২.২০২০; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমাণঃ ১০০

***01.*** **কোন বানানটি শুদ্ধ?**

a) কুজ্ঝটিকা　　b) কুজ্জটিকা
c) কুজ্ঝ্টিকা　　d) কুজ্ঝটীকা　　***ans.* A**

**Solution:** শুদ্ধ বানান 'কুজ্ঝটিকা' আর এর অর্থ 'কুয়াশা'। উল্লেখ্য 'কুজ্ঝটিকা' এর সন্ধিবিচ্ছেদ 'কুৎ + ঝটিকা' = কুজ্ঝটিকা।

***02.*** **'যুগসন্ধিকালের কবি' বলা হয় কাকে?**

a) ঈশ্বরচন্দ্র গুপ্ত　　b) ফররুখ আহমেদ
c) সত্যেন্দ্রনাথ দত্ত　　d) কায়কোবাদ　　***ans.* A**

**Solution:** ১৭৬০ থেকে ১৮৬০ পর্যন্ত সময়কালকে যুগসন্ধিকাল বলা হয়। মধ্যযুগের শেষ প্রতিনিধি ভারতচন্দ্র এবং আধুনিক যুগের প্রথম পুরুষ মাইকেল মধুসূদন এই দুই জনের মধ্যবর্তীকালে ঈশ্বরচন্দ্রগুপ্তের আবির্ভাব। এজন্য তাকে যুগসন্ধির কবি বলা হয়।

***03.*** **'কাজটা ভালো দেখায় না' এটি কোন বাচ্যের উদাহরণ?**

a) কর্মকর্তৃবাচ্য　　b) কর্তৃবাচ্য
c) ভাববাচ্য　　d) কর্মবাচ্য　　***ans.* A**

**Solution:** যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্যের বাক্য বলা হয়। যেমনঃ কাজটা ভালো দেখায় না। সুতি কাপড় অনেক দিন টেকে।

***04.*** **নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়?**

a) ছাপা + খানা　　b) [illegible] + অক
c) রাঁধ + উনি　　d) কাঁদ + না　　***ans.* A**

**Solution:** ছাপা + খানা = ছাপাখানা হলো বিদেশি তদ্ধিত প্রত্যয়। উল্লেখ্য, শব্দের সঙ্গে যেসব বিদেশি প্রত্যয় যুক্ত হয় সেগুলোকে বিদেশি তদ্ধিত প্রত্যয় বলে। যেমনঃ

| নাম | বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|
| - খানা | স্থান বা দোকান অর্থে বিশেষ্য শব্দ গঠন করে | ছাপা + খানা = ছাপাখানা; চিড়িয়া + খানা = চিড়িয়াখানা; বৈঠক + খানা = বৈঠকখানা |

***05.*** **'প্রদীপ নিভে গেল' বাক্যটি কোন কালের?**

a) নিত্যবৃত্ত অতীত　　b) সাধারণ অতীত
c) পুরাঘটিত অতীত　　d) ঘটমান অতীত　　***ans.* B**

**Solution:** বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমনঃ শিকারি পাখিটিকে গুলি করল।

***06.*** **মৌলিক শব্দ কোনটি?**

a) গোলাপ　　b) শীতল
c) নেয়ে　　d) গৌরব　　***ans.* A**

**Solution:** যে সকল শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমনঃ গোলাপ, নাক, লাল, তিন ইত্যাদি।

***07.*** **'সর্বাঙ্গে ব্যাথা, ঔষধ দিব কোথা' এই বাক্যে 'ঔষধ' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?**

a) কর্মকারকে শূন্য　　b) সম্প্রদানে সপ্তমী
c) অধিকরণে শূন্য　　d) কর্তৃকারকে শূন্য　　***ans.* A**

**Solution:** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। কর্মে শূন্য বিভক্তির উদাহরণ হলোঃ ডাক্তার ডাক। আমাকে একটা বই দাও।

***08.*** **খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট পদ কোনটি?**

a) আঁকাড়া　　b) অবেলা
c) অপমান　　d) অতিশয়　　***ans.* A**

**Solution:** খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট পদ 'আঁকাড়া'।

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| আ | অভাব<br>বাজে, নিকৃষ্ট | আকাঁড়া, আধোয়া, [illegible]<br>আকাঠা, আগাছা |

***09.*** **কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত?**

a) তোমার পরিশ্রমের ফল ফলেছে।
b) মাথা ঝিমঝিম করছে।
c) শিশুটি কাঁদে।
d) মা শিশুটিকে হাসান।　　***ans.* D**

**Solution:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। (সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়)। প্রযোজক ক্রিয়ার গঠনঃ প্রযোজক ক্রিয়ার ধাতু = মূল ক্রিয়ার ধাতু + আ। যেমনঃ মূল ধাতু √হাস্ + আ = হাসা (প্রযোজক ক্রিয়ার ধাতু)। হাসা + চ্ছেন বিভক্তি = হাসাচ্ছেন (প্রযোজক ক্রিয়া)।

***10.*** **Javed truly wanted to serve in the position no one else wanted; his enthusiasm was ____.**

a) counterfeit　　b) negated
c) convoluted　　d) sincere　　***ans.* D**

**Solution:** যেহেতু জাভেদ আসলেই তার অবস্থানে কাজ করতে চেয়েছিল কাজেই ধরেই নেয়া যায় যে তার কাজের ব্যাপারে খুবই আন্তরিক ছিল। আর Counterfeit অর্থ নকল করা; ভান করা। Negate অর্থ অস্বীকার/ অপলাপ করা; বাতিল করা। Convoluted অর্থ জটপাকানো; মোচড়ানো। Sincere অর্থ আন্তরিক। Enthusiasm অর্থ প্রবল উৎসাহ।

**বাক্যের অর্থঃ** কেউ না চাইলেও জাভেদ আসলেই তার অবস্থানে কাজ করতে চেয়েছিল।

***11.*** **As the day wore on with little progress in evidence, Jenny's energy began to ____.**

a) dissemble　　b) wane
c) proliferate　　d) mitigate　　***ans.* B**

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** Wane শব্দটি সাধারণত Value, power, energy, intensity ইত্যাদি হ্রাস পাওয়া বা কমে যাওয়া অর্থে ব্যবহৃত হয়। অন্যদিকে Mitigate শব্দটি তীব্রতা, প্রচণ্ডতা বা বেদনা হ্রাস করা অর্থে ব্যবহৃত হয়। তবে প্রদত্ত বাক্যে Jenny's energy হ্রাস পেতে শুরু করা অর্থে Wane শব্দটিই বেশি প্রাসঙ্গিক। কিন্তু, Dissemble অর্থ প্রতারণা করা। Proliferate অর্থ দ্রুত বংশবিস্তার করা।

**বাক্যের অর্থঃ** দিনের আলো ক্রমশ প্রকাশিত হবার সাথে সাথে জেনির শক্তি কমাতে লাগলো।

***12.*** **After a month of survival training in the wilderness, the scouts became quite ____.**

a) lucid b) putrefied
c) alert d) odious ***ans.* C**

**Solution:** উষর প্রান্তে একমাস টিকে থাকার ট্রেনিং সমাপ্তের পর স্কাউট দল কেমন হবে। উত্তর খুবই সোজা, যে তারা সতর্ক; হুশিয়ার বা সজাগ হবে যার Synonym হলো Alert. কিন্তু, Lucid অর্থ স্পষ্ট; সহজবোধ্য। Putrefied অর্থ নিঃশেষিত; পঁচে গিয়েছে এমন। Odious অর্থ ঘৃণ্য।

**বাক্যের অর্থঃ** উষার প্রান্তরে একমাসের ট্রেনিং সমাপ্ত হওয়ার পর স্কাউট দলটি খুব হুঁশিয়ার হয়ে গিয়েছিলো।

***13.*** **Being able to afford this luxury car will ____ getting a better paying job.**

a) maximize b) recombinant
c) necessitate d) reiterate ***ans.* C**

**Solution:** একটি ভালো চাকরি প্রাপ্তি একটি বিলাসবহুল গাড়ির সামর্থ্যকে প্রয়োজনীয় করে তোলে। এখানে এই প্রয়োজনীয় করে তোলা অর্থে Necessitate বসবে। এখানে, Maximize অর্থ সর্বোচ্চ পরিমাণে বাড়ানো। Recombinant অর্থ জোড়া করা। Reiterate অর্থ পুনরাবৃত্তি করা।

**বাক্যের অর্থঃ** একটি ভালো বেতনের চাকরি প্রাপ্তি বিলাসবহুল গাড়ির পরিচালনার সামর্থ্যকে আবশ্যক করে তোলে।

***14.*** **He will be arriving quite late, so by the time he comes, the play ____?**

a) would have begun b) would begun
c) will have begun d) will begun ***ans.* C**

**Solution:** **বাক্যের অর্থঃ** সে পৌঁছাতে কিছুটা দেরি করবে, তাই এই সময়ের মধ্যে খেলাটা শুরু হয়ে থাকবে।

***15.*** **The antonym of COERCIVE is:**

a) Progressive b) Opinionated
c) Promoting d) Gentle ***ans.* D**

**Solution:** Coercive অর্থ দমনমূলক। Gentle অর্থ অমায়িক; নম্র; শান্ত। কিন্তু, Progressive অর্থ অগ্রগতিশীল; প্রক্রমমান। Opinionated অর্থ একগুঁয়ে; নিজের মতামতে অনড়। Promoting অর্থ উন্নীত করা; বর্ধিত করা।

***16.*** **Synonym of ALTRUISTIC**

a) Benevolent b) Progressive
c) Inhumane d) Selfish ***ans.* A**

**Solution:** Altruistic অর্থ পরার্থসম্মত। Benevolent অর্থ দয়ালু; সদাশয়। Progressive অর্থ অগ্রগতিশীল; প্রক্রমমান। Inhumane অর্থ অমানবিক; নিষ্ঠুর। Selfish অর্থ স্বার্থপর।

***17.*** **Select the correct spelling of the word**

a) Acquainttance b) Acquaintance
c) Acqquaintance d) Accquaintance
***ans.* B**

**Solution:** Acquaintance অর্থ অভিজ্ঞতালব্ধ জ্ঞান বা তথ্য।

***18.*** **Choose the correct pair of words from the following SYMPHONY : COMPOSER ::**

a) Leonardo : Music
b) Fresco : Painter
c) Colours : Pallet
d) Art : Appreciation ***ans.* B**

**Solution:** Symphony অর্থ ঐকতানসঙ্গীত। Composer অর্থ কোন কিছুর রচনাকারী। Leonardo অর্থ একজন ব্যক্তির নাম যিনি চিত্রশিল্পী ছিলেন। Music অর্থ সঙ্গীত; গীতবাদ্য। Fresco অর্থ প্রাচীরচিত্র। Painter অর্থ চিত্রশিল্পী; চিত্রকর। Colour অর্থ বর্ণ; রং। Pallet অর্থ খড়ের গদি। Art অর্থ শিল্প বিদ্যা। Appreciation অর্থ গুণের যথাযথ মূল্যায়ন।

Symphony নিয়ে কাজ করেন Composer. আর Fresco নিয়ে কাজ করেন Painter.

***19.*** **In the coordinate plane, line *m* passes through the origin and has slope of 3. If points (6, *y*) and (*x*, 12) are on line *m*, then $y - x =$**

a) 14 b) 18
c) 22 d) 26 ***ans.* A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি সমতল স্থানাঙ্কে $m$ রেখাটি মূলবিন্দুগামী যার ঢাল 3. এখন ঐ রেখার দুটি বিন্দু $(6, y)$ এবং $(x, 12)$ হলে $y - x$ =?

আমরা জানি, মূলবিন্দুগামী রেখার সমীকরণ $y = mx$

এখানে, ঢাল $m = 3$

$\therefore$ $y = 3x$ .................. $(i)$

এখন $(6, y)$ বিন্দুর জন্য $(i)$ নং হতে পাই,

$y = 3x$

$\therefore$ $y = 3 \times 6 = 18$ [$\because$ ভূজ = 6]



Recent Publications
আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

আবার, $(x, 12)$ বিন্দুর জন্য $(i)$ নং হতে পাই,

$y = 3x$

$\Rightarrow$ $12 = 3x$ $[\because$ কোটি $= 12]$

$\therefore$ $x = \frac{12}{3} = 4$

অতএব, $y - x = 18 - 4 = 14$

***20.*** **A swimming pool is initially filled to a depth of 96 inches. After 2 weeks, the depth has decreased to $92\frac{1}{2}$ inches. Assuming that the depth decreased at a constant rate, after how many days would the water depth have reached $93\frac{3}{4}$ inches?**

a) 3 b) 9

c) 7 d) 6 ***ans.*** **B**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, প্রাথমিকভাবে একটি সুইমিংপুলের 96 ইঞ্চি পূর্ণ আছে। ২ সপ্তাহ পর পুলের গভীরতা কমে $92\frac{1}{2}$ ইঞ্চি হলো। এই গভীরতা কমার হার একই হলে কতদিন পরে পুলের পানির গভীরতা $93\frac{3}{4}$ ইঞ্চি হবে?

2 সপ্তাহ বা 14 দিনে গভীরতা কমে

$= 96 - 92\frac{1}{2} = 3\frac{1}{2}$ ইঞ্চি

এখন, 14 দিনে পুলের গভীরতা কমে $= 3\frac{1}{2}$ ইঞ্চি

$\therefore$ 1 দিনে পুলের গভীরতা কমে $= \frac{3\frac{1}{2}}{14}$ ইঞ্চি 0.25 ইঞ্চি বা $\frac{1}{4}$ ইঞ্চি

এখন, পুলের গভীরতা কমে হবে $= 96 - 93\frac{3}{4} = \frac{9}{4}$ ইঞ্চি

সুইমিংপুলের গভীরতা $\frac{1}{4}$ ইঞ্চি কমে $= 1$ দিনে

$\therefore$ সুইমিংপুলের গভীরতা $\frac{9}{4}$ ইঞ্চি কমে $= \frac{9 \times 4}{4} = 9$ দিনে

অর্থাৎ সুইমিংপুলের গভীরতা 9 দিন পর $93\frac{3}{4}$ ইঞ্চি হবে।


***21.*** **A delivery car went from Candleford to Lark Rise and back at an average speed of $\frac{2}{3}$ miles per hour. If the distance from Candleford to Lark Rise is 1 mile, and the trip back took half as much time as the trip there, what was the average speed of the delivery car on the way to Lark Rise?**

a) $\frac{1}{3}$ b) $\frac{3}{4}$

c) $\frac{1}{2}$ d) $\frac{2}{3}$ ***ans.*** **C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, একটি গাড়ি ক্যান্ডেলফোর্ড থেকে লার্ক রাইজে যেয়ে পুনরায় ক্যান্ডেলফোর্ডে ফিরে আসে। এসময় গড় বেগ ছিল $\frac{2}{3}\,mph.$ ক্যান্ডেলফোর্ড হতে লার্ক রাইজের দূরত্ব 1 মাইল এবং গাড়িটি যে সময়ে লার্ক রাইজে গিয়েছিল তার অর্ধেক সময়ে ক্যান্ডেলফোর্ডে ফিরে এলে লার্ক রাইজে যাবার সময় গড় বেগ কত ছিল?

প্রশ্নানুযায়ী প্রথমেই একটি চিত্র আঁকিঃ




ফিরে আসার গড় বেগ ছিল $\frac{2}{3}\,mph.$ যার অর্থ 2 মাইল অতিক্রম করে 3 ঘণ্টায়।

এখন ধরি, লার্ক রাইজে যেতে সময় লাগে 2 ঘণ্টা।

$\therefore$ ফিরে আসতে সময় লেগেছিল 1 ঘণ্টা

অর্থাৎ গাড়িটি 1 মাইল দূরত্ব যেতে 2 ঘণ্টা সময় নিয়েছিল

$\therefore$ নির্ণেয় বেগ $= \frac{1}{2}\,mph.$

***22.*** **The average of several exam scores is 80. One make-up exam was given. Included with the other scores, the new average was 84. If the score on the make-up exam was 92, how many total exams were given?**

a) 3 b) 2

c) 4 d) 5 ***ans.*** **A**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, কয়েকটি পরীক্ষার গড় স্কোর হলো 80. একটি ক্ষতিপূরণমূলক (Make-up) পরীক্ষা নেয়া হয়েছিল। নতুন গড় স্কোর 84 হলো। ক্ষতিপূরণ মূলক পরীক্ষার গড় 92 হলে মোট কতগুলো পরীক্ষা নেয়া হয়েছিল?

ধরি, পরীক্ষা নেয়া হয়েছিল $x$টি (Make-up পরীক্ষা বাদে)

প্রশ্নমতে, $80x + 92 = 84(x + 1)$

$\Rightarrow$ $80x + 92 = 84x + 84$

$\Rightarrow$ $4x = 8$

$\therefore$ $x = \frac{8}{4} = 2$

অতএব, Make-up পরীক্ষাসহ মোট পরীক্ষা হয়েছিল

$= 2 + 1 = 3$টি

***23.*** $\boldsymbol{h = 3a + 28.6}$

**A pediatrician uses the model above to estimate the height *h* of a boy, in inches, in terms of the boy's age a, in years, between the ages of 2 and 5. Based on the model, what is the estimated increase, in inches, of a boy's height each year?**

a) 7.5 b) 10

c) 3 d) 5 ***ans.*** **C**



Recent Publications

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, প্রথমেই একটি সমীকরণ দেয়া আছে। এরপর বলা হচ্ছে, একজন শিশুরোগ বিশেষজ্ঞ 2 থেকে 5 বছরের শিশুদের বয়স বছরে অনুমান করার জন্য $h = 3a + 28.6$ সমীকরণ ব্যবহার করেন যেখানে $h$ হলো উচ্চতা। প্রতি বছর বালকদের উচ্চতার আনুমানিক বৃদ্ধি কত হতে পারে?

দেয়া আছে, $h = 3a + 28.6$

উপরের সমীকরণটিতে $h$ বের করতে বলা হয়েছে। আর এখানে 28.6 এবং 3 হলো ধ্রুবক আর $a$ হলো চলক।

আর উচ্চতা বৃদ্ধি চলকের উপর নির্ভর করলেও তা মূলত 3 এর সাথে সাথে বাড়বে। কাজেই বলা যায়, আনুমানিক উচ্চতা বৃদ্ধি পাবে 3 ইঞ্চি করে। তাই সঠিক উত্তর $c$).

**Alternative:** দেয়া আছে, $h = 3a + 28.6$

$a = 2$ হলে $h_1 = (3 \times 2) + 28.6 = 6 + 28.6$

আবার, $a = 3$ হলে $h_2 = (3 \times 3) + 28.6 = 9 + 28.6$

$\therefore$ বৃদ্ধিপাবে $= 9 + 28.6 - 6 - 28.6 = 3$ ইঞ্চি।

***24.*** **A television with a price of $300 is to be purchased with an initial payment of $60 and weekly payments of $30. Which of the following equations can be used to find the number of weekly payments, required to complete the purchase, assuming there are no taxes of free?**

a) $300 = 30w - 60$  b) $300 = 60w - 30$
c) $300 = 30w + 60$  d) $300 = 30w$  ***ans.* C**

**Solution:** প্রশ্নে বলা হচ্ছে, $300 মূল্যের একটি টিভি প্রথমেই $60 দিয়ে সপ্তাহ ভিত্তিতে $30 করে দিয়ে কিনতে হবে। টিভি ক্রয় করতে এবং সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে নিচের কোন সমীকরণটি নির্দেশ করা যেতে পারে?

ধরি, টিভির ক্রয় $w$ সপ্তাহ পর শেষ হবে।

$\therefore$ এই $w$ সপ্তাহ পরে পরিশোধ হবে

$= w \times 1 = w \times 30 = 30w$

এখানে, টিভির বিক্রয়মূল্য

= প্রাথমিক পরিশোধ + $w$ সপ্তাহের পরিশোধ।

$\therefore$ $300 = 60 + 30w$

***25.*** **Which country has the highest energy consumption per capita in the world?**

a) USA  b) Iceland
c) Saudi Arabia  d) UK  ***ans.* B**

**Solution:** ইউরোপের দেশ Iceland এ মাথাপিছু শক্তির ব্যবহারের পরিমাণ হলো ১৮,৭৭৪ কেজি। যা পৃথিবীর মধ্যে সর্বোচ্চ।

***26.*** **Which of the following is not considered to be a source of renewable energy?**

a) Hydropower  b) Wind
c) Natural Gas  d) Solar  ***ans.* C**

**Solution:** যে শক্তি ব্যবহারে পুনঃব্যবহারের কোন সুযোগ থাকে না তাকে অনবায়নযোগ্য শক্তি বলে। এই শক্তি ব্যবহারে বিভিন্ন ক্ষতিকর পদার্থ যেমনঃ কার্বন-ডাই-অক্সাইড, কার্বন মনোক্সাইড ইত্যাদি উৎপন্ন হয়ে বাতাসে মিশে যায়। আর অনবায়নযোগ্য শক্তির উৎসগুলোঃ কয়লা, তেল, প্রাকৃতিক গ্যাস ইত্যাদি।

***27.*** **Who is the author of the book Principia Mathematica?**

a) Issac Newton  b) Albert Einstein
c) Copermicus  d) Galileo  ***ans.* A**

**Solution:** ১৬৮৬ সালে বিখ্যাত বিজ্ঞানী স্যার আইজ্যাক নিউটন তাঁর অমর গ্রন্থ 'ফিলোসোফিয়া ন্যাচারলিস প্রিন্সিপিয়া ম্যাথমেটিকা'।

***28.*** **Who has won the US Open 2020 men's singles title?**

a) Roger Federrer  b) Dominic Thiem
c) Novak Djokovic  d) Rafel Nadal  ***ans.* B**

**Solution:** US Open 2020 এর পুরুষদের একক খেলায় চ্যাম্পিয়ন হন Dominic Thiem. ১৪০তম এই আসরটি অনুষ্ঠিত হয় ৩১ আগস্ট ২০২০ থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত।

***29.*** **Who won the Nobel Prize 2020 in literature?**

a) Louise Gluck  b) Kazuo Ishiguro
c) Olga Tokarczuk  d) Peter Handke  ***ans.* A**

**Solution:** কাব্যিক কণ্ঠ যা নিরলস সৌন্দর্য স্বতন্ত্র অস্তিত্বকে সর্বজনীন করে তোলে এই জন্য ২০২০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের নাগরিক Louise Gluck. উল্লেখ্য, ১৯৯৩ সালে কবি লুইস গ্লুক 'The Wild Iris' গ্রন্থের জন্য পলিৎজার পুরস্কার পান। আর ১৯৯১ সালে সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার পান সুলি প্রুদোম।

***30.*** **What is the name of the currency of Latvia?**

a) Lira  b) Euro
c) Dollar  d) Pound  ***ans.* B**

**Solution:** Latvia এর মুদ্রার নাম ইউরো। আর এর রাজধানীর নাম রিগা। এটি উত্তর-পূর্ব ইউরোপের একটি দেশ।

Recent Publications



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com